মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় মন্ত্রণালয়/বিভাগের আওতায় ২০১৩-১৪ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পর ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএ ফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	১৪	১৩	০১	-	৭টি	১২টি	১০% হতে ৬৬%	৮টি	১০% হতে ১০৩%

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা : ১৪টি

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ : প্রকল্প এলাকা সম্প্রসারণ, নতুন অংগ অর্ন্তভূক্তি, অংগের পরিমাণ ও ব্যয় বৃদ্ধি। কাজ অসম্পূন্ন হওয়ায় এনজিও নিয়োগে বিলম্ব, ঋণ বিতরণ সম্পন্ন না হওয়া, পুনঃখননযোগ্য জলাশয়ের তালিকা পরিবর্তন ইত্যাদি কারণে সমাপ্ত প্রকল্প বাস্তবায়ন সময় ও ব্যয় বৃদ্ধি পেয়েছে।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ :

সমস্যা	সুপারিশ
৩.১ প্রকল্পের আওতায় স্থাপিত হ্যাচারি ইউনিটগুলো মেরামত ও সংরক্ষণ বাবদ প্রয়োজনীয় অর্থ বরাদ্দ না থাকায় এ গুলির ব্যবস্থাপনায় সমস্যা হচ্ছে;	৩.১ মৎস্য অধিদপ্তরের রাজস্ব বাজেটের আওতায় হ্যাচারিগুলো ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা এবং তত্ত্বাবধানের জন্য জনবলের সংস্থান করা যেতে পারে;
৩.২ এক্সটার্নাল অডিটে উত্থাপিত আপত্তি সমূহের বিষয়ে ব্রডসিটে জবাব প্রদান করা হলেও তা এখনো নিস্পত্তি হয়নি:	৩.২ অডিট আপত্তি নিস্পত্তি করে এ বিভাগকে অবহিত করতে হবে;
৩.৩ ঘনঘন প্রকল্প পরিচালক পরিবর্তনের ফলে প্রকল্পের বাস্তবায়ন বিলম্বিত এবং কাংখিত উদ্দেশ্য অর্জনে বিঘ্ন ঘটার সম্ভাবনা থাকে।	৩.৩ প্রকল্প পরিচালক পরিবর্তনের ক্ষেত্রে বিদ্যমান পরিপত্র অনুযায়ী ব্যবস্থা নেয়া প্রয়োজন। বিশেষতঃ যে সকল কর্মকর্তা মূল দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসাবে প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করে থাকেন, প্রকল্প বাস্তবায়নের বিষয়টিকে গুরুত্ব দিয়ে তাদের বদলীর বিষয়ে সিদ্ধান্ত নেয়া সমীচীন হবে;
৩.৪ মৎস্য অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্প হতে জেলা ও উপজেলা অফিস সমূহে আসবাবপত্র, যন্ত্রপাতি ও যানবাহন সরবরাহ করা হয় । ফলে একই এলাকার জন্য গৃহীত বিভিন্ন প্রকল্পে ক্রয়কার্যক্রমে দ্বৈততা ঘটার সম্ভবনা থাকে। ইনভেনটরি ব্যবস্থাপনা ছাড়া এ গুলোর যথাযথ হিসাব সংরক্ষণ ও সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করা সম্ভব ।	৩.৪ বিভিন্ন প্রকল্পের ক্রয়কার্যক্রমে দ্বৈততা পরিহার, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং ক্রয়কৃত সামগ্রির সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে যথাযথ ইনভেনটরি ব্যবস্থাপনা ও ইনভেনটরি মার্কিং এর উদ্যেগ গ্রহণ করতে হবে;

সমস্যা	সুপারিশ
৩.৫ মৎস্য অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্প হতে মৎস্য জীবিদের প্রশিক্ষণ ও মাছ চাষ এবং মাছ ধরার উপকরণ বিতরণ করা হয়। কিন্তু এ বিষয়ে কোন ডাটা বেইজ না থাকায় সকলের জন্য সমান সুযোগ নিশ্চিত করা সম্ভব হয় না।	৩.৫ বিভিন্ন প্রকল্পের আওতায় বাস্তবানাধীন কার্যক্রমে প্রকল্পভুক্ত এলাকার প্রকৃত মৎস্যজীবিদের সমান সুযোগ নিশ্চিত করার লক্ষ্যে একটি ডাটা বেইজ প্রণয়ন করার বিষয়টি মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় গুরুত্বসহকারে বিবেচনা করতে পারে। এছাড়া, প্রশিক্ষণ গ্রহণকারীদের ফলো-আপের জন্য Participant List-এ মোবাইল ও জাতীয় পরিচয়পত্রের নম্বর অন্তর্ভূক্ত করা যেতে পারে;
৩.৬। পরিদর্শনকালে দেখা যায়, অভয়াশ্রমগুলো নির্মাণে ব্যবহৃত বাঁশ, গাছের ডাল পঁচে গিয়েছে এ গুলো অবিলম্বে সংস্কার করা প্রয়োজন অন্যথায় এর অস্তিত্ব হারিয়ে যাবে;	৩.৬ অভয়াশ্রম সংরক্ষণ ও ব্যবস্থাপনার জন্য রাজস্ব বাজেটের আওতায় প্রয়োজনীয় অর্থ বরাদ্দ রাখার বিষয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়কে উদ্যোগী হতে হবে; এবং
৩.৭ মৎস্য অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্প হতে মৎস্য বীজ উৎপাদন খামার সমূহের উন্নয়ন, জেলা ও উপজেলা অফিস সমূহে আসবাবপত্র, যন্ত্রপাতি ও যানবাহন সরবরাহ, জলাশয় ও খাল খনন/পুনঃখনন করা হয় । ফলে একই এলাকার জন্য গৃহীত বিভিন্ন প্রকল্পের কার্যক্রমে দ্বৈততা ঘটার সম্ভবনা থাকে।	৩.৭ বিভিন্ন প্রকল্পে একই ধরণের কার্যক্রমের দ্বৈততা পরিহার করার লক্ষ্যে কার্যক্রম ভিত্তিক সংশ্লিষ্ট উপজেলা সমূহে Mapping করা যেতে পারে। নতুন পুকুর খনন এবং হাজামজা পুকুর সংস্কার করে মৎস্য চাষ সম্প্রসারণের ক্ষেত্রে পূর্বের অবস্থা ও পরবর্তী অবস্থার স্থির চিত্র সংরক্ষণ করতে হবে।

''হালদা নদীর প্রাকৃতিক মৎস্য প্রজনন ক্ষেত্র পুনরুদ্ধার প্রকল্প''
প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্তঃ জুন, ২০১৪)

১। বাস্তবায়নকারী সংস্থা : মৎস্য অধিদপ্তর

২। প্রশাসনিক মন্ত্রণালয় : মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

৩। প্রকল্পের অবস্থান : চট্টগ্রাম জেলার রাউজান, ফটিকছড়ি, হাটহাজারী, বোয়ালখালী, পটিয়া, রাংগুনিয়া উপজেলা ও মেট্রোপলিটন থানা চাঁন্দগাঁও এলাকায়।

৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৩৮৪.১৫	১৩২১.৩২	১২০৩.৯৫	জুলাই, ২০০৭ হতে জুন, ২০১২	জুলাই, ২০০৭ হতে জুন, ২০১৪	জুলাই, ২০০৭ হতে জুন, ২০১৪	-	২ বছর (৪০%)

৫। **প্রকল্পের অর্থায়ন** : প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।

৬। **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি** : পরিশিষ্ট "ক" সংযুক্ত।

৭। **কাজ অসম্পূর্ণ থাকলে তার কারণ** : প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) পরীক্ষা, সরেজমিনে পরিদর্শন ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা করে জানা যায়, ডিপিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কাজ সমাপ্ত হয়েছে।

৮। **প্রকল্পের পটভূমি, উদ্দেশ্যে ও মূল কার্যক্রম :**

৮.১ পাবর্ত্যজেলা খাগড়াছড়ি ও রামপাড়া উপজেলার সীমান্তে বাটনাতলী ইউনিয়নের শালদা গ্রামের টিলাভূমি বিধৌত শালদা নামের স্বচ্ছ জলধারা (ছড়া) এবং আরো বহু ছোট ছোট ছড়া একত্রিত হয়ে হালদা খাল নাম ধারণ করে মানিকছড়ি হতে ফটিকছড়িতে প্রবেশ করেছে। হালদা খাল ও লক্ষীছড়ি হতে নেমে আসা ধবং খাল ফটিকছড়ির বারমাসিয়া ও সুন্দরপুর গ্রামের মধ্যস্থলে মিলিত হয়ে রূপান্তরিত হয়েছে হালদা নদীতে। এ হালদা নদী হাটহাজারী ও রাউজান উপজেলার মধ্য দিয়ে প্রবাহিত হয়ে চাঁন্দগাঁও থানাধীন মোহরার নিকট কর্ণফুলীর সহিত মিলিত হয়েছে।

বহুকাল ধরে চট্রগ্রামের হালদা নদী বাংলাদেশের কার্প জাতীয় মাছের প্রাকৃতিক প্রজনন ক্ষেত্র হিসেবে ব্যবহৃত হচ্ছে। এটি বাংলাদেশের সবচেয়ে বড় প্রাকৃতিক মৎস্য প্রজনন ক্ষেত্র। ১৯৭০ সাল পর্যন্ত দেশের দুই-তৃতীয়াংশ কার্প জাতীয় মাছের পোনা এ হালদা নদী থেকে সরবরাহ হত। ১৯৮০ সাল থেকে হ্যাচারিতে উৎপন্ন ডিমই আমাদের মাছ চাষের পোনার প্রধান উৎস। কিন্তু ইনব্রিডিং এর কারণে হ্যাচারিতে উৎপাদিত পোনা সমূহের বৃদ্ধির হার কম এবং বিভিন্ন ধরণের বিকলাঙ্গতার হার বেশী। এ কারণেই মৎস্য চাষীরা পুনরায় হালদা নদী থেকে পোনা সংগ্রহে উদ্বুদ্ধ হচ্ছে। অতিরিক্ত আহরণ এবং অন্যান্য প্রাকৃতিক কারণে এ নদীর পোনা উৎপাদন ক্ষমতা দিন দিন কমে যাচ্ছে। অন্যদিকে সনাতন পদ্ধতিতে হ্যাচিং এর ক্ষেত্রে হ্যাচিং রেট খুব কম(৫০% এ নীচে) । যদি উন্নত পদ্ধতি ব্যবহৃত হয় তবে রেণু পোনার মৃত্যুর হার অনেকাংশে কমানো সম্ভব । সুতরাং কিছু ভৌত ও জৈব পদক্ষেপ গ্রহণের মাধ্যমে হালদা নদীর জিন ব্যাংক পুনরুদ্ধার করা অত্যন্ত জরুরী হয়ে পড়েছিল। দেশের একমাত্র প্রাকৃতিক মৎস্য প্রজনন ক্ষেত্রটির গুরুত্ব উপলব্ধি করে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক হালদা নদীর প্রাকৃতিক মৎস্য প্রজনন ক্ষেত্র পুনরুদ্ধার প্রকল্পটি গ্রহণ করা হয়।

৮.২ **উদ্দেশ্যঃ**

(ক) হালদা নদীর প্রাকৃতিক প্রজনন ক্ষেত্রের উন্নয়ন এবং সংরক্ষণ;

(খ) বিদ্যমান জলজ সম্পদের উৎপাদন ক্ষমতা এবং জীববৈচিত্র্য পুনরুদ্ধারের জন্য হালদা নদীর উপযুক্ত স্থানে মৎস্য অভয়াশ্রম প্রতিষ্ঠা করা;

(গ) হালদা নদীর প্রাকৃতিক প্রজনন ক্ষেত্র সংরক্ষণের জন্য স্থানীয় জনসাধারণের অংশগ্রহণের মাধ্যমে একটি উপযুক্ত প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা কাঠামো গড়ে তোলা; এবং

(ঘ) মৎস্য আহরণের নিষিদ্ধ মৌসুমে সংশ্লিষ্ট জনসাধরণের বিকল্প কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।

৮.৩ **প্রকল্পের মূল কার্যক্রমঃ**

- নদী হতে আহরিত ডিম পরিস্ফুটনের জন্য হ্যাচিং ইউনিট নির্মাণসহ অন্যান্য অবকাঠামো নির্মাণ ও সংস্কার;
- সুফলভোগী ও মৎস্য অধিদপ্তরের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান;
- বিকল্প কর্মসংস্থানের জন্য সুফলভোগীদের ক্ষুদ্র ঋণ প্রদান;
- এনজিও কার্যক্রম পরিচালনার মাধ্যমে বেজলাইন সার্ভে;
- হালদার ডিম হতে উৎপাদিত রেণু প্রতিপালনের জন্য নদীর তীরে পুকুর খনন;
- মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে জনসচেতনতা কার্যক্রম;
- মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন;
- হালদার রেণু প্রতিপালনের মা**ধ্যমে ব্রুড তৈরী করে হালদায় অবমুক্তকরণ**;
- নদী গবেষণা/স্টাডি; এবং
- বৃক্ষরোপণ।

৯। **প্রকল্পের অনুমোদন ও সংশোধনঃ**

মূল প্রকল্পটি মাননীয় অর্থ ও পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ১৫/১০/২০০৬ তারিখে ১৩৬৮.৭৩ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৬ থেকে জুন, ২০১১ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদন করা হয়। বাস্তবায়নের শুরুতেই প্রকল্পটির রি-ডিজাইনের প্রয়োজন হওয়ায় রি-ডিজাইনকৃত প্রকল্পটি মাননীয় অর্থ ও পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ১৩৮৪.১৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০০৭ থেকে জুন, ২০১২ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের মেয়াদ এক বছর বৃদ্ধি, প্রকল্প এলাকা বৃদ্ধি, অংগের হ্রাস-বৃদ্ধির কারণে প্রকল্পটি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ১৩২১.৩২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই,২০০৭ হতে জুন,২০১৩ মেয়াদে বাস্তবায়নের প্রথম বার সংশোধন করা হয়, এরপর গবেষণা খাত থেকে সাশ্রয়কৃত টাকা দিয়ে হালদা নদীতে মৎস্য সম্পদের উন্নয়নের জন্য প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদ ও ব্যয় অপরিবর্তীত রেখে আন্তঃখাত সমন্বয় করা হয়। সর্বশেষ এনজিও নিয়োগে বিলম্ব, ঋণ বিতরণ সম্পন্ন না হওয়া, স্টাডি কার্যক্রম শুরু করতে বিলম্ব এবং লোকবলের অভাবে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নের বিলম্বের কারণে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ এক বছর বৃদ্ধি করে প্রকল্পের মেয়াদ জুলাই,২০০৭ থেকে জুন, ২০১৪ পর্যন্ত নির্ধারণ করা হয়।

১০। ডিপিপি লক্ষ্যমাত্রা, এডিপি/আরএডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় সংক্রান্ত তথ্য (পিসিআর এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

অর্থ বছর	সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা	সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্ত	ব্যয়
২০০৭-২০০৮	৬৪.৬৮	১২৮.০০	১২৮.০০	৬৪.৬৭
২০০৮-২০০৯	১৩৫.৫৬	৩৭৫.০০	৩৭৫.০০	১৩৫.৫৬
২০০৯-২০১০	৯১.৩১	১০০.০০	১০০.০০	৯১.৩২
২০১০-২০১১	১৯০.৬৬	১৯৭.০০	১৯৭.০০	১৯০.৬৬

অর্থ বছর	সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা	সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্ত	ব্যয়
২০১১-২০১২	৩৩১.৩৮	৩৩৩.০০	৩৩৩.০০	৩৩১.৩৮
২০১২-২০১৩	২৫০.০	২৪০.০০	২৪০.০০	২৩৯.৮৪
২০১৩-২০১৪	২৫৭.৭৩	১৫১.০০	১৫১.০০	১৫০.৫২
সর্বমোট	১৩২১.৩২	১৫২৪.০০	১৫২৪.০০	১২০৩.৯৫

১১। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ**

ক্র: নং	কর্মকর্তার নাম ও পদবী	পূর্ণকালীন/ খন্ডকালীন	মেয়াদকাল
১	মোঃ এরশাদ মিয়া (পঞ্চম গ্রেড)	খন্ডকালীন	০১/০৭/২০০৭-২৮/০৭/২০০৮
২	মোঃ সিরাজউদ্দিন (পঞ্চম গ্রেড)	খন্ডকালীন	২৯/০৭/২০০৮-০৮/১০/২০০৯
৩	আব্দুল জলিল (পঞ্চম গ্রেড)	খন্ডকালীন	০৯/১০/২০০৯-০৮/১১/২০০৯
৪	প্রভাতী দেব (পঞ্চম গ্রেড)	খন্ডকালীন	০৯/১১/২০০৯-৩০-০৬-২০১৪

১২। **প্রকল্প পরিদর্শনঃ**

প্রকল্পটি ১২/০৩/২০১৫ তারিখে চট্টগ্রাম জেলার হাটহাজারী ও রাউজান উপজেলায় প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক উপস্থিত থেকে পরিদর্শনকাজে সহায়তা করেণ।

১৩। **সাধারণ পর্যবেক্ষণঃ**

১৩.১। **নির্মাণ কাজঃ** প্রকল্পের আওতায় হাটহাজারী উপজেলার মাছুয়াঘোনায় ১টি, শাহ্মাদানিতে ২টি এবং রাউজান উপজেলার গহিরা, কাগতিয়া এবং মোবারকখিলে একটি করে মোট ৬টি হ্যাচিং ইউনিট নির্মাণ করা হয়েছে। মাছুয়াঘোনা, শাহ্মাদানি, গহিরা ও কাগতিয়া হ্যাচারীতে মোট ৮৪০ রাঃ মিটার সীমানা প্রাচীর নির্মাণ করা হয়। মদুনাঘাট হ্যাচারী বর্ধিতকরণ, মোবারকখিলে ট্রেনিং সেন্টার নির্মাণ এবং হ্যাচারি গুলোতে কিছু কিছু স্যানেটারি ও বৈদ্যুতিক কাজ করা হয়েছে। প্রকল্পভূক্ত ৬টি হ্যাচারিতেই সেমিপাকা অফিস কক্ষ নির্মাণ করা হয়েছে। এছাড়া জেলা মৎস্য কর্মকর্তার অফিসের ১টি ফ্লোর এ প্রকল্প হতে নির্মাণ করা হয়েছে।



চিত্র-মোবারকখিলে হ্যাচারি ভবন



চিত্র- হ্যাচারির অফিস কক্ষ



চিত্র- মোবারকখিল প্রশিক্ষণ কক্ষ



চিত্র- মোবারকখিলে হ্যাচারিং ইউনিটের মেঝেতে সৃষ্ট ফাটল



চিত্র- গ্রিলের ভাংগা দেয়াল

১৩.২। **প্রশিক্ষণঃ** প্রকল্পের আওতায় ২৫.০০ লক্ষ টাকা ব্যয়ে হালদা নির্ভর জেলে ও মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের (মোট ৫১২৮ জন) হালদার মৎস্য সম্পদ সংরক্ষণ, ডিম সংগ্রহ ও পোনা উৎপাদন পদ্ধতি এবং মৎস্য সংরক্ষণ আইন বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়।

১৩.৩। **এনজিও কার্যক্রমঃ** হালদার উপর নিভরশীল জেলেদের উপর বেজলাইন সার্ভে, জেলে ও ডিম আহরণকারীদের সচেতনতা সৃষ্টি, বিকল্প কর্মসংস্থানের জন্য প্রশিক্ষণ এবং ক্ষুদ্রঋণ প্রদান কাজে সহযোগিতার জন্য 'নওজোয়ান' এনজিওর সাথে ২০০৯ সালে ৩ (তিন) বছরের জন্য চুক্তি করা হয়েছিল। এ কাজে ব্যয় হয় ২১.৪৮ লক্ষ টাকা।

১৩.৪। **ক্ষুদ্রঋণ কার্যক্রমঃ** হালদার উপর নির্ভরশীল ২৩০ জন মৎস্যজীবি সমিতি গঠনের মাধ্যমে প্রতিজন ১০ হাজার টাকা করে মোট ২৩০.০০ লক্ষ টাকা পেয়েছেন। এ ঋণ গ্রহণ করে হালদার উপর নির্ভরশীল জেলেরা ছাগল পালন, মুরগি পালন, মাছ চাষ ও সব্জি চাষ করে বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা করেছেন।

১৩.৫। **মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নঃ** এ কাজে ১৫.০০ লক্ষ টাকা ব্যয় করে দুইটি মোটর বোট ভাড়া এবং দৈনিকভিত্তিতে আরো কিছু নৌকা ভাড়া করে হালদার অভয়াশ্রম পাহারা দেয়া এবং পুলিশ বাহিনীর সহায়তায় অবৈধ জাল উদ্ধার করা হয়েছে।

১৩.৬। **পুকুর খনন ও ভাড়া নেয়াঃ** হালদার ডিম হতে উৎপাদিত রেণু প্রতিপালন করে হালদায় অবমুক্ত করার জন্য রাউজান উপজেলার মোবারকখিল এবং গহিরা হ্যাচারীতে মোট ২২টি পুকুর খনন করা হয়েছে। এ কাজে ব্যয় হয় ১০৫.০০ লক্ষ টাকা। এছাড়া আরো কিছু পুকুর ভাড়া নেয়া হয়েছিল। এ পুকুর ভাড়ায় ব্যয় হয় ৪.০০ লক্ষ টাকা। ব্যক্তিপর্যায়ে পোনা প্রতিপালন করে তা হালদায় অবমুক্ত করায় ব্যয় হয়েছে ২.০০ লক্ষ টাকা।



চিত্র- মোবারকখিল হ্যাচরিতে খননকৃত ২টি পুকুর



চিত্র- প্রকল্পের আওতায় বনায়ন

১৩.৭। **বনায়নঃ** প্রকল্পের আওতায় হালদা নদীর পাড়ে বনবিভাগের সাথে পরামর্শক্রমে ১০.০০ লক্ষ টাকা ব্যয়ে ২০ হাজার সেগুন, মেহগনি, মেনজিয়াম গাছের চারা রোপন করা হয়েছে । পরিদর্শনকালে দেখা যায় গাছগুলি ভালোভাবে বেড়ে উঠেছে।

১৩.৮। **জনসচেতনতা সৃষ্টিঃ** জনসচেতনতা বৃদ্ধির জন্য ৩.০০ লক্ষ টাকা ব্যয়ে ১০০টি সাধারণ সাইনবোর্ড, ১৩.৫০ লক্ষ টাকা ব্যয়ে ২০টি ষ্টিল সাইনবোর্ড, ৩.৬৯ লক্ষ টাকা ব্যয় ডকুমেন্টারি, ৭.২৪ লক্ষ টাকা ব্যয়ে ৫টি ওয়ার্কশপ/সেমিনার এবং ১১.৯৯ লক্ষ টাকা ব্যয়ে ৬০টি জনসচেতনামূলক সভার আয়োজন করা হয়।







চিত্র- জনসচেতনতামুল সাইনবোর্ড ও পোস্টার **চিত্র- মোবারকখিলে স্থাপিত জেনারেটর**

১৩.১১। সম্পদ সংগ্রহঃ প্রকল্পের আওতায় সংগৃহীত সম্পদের তালিকা পরিশিষ্ট "খ"-তে দেয়া হলো।

১৩.৯। **হ্যাচারি পরিচালনাঃ** মৎস্য প্রজনন মৌসুমে প্রকল্পভুক্ত ৬টি হ্যাচারি পরিচালনার জন্য প্রকল্প মেয়াদকালে ১২.০০ লক্ষ টাকা ব্যয় হয়। এ সময় মাছের খাদ্য সরবরাহ বাবদ ব্যয় হয় ২.০০ লক্ষ টাকা।

১৩.১০। **গবেষণা ও স্টাডিঃ** বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ কর্তৃক হালদা নদীর ভৌত, রাসায়নিক ও জৈবিক অবস্থার গবেষণা পরিচালনা করা হয়েছে। এ কাজে ব্যয় হয় ১৭.৪০ লক্ষ টাকা। এছাড়া, ৪৫.৪০ লক্ষ টাকা ব্যয়ে Institute of Water Modeling (IWM) আইডাব্লিউএম কর্তৃক হালদা নদীর হাইড্রোলজিক্যাল ও মরফোলজিক্যাল স্টাডি করা হয়েছে।

১৪। **ক্রয় কার্যক্রম এবং এক্সটার্নাল অডিট সংক্রান্তঃ** দৈবচয়নের ভিত্তিতে কিছু নথি পত্র বিশ্লেষণে দেখা যায়, প্রকল্পের ক্রয় কার্যক্রমে পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ অনুসরণ করা হয়েছে । প্রকল্পটির এক্সটার্নাল অডিট সম্পন্ন হয়েছে এবং এক্সটারনাল অডিটে ২০০৮-২০০৯ হতে ২০১৩-২০১৪ পর্যন্ত উত্থাপিত আপত্তিসমূহ এখনও পর্যন্ত নিষ্পত্তি হয়নি।

১৫। **প্রকল্প বাস্তবায়নের প্রভাবঃ**

১৫.১। ডিম সংগ্রহকারীদের ডিম নাড়াচাড়া (Handling), ডিমের যত্ন নেয়া, ডিম পরিস্ফুটন ও পোনা প্রতিপালনের উন্নত পদ্ধতি জানানোর মাধ্যমে পোনার মৃত্যু হার কামানো, আয় বৃদ্ধি এবং অধিক মানসম্মত মৎস্য বীজ সরবরাহ করা সম্ভব হয়েছে। উন্নত হ্যাচারি প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে হ্যাচিং রেট পূর্বের ৪০% হতে বৃদ্ধি পেয়ে ৮০%-৯০% এ উন্নিত হয়েছে।

১৫.২। মৎস্য সংরক্ষণ আইন ও হালদার গুরুত্ব সম্পর্কে হালদাপাড়ের জনগণের সচেতনতা বৃদ্ধি পেয়েছে।

১৫.৩। দরিদ্র ডিম সংগ্রহকারীদের ডিম পরিস্ফুটনের জন্য হ্যাচারি সুবিধার সৃষ্টি হয়েছে।

১৫.৪। হালদা নদীর ৪০ কিলোমিটার এলাকা স্থায়ী অভয়াশ্রমের রূপ নিয়েছে এবং মাছের উৎপাদন ব্রুড মাছ অবমুক্ত করণের ফলে পূর্বের তুলনায় বৃদ্ধি পেয়েছে।

১৫.৫। হালদা রেণু প্রতিপালনের মাধ্যমে ব্রুড মাছ তৈরী করে হালদা নদীতে অবমুক্ত করণের জন্য বেশ কিছু পুকুর খনন করে সমাজভিত্তিক সংগঠনের মধ্যে বরাদ্দ দেয়া হয়েছে।

১৫.৬। সমাজভিত্তিক সংগঠনের মাধ্যমে প্রজনন ক্ষেত্র সংরক্ষণ হচ্ছে ফলে অবৈধভাবে মৎস্য আহরণ হ্রাস পেয়েছে।

১৫.৭। ক্ষুদ্রঋণ কার্যক্রমের মাধ্যমে হালদা পাড়ের দরিদ্র সুফলভোগীদের বিকল্প কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।

১৫.৮। ডিম সংগ্রহের পরিমাণ ও রেণু উৎপাদন প্রকল্প বাস্তবায়নের পূর্বের তুলনায় বৃদ্ধি পেয়েছে। ২০১২ সালে ৫০৮ কেজি, ২০১৩ সালে ৬১২.৫০ কেজি এবং ২০১৪ সালে ১৫৬৯ কেজি রেণু উৎপাদিত হয়েছে।

১৫.৯। হালদা নদীর রেণু হতে উৎপাদিত পোনা ও Sub-Adult কার্প জাতীয় মাছ (মোট ৮৪৫৬ কেজি) হালদা নদীতে অবমুক্ত করা হয়েছে।

১৫.১০। ২০,০০০ (বিশ হাজার) টি বিভিন্ন প্রজাতির গাছের চারা রোপণের মাধ্যমে পরিবেশের উন্নয়ন ঘঠেছে।

১৬। **প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ**

পরিকল্পিত	উদ্দেশ্য অর্জন
(ক) হালদা নদীর প্রাকৃতিক প্রজনন ক্ষেত্রের উন্নয়ন এবং সংরক্ষণ;	প্রাকৃতিক প্রজনন ক্ষেত্রের সংরক্ষণের বিষয়ে উদ্দেশ্য অর্জিত হয়েছে তবে প্রজনন ক্ষেত্রের উন্নয়নের বিষয়ে উদ্দেশ্য অর্জিত হয়নি;
(খ) বিদ্যমান জলজ সম্পদের উৎপাদন ক্ষমতা এবং জীববৈচিত্র্য পুনরুদ্ধারের জন্য হালদা নদীতের উপযুক্ত স্থানে মৎস্য অভয়াশ্রম প্রতিষ্ঠা করা;	১৫ নং অনুচ্ছেদে বর্ণিত প্রকল্প বাস্তবায়নের প্রভাব হতে দেখা যায় যে, প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্য অর্জিত হয়েছে।
(গ) হালদা নদীর প্রাকৃতিক প্রজনন ক্ষেত্র সংরক্ষণের জন্য স্থানীয় জনসাধারণের অংশগ্রহণের মাধ্যমে একটি উপযুক্ত প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা কাঠামো গড়ে তোলা;	
(ঘ) মৎস্য আহরণের নিষিদ্ধ মৌসুমে সংশ্লিষ্ট জনসাধরণের বিকল্প কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।	

১৭। **উদ্দেশ্য অর্জিত না হয়ে থাকলে তার কারণঃ** প্রকল্পের আওতায় ডিপিপি অনুযায়ী পরিকল্পিত ও বাস্তবায়িত কার্যক্রম পর্যালোচনায় দেখা যায় হালদা নদীর প্রাকৃতিক প্রজনন ক্ষেত্রের সংরক্ষনের জন্য বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করা হলেও প্রজনন ক্ষেত্রের উন্নয়নের জন্য তেমন কোন পরিকল্পনা ডিপিপিতে ছিল না এবং সে কারণে ব্যবস্থাও গ্রহণ করা সম্ভব হয়নি। অর্থাৎ প্রজনন ক্ষেত্র উন্নয়নের ক্ষেত্রে উদ্দেশ্য অর্জিত হয়নি।

১৮। **বাস্তবায়ন সমস্যাঃ**

১৮.১। রাউজান উপজেলাস্থিত মোবারকখীল হ্যাচারি পরিদর্শনকালে হ্যাচারি ইউনিটের মেঝেতে, জেনেরেটর রুমের দেয়ালে এবং অফিস কক্ষের সিঁড়িতে ছোট-বড় ফাটল দেখা যায়;

১৮.২। প্রকল্পের আওতায় ডিপিপি অনুযায়ী পরিকল্পিত ও বাস্তবায়িত কার্যক্রম পর্যালোচনায় দেখা যায় হালদা নদীর প্রাকৃতিক প্রজনন ক্ষেত্রের সংরক্ষনের জন্য বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করা হলেও প্রজনন ক্ষেত্রের উন্নয়নের জন্য তেমন কোন পরিকল্পনা ছিল না এবং সে কারণে ব্যবস্থাও গ্রহণ করা সম্ভব হয়নি;

১৮.৩। বাস্তবায়িত প্রকল্পটির মাধ্যমে বিভিন্ন স্টাডি করা হয়েছে। এ স্টাডিগুলি প্রকল্পের শেষ দিকে সম্পন্ন হওয়ায় স্টাডিতে প্রাপ্ত ফলাফলগুলো বাস্তবায়িত প্রকল্পে কাজে লাগানোর সুযোগ ছিল না;

১৮.৪। প্রকল্পের আওতায় স্থাপিত হ্যাচারি ইউনিটগুলো মেরামত ও সংরক্ষণ বাবদ প্রয়োজনীয় অর্থ বরাদ্দ না থাকায় এ গুলির ব্যবস্থাপনায় সমস্যা হচ্ছে;

১৮.৫। হ্যাচারি ইউনিটগুলো দেখা-শোনার জন্য লোকবলের অভাব রয়েছে। পরিদর্শনকালে দেখা যায় মূলফটক বন্ধ থাকায় মোবারকখীল হ্যাচারির লোহার গ্রিলের দেয়াল ভেংগে জনগণ চলাচল করছে। ফলে নিরাপত্তা বিঘ্নিত হওয়ার এবং অভ্যন্তরের সম্পদগুলো বেহাত হওয়ার সম্ভাবনা রয়েছে;

১৮.৬। এক্সটারনাল অডিটে ২০০৮-২০০৯ হতে ২০১৩-২০১৪ পর্যন্ত উত্থাপিত আপত্তিসমূহ এখনও পর্যন্ত নিষ্পত্তি হয়নি;

১৮.৭। বিকল্প কর্মসংস্থানের জন্য ঘূর্ণায়মান তহবিল (রিভলবিং ফান্ড) হিসেবে বিতরণকৃত অর্থের প্রায় ৩০% এখনও অনাদায়ী রয়েছে;

১৮.৮। হালদার সংযোগ খাল সমূহে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক স্থাপিত অকেজো ১২টি স্লুইস গেটের কারণে প্রজনন মৌসুমে মা মাছ প্রয়োজনীয় বিচরণ করতে পারছে না; এবং

১৮.৯। সংযুক্ত কর্ণফুলী, শিকলবাহা নদী, চাঁনখালী নদী এবং হালদার নদীর ঘাট এলাকা ও ছায়াচর এলাকায় নদীর ও সংযুক্ত খালসমূহের নাব্যতা ও স্রোত কমে যাওয়ায় মাছের খাদ্য গ্রহণ, বিচরণ ও প্রজননে সমস্যা হচ্ছে।

১৯। **সুপারিশঃ**

১৯.১। ঠিকাদারের পারফর্মেন্স সিকিউরিটি ফেরৎ দেওয়ার পূবে নির্মাণ ত্রুটি মেরামত করে নিতে হবে;

১৯.২। ভবিষ্যতে হালদা নদীর মৎস্য সম্পদের উন্নয়নের জন্য প্রকল্প গ্রহণ করা হলে প্রজনন ক্ষেত্রের উন্নয়নের বিষয়টি এবং বিভিন্ন স্টাডি ও সেমিনারে প্রাপ্ত সুপারিশসমূহ গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে;

১৯.৩। মৎস্য অধিদপ্তরের রাজস্ব বাজেটের আওতায় হ্যাচারিগুলো ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা এবং তত্ত্বাবধানের জন্য জনবলের সংস্থান করা যেতে পারে;

১৯.৪। এক্সটারনাল অডিটে উত্থাপিত আপত্তি সমূহ নিষ্পত্তি করে এ বিভাগকে অবহিত করতে হবে;

১৯.৫। ঘূর্ণায়মান ঋণের অনাদায়ী অর্থ ফেরত প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট উপজেলা মৎস্য কর্মকর্তাগণকে প্রয়োজনীয় নিদের্শনা দেয়া প্রয়োজন;

১৯.৬। প্রাকৃতিক মৎস্য প্রজননের জন্য হালদা নদীর সংযুক্ত খাল সমূহে অকেজো স্লুইসগেটগুলি বড় রকমের প্রতিবন্ধক । এলাকার কৃষি উৎপাদন ও হালদা নদীর মৎস্য প্রজনন ক্ষেত্রের উন্নয়নের গুরুত্ব বিবেচনা করে এ দু'টোর সমন্বয়ের মাধ্যমে স্লুইসগেটের সংখ্যা সর্বনিম্ন পর্যায়ে কমিয়ে আনতে হবে;

১৯.৭। গবেষণা প্রতিবেদনের ভিত্তিতে ও অভিজ্ঞ পরামর্শকের তত্বাবধানে মাছের খাদ্য প্রাপ্তি, চলাচল ও প্রজননের সুবিধার্থে সংযুক্ত নদী ও খাল সমূহে ভবিষ্যতে ম্যানুয়াল ড্রেজিং করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে; এবং

১৯.৮। ১৯.১ থেকে ১৯.৭ এ বর্ণিত বিষয়ে ব্যবস্থা গ্রহণ করে আগামী ১ (এক) মাসের মধ্যে আইএমইডি-কে জানাতে হবে।

পরিশিষ্ট "ক"

প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি (মন্ত্রণালয় হতে প্রাপ্ত পিসিআর এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

ক্র: নং	অঙ্গের নাম	একক	সর্বশেষ সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
	রাজস্ব ব্যয়ঃ					
	অফিসারদের বেতন	২	২৫.৪০	১ জন	১৩.৬৫	১জন
	সংস্থাপন ব্যয়	১৪	৭৮.০০	১৪ জন	৪৩.১১	১৪জন
	ভাদাদি	১৬	১১৮.৯৩	১৫ জন	৫০.৯০	১৫জন
	উপ-মোট =		**২২২.৩৩**		**১০৭.৬৬ (৪৮.৪২%)**	
	সরবরাহ ও সেবাঃ					
	টিএ/ডিএ	থোক	১৫.০০	থোক	১৫.০০ (১০০%)	থোক
	যন্ত্রচালিক বোট ভাড়া	থোক	১৫.০০	থোক	১৫.০০ (১০০%)	থোক
	পুকুর ভাড়া	থোক	৪.০০	থোক	৪.০০ (১০০%)	থোক
	পোস্টেজ	থোক	০.১০	থোক	০.১০ (১০০%)	থোক
	বিদ্যুৎ	থোক	১.৫০	থোক	০.১০ (৬৬.৯৩%)	থোক
	গ্যাস ও জ্বালানী	থোক	৫.০০	থোক	৫.০০ (১০০%)	থোক
	পেট্রোল ও লুব্রিক্যান্ট	থোক	১০.০০	থোক	১০.০০ (১০০%)	থোক
	ষ্টেশনারী	থোক	১৫.০০	থোক	১৪.৯৯ (৯৯.৯৯%)	থোক
	গবেষণা ব্যয়	থোক	১৭.৫০	থোক	১৭.৪১ (৯৯.৪৯%)	থোক
	স্টাডি ব্যয়	থোক	৪৫.৪৬	থোক	৪৫.৪০ (৯৯.৮৬%)	থোক
	ডকুমেন্টরী	থোক	৪.০০	থোক	৩.৯৬ (৯৯.৯৯%)	থোক
	স্টীল ফ্রেমসহ বিলবোর্ড স্থাপন	২০	১৩.৫০	২০জন	১৩.৫০ (১০০%)	২০ জন
	সাইন বোর্ড	১০০	৩.০০	১০০	৩.০০ (১০০%)	১০০জন
	জেলেদের প্রশিক্ষণ	৫১২৮	২৫.০০	৫১২৮	২৫.০০ (১০০%)	৫১২৮ জন
	কর্মশালা/সেমিনার	০৫	৭.২৫	৫ জন	৭.২৫ (৯৯.৯৮%)	৫ জন
	গনসচেতনতা কার্যাক্রম	৬০	১২.০০	৬০	১১.৯৯ (৯৯.৯২%)	৬০ জন
	পোনা মজুদকরণ	থোক	২.০০	থোক	২.০০ (১০০%)	থোক
	মাছের খাদ্য	থোক	২.০০	থোক	২.০০ (১০০%)	থোক
	এনজিও কার্যক্রম	থোক	২১.৫০	থোক	২১.৪৮ (৯৯.৯২%)	থোক
	সম্মানী	থোক	১.৮০	থোক	১.৫৫ (৮৬.১৬%	থোক
	বিবিধ	থোক	৩০.০০	থোক	৩০.০০ (১০০%)	থোক
	উপ-মোট=		**২৬২.৬১**		**২৬০.৫৪ (৯৯.২১%)**	
	মেরামত ও রক্ষণাবেক্ষণঃ					
	যানবাহন	থোক	৫.৫০	থোক	৫.৫০ (১০০%)	থোক
	কম্পিউটার	থোক	২.০০	থোক	১.৬০ (৯৮.২০%)	থোক
	মৎস্য অধিদপ্তরের হ্যাচারী নির্মাণ	থোক	১৫.০০	থোক	১৫.০০ (১০০%)	থোক
	উপ-মোট=		**২২.৫০**		**২১.১০ (৯৮.২২%)**	
	(বি) মূলধন ব্যয়ঃ					
	সম্পদ সংগ্রহ ও ক্রয়ঃ					

ক্র: নং	অঙ্গের নাম	একক	সর্বশেষ সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
	মটর সাইকেল ক্রয়	৫	৪.৯৯	৫ নং	৪.৯৯ (১০০%)	৫ জন
	ডিজিটাল ও ভিডিও ক্যামেরা	৪	২.০০	৪ নং	১.৯৪ (৯৭%)	৪ নং
	মাল্টিমিডিয়া	৩	৪.৫০	৩ নং	৪.৪৫ (৯৮.৮৮%)	৩ নং
	আইপিএস এবং জেনারেটর	১০	১০.০০	১০নং	১০.০০ (১০০%)	১০ নং
	কম্পিউটার এবং এক্সেসরিজ	৫	৫.০০	৫ নং	৪.৯৯ (৯৯.৮০%)	৫ নং
	ফটোকপিয়ার	১	১.২৯	১ নং	১.২৯ (১০০%০	১নং
	আসবাবপত্র	থোক	৬.০০	থোক	৬.০০ (**১০০**%)	থোক
	বনায়ন	২০,০০০	১০.০০	২০,০০০ নং	১০.০০ (১০০%)	২০,০০০ নং
	ফিল্ড ইক্যুইপমেন্ট	থোক	৫.০০	**থোক**	**৫.০০** (**১০০**%)	**থোক**
	উপ-মোট=		**৪৮.৭৮**		**৪৮.৬৬ (১০০%)**	
	(সি) পূর্ত কাজ/মাটির কাজঃ					
	মদুনাঘাট হ্যাচারির বর্ধিতকরণ	-	**৪০.০০**	-	**৩৯.৯৭**(**৯৯.৭৫**%)	-
	মৎস্য অধিদপ্তরের ভবন নির্মাণ	-	**১৮.৭৫**	-	**১৮.৭৪** (**৯৯.৯৫**%)	-
	মোবারকখিল **প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ**	-	**১১.২৫**	-	**১১.২৪** (**১০০**%)	-
	পুকুর খনন	থোক	১০৫.০০	থোক	১০৫.০০ (১০০%)	-
	স্যানেটারী কাজ	থোক	২.০০	থোক	২.০০(১০০%)	-
	বৈদ্যুতিক কাজ	থোক	১০.০০	থোক	১০.০০ (১০০%)	-
	হ্যাচারির জন্য অফিস নির্মাণ	১২০০ বর্গফুট	১৮.০০	১২০০ বর্গফুট	১৭.৯৫ (৯৯.৭২%)	-
	সীমানা প্রাচীর নির্মাণ	৮৪০ মিটার	৬৮.৯০	৮৪০ মিটার	৬৮.৯০ (১০০%)	-
	হ্যাচারি নির্মান	-	২৬১.২০	-	২৬১.২০ (১০০%)	-
	উপ-মোট =		**৫৩৫.১০**		**৫৩৪.৯৯ (৯৯%)**	
	ঋণ ও অগ্রীমঃ					
	ক্ষুদ্র ঋণ	২৩০০	২৩০.০০	২৩০০	২৩০.০০ (১০০%)	
	উপ-মোট =		২৩০.০০		২৩০.০০ (১০০%)	
	সর্বমোট		**১৩২১.৩২**		**১২০৩.৯৫ (৯১.১২%)**	

প্রকল্পের আওতায় সংগৃহীত সম্পদের তালিকা

µ: bs	m¤ú‡`i bvg	msL¨v/ cwigvY	eZgvb Ae¯v	Ae¯vb
1|	n¨vPvix	6wU	KvhKi	nvUnvRvix - 3, ivDRvb - 3
2|	স্থানান্তরযোগ্য হ্যাচারি	2wU	Ó	g`bvNvU, nvUnvRvix‡Z msiw Z
3|	**!**Uwbs **!**m#Uvi	1wU	Ó	ivDRvb D**$**‡R%v& w**'**`¨gvb
(|	**$**Ki	22wU		ivDRvb D**$**‡R%vi **!**gv**'**viK*****x% **+ ,**wniv n¨vPvix‡Z **- '**w**.**Z
0|	wiRv**1**vi	6wU		nvUnvRvix **+** ivDRvb D**$**‡R%v**.** n¨vPvix‡Z **- '**w**.**Z
6|	‡gvUi mv**2**‡K%	**0**wU	mP%	nvUnvRvix D**$**‡R%v& 2wU ivDRvi D**$**‡R%v& 2wU ‡R%v g**3**m¨ `**4**‡i 1wU
5|	ফটোকপিয়ার	1vU	Ó	‡R%v g**3**m¨ `**4**‡i **'**¨**'**nvi n‡**67**
8|	**9**¨v**:**	1wU	Ó	**;**
<|	**!= :** U**$** Kw**>?**DUvi	3wU	Ó	‡R%v g**3**m¨ KgKZvi `**4**i 1wU, mnKvix **$**wiPv%K, **!**R%v g**3**m¨ KgKZvi `**4**i 1wU **+** nv%`v **$**K‡**A** -1wU
1**B**	%¨v**$**U**$** Kw**>?**DUvi	2wU	Ó	‡R%v g**3**m¨ KgKZvi `**4**i 1wU mnKvix **$**wiPv%K, **!**R%v g**3**m¨ KgKZvi `**4**i 1wU
11|	gww**C**wgw**=**&v	3wU	Ó	**$**K**A** `**4**‡i iw Z **-**v‡**7**
12|	w**1**w**=+** K¨v‡giv	1wU	Ó	**$**K**A** `**4**‡i iw Z **-**v‡**7**
13|	w**=**wRUv% K¨v‡giv	3wU	Ó	ivDRvb D**$**‡Riv g**3**m¨ `**4**‡i **'**¨**'**nvi 1wU, **$**K**A** `**4**i **+ !**R%v g**3**m¨ `**4**‡i **'**¨nvi 2wU
1**(|**	‡Rbv‡iUi **-**v**2**w**$D**m	1**B**wU	Ó	n¨vPvix mg‡n **'**¨**'F**Z
1**0|**	**+**‡&w&s **!**gw**G**b	1wU		**;**
16|	**$**wbi w**9C**vi	1wU	mP%	‡R%v g**3**m¨ `**4**i **+ $**K‡**A '**¨**'F**Z
1**5|**	**.$**xs **'**¨v‡**%H**	1**B**wU	mP%	g`bvNvU n¨vPvix‡Z iw Z
1**8|**	mv**2**b **!'**v**=**	1**BB**wU		gv**I $**hv‡& %v**,**v‡bv n‡&‡**7**
1**<|**	w**'% !'**v**=**	2**B0**wU		gv**I $**hv‡& %v**,**v‡bv n‡&‡**7**
2**B|**	‡nv&v**2**U **!'**v**=**	**(**wU	mP%	nvUnvRvix **+** ivDRvb D**$**‡R%v& i‡&‡**7**
21|	UP %v**2**U, UvR %v**2**U, **'**v%wZ, g**, '%**, **!$**U,w**$**wi**7**,Kv**$**, `v, **,** vg%v,%v**29** R¨v‡KU **+ ,**vg**'**U			nvUnvRvix **+** ivDRvb D**$**‡R%v**.** n¨vPvix‡Z **'**¨**'**nv‡i **-**v‡**7**
22|	**K**x% **-**v%wgiv	**(**wU		**$**K**A** `**4**‡i **'**¨**'F**Z
23|	‡m‡**L**Uww‡i‡&U **!**Uw**'%**	1wU		‡R%v g**3**m¨ `**4**i, P**M,**v‡g **'**¨**'F**Z
2**(|**	nv**9 !**m‡**L**Uww‡i‡&U **!**Uw**'%**	1wU		মদুনাঘাট n¨vPvix‡Z
2**0|**	wi**1%**w**1**s **!**P&vi	2wU	**-**‡K‡Rv	‡R%v g**3**m¨ `**4**i, P**M,**v‡g iw Z
26|	**9**v**2% !**Kw**'**‡bU	**(**wU		‡R%v g**3**m¨ `**4**i, P**M,**v‡g iw Z
2**5|**	**K**x‡%i **!G**v-‡KR	1wU		‡R%v g**3**m¨ `**4**i, P**M,**v‡g iw Z

µ: bs	m¤ú‡`i bvg	msL¨v/ cwigvY	eZgvb Ae¯v	Ae¯vb
28|	হাতল w'nxb !P&vi	0wU		‡R%v g3m¨ `4i, PM,v‡g iw Z
2<|	9¨v: !Uw'%	1 wU	mP%	‡R%v g3m¨ `4i, PM,v‡g iw Z
3B|	9‡UvKw$!gwGb !Uw'%	1wU	Ó	`4‡i '¨'nvi n‡67
31|	‡Uw'%	(wU	Ó	n¨vPvix‡Z
32|	‡P&vi	6wU	Ó	n¨vPvix‡Z
33|	nvZv+&v%v !P&vi	2wU	mP%	!R%v g3m¨ `4‡i '¨'nvi n‡67|
3(|	nvZv7vNv !P&vi	2wU	Ó	n¨vPvix‡Z '¨'nvi n‡67|
30|	র‍্যাক	1wU	Ó	`4‡i '¨'nvi n‡67|
36|	Kv‡Ii !P&vi	0wU	Ó	$KA $wiPv%‡Ki `4‡i '¨'nvi n‡67|
35|	প্লাস্টিক !P&vi	(wU	Ó	$KA `4‡i '¨'nvi n‡67|
38|	প্লাস্টিক !P&vi	(5wU	Ó	nvUnvRvix + ivDRvb D$‡R%v& $`vb
3<|	'N i¨vK	1wU	Ó	g`bvNvU n¨vPvix‡Z $`vb
(B|	‡m‡LUww‡i‡&U !Uw'%	1wU	Ó	;
(1|	nvZv7vNv !P&vi	6wU	Ó	;
(2|	nvZ%+&v%v !P&vi	1wU	Ó	;
(3|	nv2 !'O	2wU	Ó	;
((|	9‡UvKw$ ‡Uw'%	1wU	Ó	;
(0|	Kw>?DUvi !Uw'%	(wU	Ó	;
(6|	w$D2P wgUvi Pgvw UQ	2wU	Ó	D$‡R%v g3m¨ -w9m nvUnvRvix + ivDRv‡b 'ivR $`vb|
(5|	w$D2P wgUvi P$vwbQ	2wU	Ó	D$‡R%v g3m¨ -w9m nvUnvRvix + ivDRv‡b 'ivR $`vb|
(8|	m¨v%v2‡bv wgUvi	8wU	Ó	;
(<|	n¨vK KxU wgUvi	2wU	Ó	;
0B|	Sv‡gwgUvi	5wU	Ó	;
01|	-w:‡Rb wmw%Tvi	(wU	Ó	;
02|	w$D2P wgUvi	1wU	mP%	‡R%v g3m¨ `4‡i 'ivR $`vb
03|	w=+ wgUvi	1wU	Ó	;
0(|	+&vUvi Sv‡gwgUvi	1wU	Ó	;
00|	w$D2P wgUvi			Rix$ KgKZv, !R%v g3m¨ KgKZvi `4i-‡K 'ivR $`vb Kiv n‡&‡7|
06|	রিফ্লেক্টোমিটার	1wU	Ó	mnKvix $wiPv%‡Ki wbKU বরাদ্দ $`vb
05|	w$D2P wgUvi	1wU		$KA `4i, PM,v‡g '¨'FZ
08|	ফিশ রিজার্ভেশন বক্স	1wU		‡R%v g3m¨ `4i, PM,v‡g '¨'FZ
0<|	‡gRvi‡g#U !U$	2wU	Ó	nv%`v b`xi ,1xiZv gv$vi Kv‡R '¨'nvi + `4‡i iw Z

"মৎস্য ডিপ্লোমা কোর্স বাস্তবায়ন''
প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্তঃ জুন, ২০১৪)

১। **বাস্তবায়নকারীসংস্থা** : মৎস্য অধিদপ্তর

২। **প্রশাসনিক মন্ত্রণালয়** : মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

৩। **প্রকল্পের অবস্থান** : চাঁদপুর সদর

৪। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়** :

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৬১৭.৯২	১২৯০.১৭	১২৫৭.০২	জুলাই,২০০৮ হতে জুন,২০১২	জুলাই,২০০৮ হতে জুন,২০১৪	ফেব্রুয়ারি,২০০৯ হতে জুন,২০১৪	৬৩৯.১২ (১০৩%)	২ বছর (৫০%)

৫। **প্রকল্পের অর্থায়নঃ** প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।

৬। **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি : পরিশিষ্ট "ক" ।**

৭. **কাজ অসম্পূর্ণ থাকলে তার কারণঃ**

প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) পরীক্ষা, সরজমিনে পরিদর্শন,মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউট, চাঁদপুর এর দায়িত্বপ্রাপ্ত অধ্যক্ষ ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা করে জানা যায় যে, ডিপিপির লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কাজ সমাপ্ত হয়েছে।

৮। **প্রকল্পের পটভূমি, উদ্দেশ্য ও মূল কার্যক্রমঃ**

৮.১ **প্রকল্পের পটভূমিঃ**

মৎস্য খাতের বিভিন্ন কার্যক্রম যেমন, পুকুরে মৎস্য চাষ, হ্যাচারি ব্যবস্থাপনা, প্লাবন ভূমি ব্যবস্থাপনা, মুক্ত জলাশয় ব্যবস্থাপনা, মৎস্য প্রক্রিয়াকরণ কার্যক্রম সমূহ বর্তমানে সারা দেশে জনপ্রিয়তা পেয়েছে। এ সকল কায়ক্রম উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। তবে এ সব ক্ষেত্রে কর্মরত জনবল অধিকাংশ ক্ষেত্রেই পেশাদারীমুলক ভূমিকা রাখতে পারছেনা। তারা মূলতঃ তাঁদের দৈনন্দিন অভিজ্ঞতা ও অনানুষ্ঠানিকভাবে লব্ধ জ্ঞান প্রশিক্ষণ কাজে লাগিয়ে কাজ করে থাকে। তবে এ সকল কার্যক্রমকে টেকসই করে মৎস্য চাষের গুণগত মান বাড়ানোর জন্য দক্ষ কারিগরি জ্ঞানসম্পন্ন জনশক্তির প্রয়োজন রয়েছে। এ পরিপ্রেক্ষিতে মৎস্য অধিদপ্তরের আওতায় চাঁদপুরে অবস্থিত মৎস্য প্রশিক্ষণ ইনস্টিটিউটে, ডিপ্লোমা ইন ফিশারিজ কোর্স বাস্তবায়নের মাধ্যমে দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৮.২ **প্রকল্পের মূল উদ্দেশ্যঃ**

৮.১ চাঁদপুরে একটি ফিসারিজ ডিপ্লোমা ইন্স্টিটিউট প্রতিষ্ঠা এবং উক্ত প্রতিষ্ঠানে ডিপ্লোমা-ইন-ফিসারিজ কোর্স চালূ করার মাধ্যমে মৎস্য খাতে দক্ষ কারিগরি জনশক্তির উন্নয়ন; এবং

৮.২ মৎস্য অধিদপ্তরের আওতাভূক্ত বিদ্যমান ১টি প্রশিক্ষণ কেন্দ্র (চাঁদপুর সদর) মৎস্য ডিপ্লোমা কোর্স পরিচালনার সুযোগ-সুবিধাদি বাড়ানো।

৮.৩ **প্রকল্পের মুল কার্যক্রমঃ**

- মৎস্য প্রশিক্ষণ ইন্সটিটিউট (এফটিআই), চাঁদপুর-এ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর অধীন ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ফিসারিজ শিক্ষাক্রম চালু করা;
- ডিপ্লোমা-ইন-ফিসারিজ শিক্ষাক্রমে প্রতিবছর ২৫ জন ৪ বছরে মোট ১০০ জন শিক্ষার্থীকে শিক্ষাক্ষেত্রে সার্বিক সহযোগিতা প্রদান করা;
- প্রয়োজনীয় অবকাঠামোগত সুবিধাদি নিশ্চিতকরণের লক্ষ্যে মৎস্য প্রশিক্ষণ ইন্সটিটিউট (এফটিআই), চাঁদপুর-এ ১৩,৬৮৪ বর্গফুটের চারতলা বিশিষ্ট একাডেমিক ভবন (ক্লাসরুম-কাম-ল্যাবরেটরি ভবন), ৪ তলা বিশিষ্ট ১২০০০ বর্গফুটের একটি ছাত্র হোস্টেল এবং ১১,৭৪২ বর্গফুটের চারতলা বিশিষ্ট ছাত্রী হোস্টেল নির্মাণ করা;
- হোস্টেল, ক্লাসরুম ও ল্যাবরেটরিতে প্রয়োজনীয় আসবাবপত্র, যন্ত্রপাতি, রাসায়নিক দ্রব্যাদির সংস্থান করা;
- একটি অত্যাধুনিক কম্পিউটার ল্যাবরেটরি নির্মাণ করা;
- বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুমোদনক্রমে ডিপ্লোমা-ইন-ফিসারিজ শিক্ষাক্রমের জন্য প্রকল্প কর্তৃক প্রণয়নকৃত সিলেবাস এবং ডিপ্লোমা-ইন-ফিসারিজ শিক্ষাক্রমের অন্তর্ভুক্ত ৫৩টি বই প্রণয়ন ও মুদ্রণ করা; এবং
- ৭টি ওয়ার্কসপ ও ১টি সেমিনার আয়োজন ও বাস্তবায়ন করা।

৯। **প্রকল্পের অনুমোদন ও সংশোধনঃ**

প্রকল্পটি ১১/১১/২০০৮ তারিখে ৬১৭.৯২ লক্ষ টাকা ব্যয়ে জুলাই, ২০০৮ থেকে জুন, ২০১২ মেয়াদে বাস্তবায়নের জন্য মাননীয় অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা কর্তৃক অনুমোদিত হয়। অত্যাবশ্যকীয় কয়েকটি নতুন অংগ অন্তর্ভূক্তি (ছাত্রী হোস্টেল, শিক্ষক ডরমেটরি, সীমানা প্রাচীর নির্মাণ) এবং বিদ্যমান কয়েকটি অংগের পরিমাণ বৃদ্ধি ও মেয়াদকাল ১ (এক) বছর বৃদ্ধি করে ৯৯৪.৮০ লক্ষ টাকা ব্যয়ে জুলাই,২০০৮ হতে জুন,২০১৩ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত প্রকল্পটি সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক প্রথম সংশোধন করা হয়। পরবর্তীতে সেশনজোট জনিত কারণে প্রথম ব্যাচের ছাত্র-ছাত্রীদের শিক্ষাক্রম সমাপ্ত না হওয়া, বই প্রণয়ন ও মুদ্রণ অসমাপ্ত থাকা, ক্লাশরুমসহ ল্যাবরেটরির আয়তন বৃদ্ধি, একটি মাইক্রোবাস ক্রয়ের অন্তর্ভূক্তি এবং নির্মাণ কাজ সমাপ্ত না হওয়ায় প্রকল্পের মেয়াদ আরো ১ (এক) বছর বৃদ্ধি করে ১২৯০.১৭ লক্ষ টাকা ব্যয়ে জুলাই,২০০৮ হতে জুন ২০১৪ মেয়াদে বাস্তবায়নে নিমিত্ত প্রকল্পটির ২য় সংশোধন প্রস্তাব ২৪/০৭/২০১৩ তারিখ মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

১০। ডিপিপি লক্ষমাত্রা এডিপি/আরডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় সংক্রান্ত তথ্য (পিসিআর এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

অর্থ বছর	ডিপিপি অনুযায়ী লক্ষমাত্রা	সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্ত	ব্যয়
২০০৮-০৯	১৪.৪৯৮	১৪.৪৯৮	১৪.৪৯৮	১৪.৪৯৮
২০০৯-১০	১৭৮.০৮৮	১৭৮.০৮৮	১৭৮.০৮৮	১৭৮.০৮৮
২০১০-১১	২৭৮.৬৫০	২৭৮.৬৫০	২৭৮.৬৫০	২৭৮.৬৫০
২০১১-১২	১১৫.৭৫০	১১৫.৭৫০	১১৫.৭৫০	১১৫.৭৫০
২০১২-১৩	২৯৯.৯৭৫	২৯৯.৯৭৫	২৯৯.৯৭৫	২৯৯.৯৭৫
২০১৩-১৪	৪০৩.২০৯	৪০৩.২০৯	৩৭১.০০০	৩৭০.৫৬৪
মোট	**১২৯০.১৭০**	**১২৯০.১৭০**	**১২৫৭.৯৬১**	**১২৫৭.০২২**

১১। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

ক্র:নং	কর্মকর্তার নাম ও পদবী	পূর্ণকালীন/ খন্ডকালীন	মেয়াদকাল
১।	জনাব মোঃ মঞ্জুর কাদির জেলা মৎস্য কর্মকর্তা	পূর্ণকালীন	০১/০২/২০০৯ হতে ১৫/১২/২০১০
২।	ড. মোঃ রিয়াজ উদ্দিন সরকার সহকারী পরিচালক	পূর্ণকালীন	১৬/০৩/২০১১ হতে ২১/১১/২০১০
৩।	ড. বিনয় কুমার চক্রবর্তী সহকারী পরিচালক	পূর্ণকালীন	২১/১১/২০১১ হতে ৩০/০৬/২০১৪

১২। প্রকল্প পরিদর্শনঃ

প্রকল্পটির সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে পরিচালক(আরডি), আইএমইডি কর্তৃক ০৩/০১/২০১৫ তারিখে প্রকল্প কর্তৃক বাস্তবায়িত কার্যক্রম পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউটের দায়িত্ব প্রাপ্ত অধ্যক্ষ এবং মৎস্য প্রশিক্ষণ ইনস্টিটিউটের দায়িত্ব প্রাপ্ত অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। উল্লিখিত কর্মকর্তাগণের উপস্থিতিতে আলোচ্য প্রকল্পের আওতায় ডিপিপির সংস্থান অনুযায়ী প্রতিষ্ঠিত মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউটের সকল কার্যক্রম পরিদর্শন করা হয়।

১৩। পরিদর্শন পর্যবেক্ষণ :

১৩.১। পূর্ত কাজ :

১৩.১.১। একাডেমিক ভবন (ক্লাশ-রুম-ল্যাবরেটরি ভবন):

প্রকল্পের ডিপিপি'র সংস্থান অনুযায়ী ১৩,৬৮৪ বর্গফুটের দ্বিতল ক্লাশরুম-ল্যাবরেটরি ভবনের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং হস্তান্তরও সম্পন্ন হয়েছে। নির্মাণ কাজের মান সন্তোষজনক মনে হয়েছে।



চিত্রঃ একাডেমিক ভবন



চিত্রঃ একটি শ্রেণী কক্ষ



চিত্রঃ একটি ল্যাবরেটরি কক্ষ

১৩.১.২। ছাত্র হোস্টেলঃ প্রকল্পের ডিপিপি'র সংস্থান অনুযায়ী ১৪,২২০ বর্গফুটের চারতলা বিশিষ্ট ছাত্র হোস্টেলের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং হস্তান্তর সম্পন্ন হয়েছে;



চিত্রঃ নির্মিত ছাত্র হোস্টেল

১৩.১.৩। **ছাত্রী হোস্টেলঃ** প্রকল্পের ডিপিপি'র সংস্থান অনুযায়ী ১১,৭৪২ বর্গফুটের চারতলা বিশিষ্ট ছাত্রী হোস্টেলের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং হস্তান্তর সম্পন্ন হয়েছে;



চিত্রঃ ছাত্রী হোস্টেল



চিত্রঃ ছাত্রী হোস্টেলের কক্ষ



চিত্রঃ ছাত্রী হোস্টেলের ডাইনিং কক্ষ

১৩.১.৪। **বাউন্ডারি ওয়ালঃ** প্রকল্পের ডিপিপি'র সংস্থান অনুযায়ী ছাত্রী ও ছাত্র হোস্টেলের ৬৫০ আরএম বাউন্ডারি ওয়াল নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং হস্তান্তর সম্পন্ন হয়েছে;

১৩.১.৫। **অন্যান্য নির্মাণ কাজঃ** প্রকল্পের ডিপিপি'র সংস্থান অনুযায়ী একাডেমিক বিল্ডিং, ছাত্র ও ছাত্রী হোস্টেলের স্লোপ প্রটেকশনসহ ২৪০০ বর্গফুট রাস্তা নির্মাণ সম্পন্ন হয়েছে;





চিত্রঃ নির্মিত রাস্তা

১৩.১.৬। **ডরমেটরি বিল্ডিং:**

প্রকল্পের ডিপিপি'র সংস্থান অনুযায়ী বিদ্যমান ৩তলা বিশিষ্ট একটি পুরাতন বিল্ডিং সংস্কার করে টিচার ডরমেটরি হিসেবে ঘোষণা করা হয়েছে;

১৩.১.৭। **সোলার প্যানেল স্থাপনঃ**

প্রকল্পের ডিপিপি'র সংস্থান অনুযায়ী মৎস্য ডিমা কোর্স চাঁদপুরের একাডেমিক বিল্ডিং, ছাত্র হোস্টেল ও ছাত্রী হোস্টেলের জন্য ০১ কিলোওয়াট করে সর্বমোট ০৩ কিলোওয়াট সম্পন্ন সোলার প্যানেল স্থাপন করা হয়েছে ও তা হস্তান্তর করা হয়েছে। তবে সোলার প্যানেলগুলো পশ্চিমমুখী করায় এবং ভবনের পশ্চিম দিকে কিছু বড় গাছ-পালা থাকায় এগুলো খুব সামান্য সূর্যের আলো পাচ্ছে। প্যানেলগুলো পূর্বমুখী করলে পর্যাপ্ত সূর্যালোক পাবে;



চিত্রঃ সোলার প্যানেল

১৩.২। **মাইক্রোবাস ক্রয়ঃ** প্রকল্পের ডিপিপি'র সংস্থান অনুযায়ী মৎস্য ডিপ্লোমা কোর্স চাঁদপুরের কোর্স কারিকুলাম অনুযায়ী ছাত্র-ছাত্রীদের ব্যবহারিক ক্লাশের জন্য একটি মাইক্রোবাস ক্রয় করা হয়েছে এবং ০১/০৭/২০১৪ তারিখে মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউটের অনুকূলে হস্তান্তর করা হয়েছে;

১৩.৩। **আসবাবপত্র ক্রয়ঃ** প্রকল্পের ডিপিপি'র সংস্থান অনুযায়ী ম্যাট্রেসসহ খাট ১২৫টি, পড়ার টেবিল ১২৫টি, ক্লাশরুম ডেস্ক ১২৫টি, চেয়ার ৪৫০টি, সিঙ্গেল সিটার বেঞ্চ ৫০টি, কম্পিউটার টেবিল ৩০টি, বুক শেলফ ২০টি, ল্যাবরেটরি, ডাইনিং ও কমনরুম টেবিল ১২ টি ক্রয় করা হয়েছে;



চিত্রঃ বুক শেলফ



চিত্রঃ ম্যাটেসসহ খাট



চিত্রঃ একটি শ্রেণীকক্ষের আসবাবপত্র



চিত্রঃডাইনিং হলের আসবাবপত্র

১৩.৪। **বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয়ঃ** ডিপ্লোমা-ইন-ফিসারিজ শিক্ষাক্রমের ল্যাবের জন্য মাফেল ফার্নেস ০১টি, মাইক্রোস্কোপ ১৫টি, ইলেকট্রিক ব্যালেন্স ১টি, অন্যান্য নিক্তি ৩টি, সেন্ট্রিফিউজ ১টি, রেফ্রিজারেটর ০২টি, স্টেরিলাইজার ০১টি, অটোক্লেভ ১টি, ডিও মিটার ০৩টি, পিএইচ মিটার ০৩টি, পানি পরীক্ষাকরণ কিট ১০টি, ল্যাবরেটরির জন্য প্রয়োজনীয় সংখ্যক কাঁচ ও প্লাস্টিকের সামগ্রী ক্রয় করা হয়েছে;



চিত্রঃ কেমিক্যালস ও গ্লাস-প্লাস্টিক সামগ্রী।



চিত্রঃ বৈজ্ঞানিক যন্ত্রপাতি



চিত্রঃ বৈজ্ঞানিক যন্ত্রপাতি



চিত্রঃ মাইক্রোস্কোপ

১৩.৫। পাঠ্যপুস্তক প্রণয়নঃ ডিপ্লোমা-ইন-ফিসারিজ শিক্ষাক্রমের ৫৩ (তেপ্পান্ন) টি পাঠ্যপুস্তক এবং ০৪ (চার)টি সিলেবাসসহ মোট ৫৭টি বই প্রণয়ন, সম্পাদনা ও মুদ্রণ সম্পন্ন করা হয়েছে;



চিত্রঃ সিলেবাস



চিত্রঃ পাঠ্য পুস্তক

১৩.৬। কম্পিউটার ল্যাবরেটরিঃ ডিপ্লোমা-ইন-ফিসারিজ শিক্ষাক্রমের সিলেবাস অনুযায়ী একটি কম্পিউটার ল্যাবরেটরি স্থাপন করা হয়েছে;





চিত্রঃ কম্পিউটার ল্যাবরেটরি

১৩.৭। **ডিপ্লোমা-ইন-ফিসারিজ শিক্ষাক্রমে ছাত্র-ছাত্রী ভর্তি:** প্রকল্পের ডিপিপি'র সংস্থান অনুযায়ী চাঁদপুরস্থ মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউটে ডিপ্লোমা-ইন-ফিসারিজ শিক্ষাক্রমে ২০০৯-১০ থেকে ২০১২-১৩ শিক্ষাবর্ষে ২৫ জন এবং ২০১৩-১৪ শিক্ষাবর্ষে ৪০ জন সর্বমোট ১৬৪ জন ছাত্র-ছাত্রী ভর্তি করা হয়েছে। উল্লেখ্য, এটি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদন প্রাপ্ত ৪ বছর মেয়াদী মৎস্য বিষয়ে ডিপ্লোমা প্রদানকারী দেশের একমাত্র সরকারি প্রতিষ্ঠান:

ক্র:নং	আর্থিক বছর	ছাত্র সংখ্যা	ছাত্রী সংখ্যা	মোট	মন্তব্য
১	**২০০৯-২০১০**	**১৮**	**০৭**	**২৫**	**পাশকৃত**
২	**২০১০-২০১১**	**১৩**	**০৭**	**২০**	**পাশকৃত**
৩	**২০১১-২০১২**	**১১**	**০৯**	**২০**	**চলমান**
৪	**২০১২-২০১৩**	**১৫**	**০৫**	**২০**	**চলমান**
৫	**২০১৩-২০১৪**	**২৫**	**১১**	**৩৬**	**চলমান**
৬	**২০১৪-২০১৫**	**৩৫**	**০৮**	**৪৩**	**চলমান**
			মোট =	**১৬৪**	

১৩.৮। **ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদানঃ** ডিপ্লোমা-ইন-ফিসারিজ শিক্ষাক্রমে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের জানুয়ারি/১০ হতে জুন/১৪ পর্যন্ত প্রতিজনকে প্রতি মাসে ৭৫০.০০ টাকা হারে বৃত্তি প্রদান করা হয়েছে;

১৩.৯। **সেমিনার ও ওয়ার্কশপঃ** ডিপ্লোমা-ইন-ফিসারিজ শিক্ষাক্রমের পাঠ্যপুস্তক নির্বাচন, সিলেবাস প্রণয়ন সম্পর্কিত ৭টি ওয়ার্কসপ ও ১টি সেমিনার ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে;

১৩.১০। **সনদ বিতরণঃ** প্রকল্প মেয়াদকালে একটি ব্যাচের মোট ২৫ জন শিক্ষার্থীর মাঝে ৪ বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ফিসারিজ কোর্স-এর সফল সমাপন শেষে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সনদপত্র বিতরণ করা হয়েছে; এবং

১৩.১১। **রাজস্ব খাতের জনবলঃ** মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউট এ জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নিম্নবর্ণিত ৩৯টি পদ অনুমোদন করা হলেও অর্থ মন্ত্রণালয় এর মধ্যে মাত্র ২৪টি পদের অনুমোদন দিয়েছে। অবশিষ্ট ১৫টি পদ অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

ক্র:নং	**পদের নাম**	**জনপ্রশাসন মন্ত্রনালয় কর্তৃক অনুমোদিত পদ সংখ্যা**	**অর্থ মন্ত্রনালয় কর্তৃক অনুমোদিত পদ সংখ্যা**	**মন্তব্য**
১.	প্রিন্সিপাল	০১ (এক) টি	০১	
২.	সিনিয়র ইন্সট্রাক্টর	০৪ (চার) টি	০০	
৩.	ইন্সট্রাক্টর	১০ (দশ) টি	০৫	০৩ টি ট্যাকনিক্যাল ও ০২ টি নন টেকনিক্যাল পদ
৪.	ডেমোনেস্ট্রেটর	০৪ (চার) টি	০২	
৫.	লাইব্রেরীয়ান	০১ (এক) টি	১	
৬.	অফিস সহকারী কাম-কম্পিউটর মুদ্রাক্ষরিক	০১ (এক) টি	০১	
৭.	একাউন্টেন্ট কাম-ক্যাশিয়ার	০১ (এক) টি	০১	
৮.	ইলেকট্রিশিয়ান	০১ (এক) টি	০১	
৯.	পাম্প অপারেটর	০১ (এক) টি	০১	
১০.	ল্যাব-এটেনডেন্ট	০৪ (চার) টি	০২	
১১.	হোস্টেল এটেনডেন্ট	০১ (এক) টি	০১	
১২.	এমএলএসএস	০২ (দুই) টি	০২	
১৩.	নৈশ প্রহরী	০২ (দুই) টি	০২	
১৪.	কুক	০১ (এক) টি	০১	
১৫.	কুক-কাম-বেয়ারার	০২ (দুই) টি	০২	
১৬.	ক্লিনার	০২ (দুই) টি	০১	
১৭.	সুইপার	০১ (এক) টি	০	

	মোট=	৩৯ (উনচল্লিশ) টি	২৪ (ছবিবশ) টি	

১৪। ক্রয় কার্যক্রম সংক্রান্তঃ

প্রকল্পের আওতায় ক্রয়কার্যক্রমে পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮অণুসরণ করা হয়েছে মর্মে নথি-পত্র বিশ্লেষণে দেখা যায়। প্রকল্পের আওতায় ক্রয়কৃত মালামাল মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউট, চাঁদপুরে ব্যবহৃত হচ্ছে।

১৫। এক্সটারনাল অডিটঃ

প্রকল্পের ২০০৮-২০০৯ হতে ২০১০-২০১১ সাল পর্যন্ত বাণিজ্যিক অডিট সম্পন্ন হয়েছে এবং উত্থাপিত আপত্তিসমূহ নিষ্পত্তি হয়েছে। তবে ২০১০-২০১১ হতে ২০১৩-২০১৪ সাল পর্যন্ত উত্থাপিত অডিট আপত্তিসমূহ এখনও নিষ্পত্তি হয়নি।

১৬। প্রকল্প বাস্তবায়নের প্রভাবঃ

প্রকল্প পরিদর্শন এবং নথিপত্র বিশ্লেষণে নিম্নবর্ণিত প্রভাব পরিলক্ষিত হয়ঃ

এ প্রকল্পের মাধ্যমে ডিপ্লোমা ডিগ্রী অর্জনকারীগণ মৎস্য খাতে মানবসম্পদ উন্নয়নের ক্ষেত্রে বিশেষ অবদান রাখবে। প্রকল্পটি দারিদ্র্য বিমোচন কৌশলের সাথে সঙ্গতিপূর্ণ। প্রকল্প বাস্তবায়নোত্তর দক্ষ ও প্রশিক্ষিত এই মানবসম্পদ দারিদ্র্য হ্রাসকরণে বলিষ্ঠ ভূমিকা পালন করবে মর্মে প্রকল্প পরিচালক, প্রতিষ্ঠানের অধ্যক্ষ এবং প্রশিক্ষকগণের সাথে আলোচনা করে মনে হয়েছে। সরকারি ও বেসরকারি পর্যায়ে মৎস্য সম্প্রসারণ ও গবেষণামূলক সংস্থা, ব্যাংক, বিভিন্ন হ্যাচারি-নার্সারি, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা উন্নয়ন প্রতিষ্ঠান, মৎস্য ও মৎস্যজাত পণ্য প্রক্রিয়াজাতকরণ প্রতিষ্ঠান এবং এসংক্রান্ত কর্মকান্ডে সম্পৃক্ত এনজিও-তে নিয়োগপ্রাপ্ত হয়ে মৎস্যসম্পদ উন্নয়নে সরাসরি ভূমিকা পালন করবে।

প্রকল্পের আরো একটি লক্ষ্য ছিল বেসরকারী খাতকে উদ্বুদ্ধকরণ। ইতিমধ্যে বাংলাদেশে বেসরকারী খাত ৫৯টি মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউট প্রতিস্থাপিত হয়েছে এবং ডিপ্লোমা-ইন-ফিসারিজ কোর্স চালু করা হয়েছে। প্রকল্পের বিভিন্ন অংগ যেমনঃ- ছাত্রাবাস, প্রশাসনিক ভবন পরিদর্শনকালে পরিষ্কার-পরিচ্ছন্নতার তীব্র অভাব পরিলক্ষিত হয়েছে। এ প্রসংগে পরিচালক, প্রতিষ্ঠানের অধ্যক্ষ এবং অন্যান্যরা জানান যে, এখনো জনবল নিয়োগ দেয়া হয়নি। নিয়োগ দেয়া হলে এ সমস্যা থাকবে না। তবে সার্বিক পর্যবেক্ষণে এবং বিভিন্ন তথ্য থেকে জানা যায়, অধ্যক্ষ মহোদয় নিয়মিত ইন্‌স্টিটিউট এ থাকেন না। তিনি ইন্‌স্টিটিউটে অনুপস্থিত থাকার কারণে প্রতিষ্ঠানটির সার্বিক ব্যবস্থাপনা ব্যাহত হচ্ছে বলে মনে হয়েছে।

১৭। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

অনুমোদিত উদ্দেশ্য	অর্জন
যোগ্য শিক্ষার্থীদের ডিপ্লোমা-ইন-ফিসারিজ কোর্স সম্পন্ন করার মাধ্যমে মৎস্য সেক্টরে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান, মৎস্য হ্যাচারি, মৎস্য খামার, মৎস্য খাদ্য কারখানা, মৎস্য ও মৎস্যজাত পণ্য প্রক্রিয়াজাতকরণ কারখানায় নিয়োজিত করার লক্ষ্যে মধ্যম পর্যায়ের দক্ষ প্রযুক্তি জ্ঞানসম্পন্ন জনশক্তি সৃষ্টি করা।	প্রকল্প মেয়াদকালে একটি ব্যাচের মোট ২৫ জন শিক্ষার্থীর মাঝে ৪ বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ফিসারিজ কোর্স-এর সফল সমাপন শেষে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সনদপত্র বিতরণ করা হয়েছে। তাছাড়া আরো একটি ব্যাচের ২০ জন শিক্ষার্থী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সনদপত্র অর্জন করেছে। অপর চারটি ব্যাচের শিক্ষার্থীগণ অধ্যয়নরত রয়েছে।
মৎস্য অধিদপ্তরাধীন চাঁদপুরস্থ মৎস্য প্রশিক্ষণ ইন্সটিটিউট-এ সফলভাবে ডিপ্লোমা-ইন-ফিসারিজ শিক্ষাক্রম সম্পন্ন করার নিমিত্ত প্রয়োজনীয় ভৌত অবকাঠামো স্থাপন।	প্রকল্পের আওতায় মৎস্য অধিদপ্তরাধীন চাঁদপুরস্থ মৎস্য প্রশিক্ষণ ইন্সটিটিউট-এ মৎস্য ডিপ্লোমা-ইন-ফিশারিজ শিক্ষা কার্যক্রম শুরু করা হয়েছে এবং প্রকল্পের সংস্থান অনুযায়ী প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট প্রদান হয়েছে।

১৮। উদ্দেশ্য অর্জিত না হয়ে থাকলে তার কারণঃ

আলোচ্য প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে। তবে কিছু বাস্তবায়ন সমস্যা পরিলক্ষিত হয়েছে যা অনুচ্ছেদ ১৯-এ বর্ণিত হলো।

১৯। বাস্তবায়ন সমস্যাঃ

১৯.১। প্রকল্প চলাকালীন সময়ে চাঁদপুরের ক্যাম্পাসটি মৎস্য অধিদপ্তর ও মৎস্য গবেষণা ইনস্টিটিউটের যৌথ হওয়ার ফলে ছাত্রী হোস্টেলের স্থান নির্বাচন ও সীমানা প্রাচীর নির্মাণ কালে স্থান নির্বাচন নিয়ে এক জটিলতার সৃষ্টি হয়। পরবর্তীতে মৎস্য ও

প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের হস্তক্ষেপে যৌথ ক্যাম্পাসের জমির মালিকানা চিহ্নিত করে ছাত্রী হোস্টেল ও সীমানা প্রাচীরের জায়গা নির্ধারণ করা হয়। ফলে প্রকল্পের অবকাঠামো উন্নয়নে অতিরিক্ত সময় ব্যয় হয়।

২০। সুপারিশঃ

২০.১। একাডেমিক ভবনের উপর স্থাপিত সোলার প্যানেলগুলো পশ্চিমমুখী না রেখে পর্যাপ্ত সূর্যালোক প্রাপ্তির লক্ষ্যে পূর্বমুখী করা প্রয়োজন;

২০.২। অনুমোদিত পদে দ্রুত জনবল নিয়োগ করে ইন্‌স্টিটিউটটি পূর্ণ সচল ও কার্যকর করা প্রয়োজন;

২০.৩। বর্তমান অধ্যক্ষকে দায়িত্ব পালনে আরো আন্তরিক করার জন্য উদ্যোগ নেয়া যেতে পারে অথবা একজন দক্ষ ও যোগ্য কর্মকর্তাকে অধ্যক্ষ হিসেবে পদায়ন/ নিয়োগ দেয়া যেতে পারে;

২০.৪। প্রকল্পের ২০১১-২০১২ হতে ২০১৩-২০১৪ সাল পর্যন্ত এক্সটারনাল অডিটে উত্থাপিত আপত্তি সমূহ নিষ্পত্তিপূর্বক এ বিভাগকে অবহিত করতে হবে;

২০.৫। ইতোমধ্যে কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক বেসরকারী পর্যায়ে ৫৯টি প্রতিষ্ঠানে ডিপ্লোমা ইন ফিশারিজ কোর্স চালু করা হয়েছে। এ সকল বেসরকারি প্রতিষ্ঠানের অবকাঠামোগত উন্নয়ন, আয়তন, শিক্ষার পরিবেশ, প্রতিষ্ঠানের দক্ষ শিক্ষকমন্ডলী, কম্পিউটার ল্যাবরেটরিসহ গুরুত্বপূর্ণ অন্যান্য ল্যাবরেটরির সুবিধা বিবেচনায় এনে তাদের অনুমোদন দেয়ার জন্য কারিগরী শিক্ষা বোর্ডকে অনুরোধ করা যেতে পারে। অন্যথায়, এ সমস্ত প্রতিষ্ঠান থেকে কারিগরি ডিগ্রীপ্রাপ্ত শিক্ষার্থীগণ বাস্তবে মৎস্য খাতে বলিষ্ঠ ও কার্যকর পদক্ষেপ রাখতে পারবে বলে মনে হয় না।

পরিশিষ্ট "ক"

ক্র:নং	অঙ্গের বিবরণ	একক	সর্বশেষ ডিপিপি অনুযায়ী লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
০১।	কর্মকর্তাদের বেতন	৪জন	-	৪২.৯০১	৮৬.৮৫ %	৩৭.২৬০
০২।	প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন	৪জন		৮.০৭৯	৮৩.২০ %	৬.৭২১
০৩।	ভাতাদি	৮জন	-	৪৯.৫০৭	৮৩.৫০ %	৪১.৩৩৭
০৪।	ভ্রমন ব্যয়	থোক	থোক	৭.৭৫০	১০০ %	৭.৭৫০
০৫।	রেজিষ্টেশন ফি	থোক	থোক	১.৪০০	১০০ %	১.৪০০
০৬।	বিদ্যুৎ বিল ও গ্যাস বিল	থোক	থোক	৬.০০০	১০০ %	৬.০০০
০৭।	অতিথিবক্তাদের সম্মানী	৬৭২০ সেশন	৬৭২০ সেশন	২০.১৫৯	৯০.৫৩ %	১৮.২৫০
০৮।	শিক্ষার্থীদের স্টাইপেন্ড	১১৫ জন	১১৫ জন	৩১.০০৫	৯৮.৮২ %	৩০.৬৪০
০৯।	কন্টিনজেন্সি(অফিস কন্টিজেন্সি,স্টেশনারীজ,টেলিফোন সংযোগ ও বিল মেরামত এবং অন্যান্য)	থোক	থোক	৩৭.৫৫৯	১০০ %	৩৭.৫৫৯
১০।	শিক্ষা ভ্রমণ(ছাত্র/ ছাত্রীদের জন্য)	২৫ জন করে ৪ব্যাচ	২৫ জন করে ৪ব্যাচ	২.০০০	১০০ %	২.০০০
১১।	শিক্ষার্থীদের ফিল্ড এটাচমেন্ট বাবদ	২৫জন করে ২ ব্যাচ	২৫ জন করে ২ ব্যাচ	৯.০০০	১০০ %	৯.০০০
১২।	পাঠ্য বই প্রণযন	৫৭টি	৫৭ টি	৫৬.২০৩	১০০ %	৫৬.২০২
১৩।	পাঠ্য বই ও মডিউল মুদ্রন এবং লাইব্রেরীর জন্য বই ক্রয়	৫৭টি+থোক	৫৭টি+থোক	৪৬.০০০	১০০ %	৪৬.০০০
১৪।	প্রশিক্ষণএবং কর্মশালা/সেমিনার	থোক	থোক	৭.০২০	৯৯.৯৯%	৭.০১৮
১৫।	জ্বালানী	থোক	থোক	৮.৪০০	১০০%	৮.৪০০
১৬।	ল্যাবরেটরী ক্যামিক্যাল ও পরিশ্রুত পানি	থোক	থোক	৬.৫০০	১০০%	৬.৫০০
১৭।	মিটিং	থোক	থোক	৩.০৪৩	১০০%	৩.০৪৩
১৮।	যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ	থোক	থোক	৭.২০০	১০০%	৭.১৯৭
১৯।	হোস্টেল, ল্যাবরেটরী, ক্লাসরুম, লাইব্রেরী সংস্কার/ বৈদ্যুতিক লাইন স্থাপন	থোক	থোক	৩৫.০০০	৯৯.৬৪%	৩৪.৮৭২
	ক. রাজস্ব			**৩৮৪.৭২৬**		**৩৬৭.১৪৮**
২০।	মাইক্রোবাস ক্রয়	১টি	১টি	৩৯.০০০	৭৪.৭৭%	২৯.১৫৮
২১।	ফটোকপিয়ার ক্রয়	২টি	২টি	২.৯৯২	১০০ %	৭৭.৭২৮
২২।	মাইক্রোসকোপ ক্রয়	১৫টি	১৫টি	২৪.৩২৫	১০০ %	২৪.৩২৫
২৩।	অটোক্লেভ	১টি	১টি	২.৯৮০	১০০ %	২.৯৮০
২৪।	ইলেক্ট্রিক নিক্তি	১টি	১টি	০.৭৩৩	১০০ %	০.৭৩৩
২৫।	অন্যান্য নিক্তি	থোক	থোক	২.৭১৬	১০০ %	২.৭১৬
২৬।	সেন্ট্রিফিউজ মেশিন	১টি	১টি	০.৫৯৫	১০০ %	০.৫৯৫
২৭।	মাফল ফার্ণেস	১টি	১টি	২.৯৮৫	১০০ %	২.৯৮৫

ক্র:নং	অঙ্গের বিবরণ	একক	সর্বশেষ ডিপিপি অনুযায়ী লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
২৮।	ডিও মিটার	৩টি	৩টি	১.৪৯৭	১০০ %	১.৪৯৭
২৯।	পিএইচ মিটার	৩টি	৩টি	১.১৮৫	১০০ %	১.১৮৫
৩০।	পানি পরীক্ষাকরণ কিট	১০টি	১০টি	৫.০০০	১০০ %	৫.০০০
৩১।	রেফ্রিজারেটর	২টি	২টি	০.৭০০	১০০ %	০.৭০০
৩২।	স্টেরিলাইজার	১টি	১টি	০.৭৪৭	১০০ %	০.৭৪৭
৩৩।	কাঁচ/প্লাস্টিকের জিনিসপত্র	থোক	থোক	১১.০০০	১০০ %	১১.০০০
৩৪।	অন্যান্য যন্ত্রপাতি	থোক	থোক	৬.৭৮৯	১০০ %	৬.৭৮৯
৩৫।	সোলার প্যানেল	থোক	থোক	১৩.৫০০	১০০ %	১৩.৫০০
৩৬।	এক্সেসরিজসহ কম্পিউটার	৩১টি	৩১টি	১৯.০০০	১০০ %	১৮.৯৯৯
৩৭।	ম্যাট্রেসসহ খাট	১২৫টি	১২৫টি	১৬.০০০	১০০ %	৬৫.৬৯৩
৩৮।	পড়ার টেবিল	১২৫টি	১২৫টি	৮.০০০	১০০ %	৮.০০০
৩৯।	ক্লাসরুম ডেস্ক	১২৫টি	১২৫টি	৫.০০০	১০০ %	৫.০০০
৪০।	চেয়ার	৪৫০টি	৪৫০টি	৯.৫০০	১০০ %	৯.৫০০
৪১।	ল্যাবরেটরী ডাইনিং/কমনরুম টেবিল	থোক	থোক	৪.১০০	১০০ %	৪.১০০
৪২।	বেঞ্চ, টুল (সিঙ্গাল সীটার)	৫০টি	৫০টি	০.৫০০	১০০ %	০.৫০০
৪৩।	কম্পিউটার টেবিল	৩০টি	৩০টি	২.৫০০	১০০ %	২.৫০০
৪৪।	কাপ বোর্ড	থোক	থোক	১.২০০	১০০ %	১.২০০
৪৫।	বুক সেলফ	থোক	থোক	৫.০০০	১০০ %	৫.০০০
৪৬।	অন্যান্য ফার্নিচার	থোক	থোক	১৩.৯০০	১০০ %	১৩.৯০০
৪৭।	হোস্টেল বিল্ডিং	১৪২২০ বর্গফুট	১৪২২০ বর্গফুট	১৮০.০০০	১০০ %	১৮০.০০০
৪৮।	ছাত্রী হোস্টেল বিল্ডিং	১১৭৪২ বর্গফুট	১১৭৪২ বর্গফুট	২৩৪.০০০	৯৯.৮২ %	২৩৩.৫৭১
৪৯।	ক্লাসরুম বিল্ডিং	১৩৬৮৪ বর্গফুট	১৩৬৮৪ বর্গফুট	২১৯.০০০	৯৭.৬৫%	২১৩.৮৪৭
৫০।	ল্যাবরেটরী ভবন					
৫১।	অন্যান্য নির্মাণ কাজ	থোক	থোক	৩৯.০০০	৯৯.৯৭%	৩৮.৯৮৮
৫২।	বাউন্ডারি ওয়াল	আরএম+ থোক	৬৫০আরএম থোক	৩২.০০০	৯৯.৯৭ %	৩১.৮৯০
	খ. মূলধন			**৯০৫.৪৪৪**		**৮৮৯.৮৭৪**
	সর্বমোট (ক+খ) :			**১২৯০.১৭০**	**৯৭.৪৭%**	**১২৫৭.০২২**

ইমারজেন্সী ২০০৭ সাইক্লোন রিকভারী এন্ড রেস্টোরেশন প্রজেক্ট, কম্পোনেন্ট-এ, মৎস্য উপ-অংশ
সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত : জুন, ২০১৪)

১। প্রকল্পের নাম : **ইমারজেন্সী ২০০৭ সাইক্লোন রিকভারী এন্ড রেস্টোরেশন প্রজেক্ট,** কম্পোনেন্ট-এ, মৎস্য উপ-অংশ।

২। নির্বাহী সংস্থা : মৎস্য অধিদপ্তর

৩। : মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

৪। :

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	১ম সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৩৪৪৭.৫০	৬১৩৮.৭৫	৫৭১২.১৫	জুলাই ২০০৮ থেকে জুন' ২০১৩	জুলাই ২০০৮ থেকে জুন' ২০১৪	এপ্রিল ২০১০ থেকে জুন' ২০১৪	-	২০%

৬। প্রকল্পের পটভূমি:

৬.১ ২০০৭ সালের ১৫ নভেম্বর সন্ধ্যায় বাংলাদেশের দক্ষিণাঞ্চল সাইক্লোন সিডর দ্বারা আক্রান্ত হয়।আবহাওয়া অধিদপ্তরের মতে সাইক্লোনের গতিবেগ ছিল প্রতি ঘন্টায় ২২০-২৪০ কিলোমিটার। এ ঘূর্ণিঝড় উপকূলীয় এলাকার ৩০ জেলার ৯ মিলিয়ন জনসংখ্যার জীবন জীবিকার ক্ষতি সাধন করে। ঘূর্ণিঝড়ের কারণে ৩,০০০ জন লোক মারা যায় এবং ৫৫,০০০ জন আহত হয়। প্রায় ১.৫০ মিলিয়ন ঘরবাড়ি ক্ষতিগ্রস্থ হয় এবং ৪ মিলিয়ন গাছপালা উপড়ে পড়ে। দক্ষিণাঞ্চলের মৎস্য সেক্টরও সিডরের আঘাতে বিপুল পরিমানে ক্ষতিগ্রস্থ হয়। ঘূর্ণিঝড়ে প্রায় ৪৩১৪৬ একর পুকুর/ঘের সম্পূর্ণরূপে ক্ষতিগ্রস্থ হয়। পুকুর ও ঘেরের মৎস্য সম্পদ ভেসে যায় এবং জলাশয়গুলো লবনাক্ত পানি, গাছপালার পাতা ইত্যাদি দ্বারা পচে দূষিত হয়ে যায়। এ ছাড়াও ঘূর্ণিঝড় ডাইক, পুকুর/ঘেরের বাউন্ডারী ওয়াল, শেড ইত্যাদি ক্ষতি করে। এ ঝড়ে ২৪৭৮টি জেলে নৌকা ও ২৪৬৭টি জাল ভেসে যায়। গরীব মৎস্য চাষীরা এ সকল নৌকা, জাল এবং জলাশয়ের উপর সম্পূর্ণরূপে নির্ভরশীল। বিধ্বংসী সাইক্লোন সিডরের ক্ষতি কাটিয়ে উঠতে বিশ্ব ব্যাংকের আর্থিক ও কারিগরি সহায়তায় বাংলাদেশ সরকার Emergency Cyclone Recovery and Restoration Project (ECRRP) গ্রহণ করে। ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্থ গরীব কৃষক, মৎস্য চাষী যারা জেলে নৌকা, জাল এবং অন্যান্য সম্পদ হারিয়েছে তাদের পুনর্বাসন করে সাধারণ জীবনে ফিরিয়ে আনতে প্রকল্প হতে কার্যক্রম গ্রহণ করা হয়।

৬.২ ইসিআরআরপি মৎস্য উপ- অংশের তিনটি অংশ:

ক. মৎস্য চাষ (Aquaculture) : উপকূলীয় ক্ষুদ্র মৎস্যচাষীদের মধ্যে মৎস্যচাষ উপকরণ চুন, সার, মাছের পোনা (কার্প, মনোসেক্স তিলাপিয়া, গলদা, বাগদা) মাছের খাদ্য সরবরাহের মাধ্যমে উৎপাদন গতিধারা পুনরূদ্ধার করা;

খ. কেপচার ফিসারিস (Capture Fisheries) : উপকূলীয় জেলেদের মধ্যে জাল এবং অত্যাধুনিক ফাইবার গ্লাস নৌকা (FRP Boat), সাগর নিরাপত্তা সামগ্রী সরবরাহেরর মাধ্যমে তাদের পূর্বাবস্থা পুনরূদ্ধারের চেষ্টা করা হয়েছে;

গ. সামাজিক সচেতনতা সৃষ্টি ও সহজিকরণ (Community Mobilization and Facilitation): জেলেদের সংগঠন সিবিএ তৈরির মাধ্যমে প্রশিক্ষণ প্রদান এবং তাদের মধ্যে জাল ও এলএলপি পাম্প বিতরণ করে তাদের ক্ষমতায়ন করার চেষ্টা করা হয়েছে।

৭। প্রকল্প সংশোধন ও অনুমোদন: প্রকল্পটি ৩৪৪৭.৫০ লক্ষ টাকা ব্যয় ও জুলাই/২০০৮ হতে জুন/২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য ২৩/১০/২০০৮ খ্রি: তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের ব্যয় ৬১৩৮.৭৫ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জুন/২০১৪ পর্যন্ত বৃদ্ধি করে প্রকল্পটি সংশোধন করা হয়।

৮। অংগ ভিত্তিক অগ্রগতি: **পরিশিষ্ট-ক**

৯। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:** প্রকল্পের প্রয়োজনীয় কোন অংগের কাজ অসমাপ্ত নেই।

১০। মূল্যায়ন পদ্ধতি (Methodology): আলোচ্য প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছে:

- ✓ PSC সভার কার্যবিবরণী পর্যালোচনা;
- ✓ ডিপিপি পর্যালোচনা;
- ✓ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- ✓ পিসিআর পর্যালোচনা;
- ✓ কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন ;
- ✓ প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১১। **প্রকল্পের উদ্দেশ্য:**

- ➢ ঘূণিঝড় ক্ষতিগ্রস্থ উপকূলীয় মৎস্যচাষীদের মধ্যে মৎস্যচাষ উপকরণ সরবরাহের মাধ্যমে উৎপাদন গতিধারা পুনরূদ্ধার করা;
- ➢ ঘূর্ণিঝড় ক্ষতিগ্রস্থ উপকূলীয় জেলেদের মধ্যে জাল এবং নৌকা মেরামত/সরবরাহেরর মাধ্যমে তাদের অবস্থা পুনরূদ্ধার করা;
- ➢ উপকূলীয় জেলে/মৎস্যচাষীদের ঘূর্ণিঝড় মোকাবেলায় সচেতনা সৃষ্টির মাধ্যমে তাদের জানমাল রক্ষায় সক্ষমতা বৃদ্ধি করা;
- ➢ উপকূলীয় মৎস্য সেক্টরে স্থিতিশীল আর্থিক উন্নয়নের নিশ্চয়তা তৈরি;
- ➢ উপকূলীয় জেলে এবং ক্ষুদ্র মৎস্যচাষীদের চলমান জ্ঞানের উন্নয়ন ঘটানো।

১২। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি: প্রকল্পটি বিশ্বব্যাংকের অর্থায়নে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা কর্তৃক বাস্তবায়িত। প্রকল্প বাস্তবায়নে মাৎস্য অধিদপ্তরে কোন প্রকল্প পরিচালক ছিলনা। মৎস্য অধিদপ্তর একজন 'ফোকাল পয়েন্ট' মাধ্যমে প্রশাসনিক সহযোগিতা প্রদান করেছে।

ক্রঃ নং	প্রকল্প পরিচালকের নাম	পদবী	পূর্ণকালীন/খন্ডকালীন	সময়কাল
১	ড. আ.ন.ম আজিজুল ইসলাম খান ফোকাল পয়েন্ট	সহকারী পরিচালক	খন্ডকালীন	২৬/০৭/২০০৯ থেকে ৩০/০৬/২০১৪

১৩। **প্রকল্প পরিদর্শন:** আইএমইডি'র উপ-পরিচালক জনাব পরিমল চন্দ্র বসু কর্তৃক ২১-২২ আগস্ট, ২০১৫ খ্রি: তারিখে প্রকল্পের পিরোজপুর ও বরিশাল অংশ পরিদর্শিত হয়। পরিদর্শনের সময় ঝালকাঠি ও বরিশাল জেলার জেলা মৎস্য কর্মকর্তা এবং উপজেলার সংশ্লিষ্ট মৎস্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

১৪। সাধারণ পর্যবেক্ষণ:

১৪.১ ঝালকাঠি জেলার কাঠালিয়া উপজেলার চেচরী গ্রামে প্রকল্পের আওতায় গঠিত একটি মৎস্য চাষী সমিতি ও তাদের কার্যক্রম পরিদর্শন করা হয়। সমিতির সদস্য সংখ্যা ২৫ জন। উক্ত মৎস্য সমিতির সদস্য জনাব মো: মোশারফ হোসেন ও জনাব হাবিবুর রহমান জানান যে, এ প্রকল্প গ্রহণের ফলে তাঁরা উপকৃত হয়েছেন। প্রকল্প হতে প্রতিটি গ্রুপে জাল, পুকুর তৈরীর উপকরণ, মাছের পোন, মাছের খাবার সরবরাহ এবং মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বিনামূল্যে এগুলো সরবরাহ পাওয়ায় আর্থিকভাবে কৃষকগণ খুব উপকৃত হয়েছেন;



চিত্র-১: প্রকল্প হতে বিতরণকৃত জাল।



চিত্র-২: প্রকল্প হতে সরবরাহকৃত মাছের পোনা দিয়ে মৎস্য চাষ।

১৪.২ ঝালকাঠি জেলার কাঠালিয়া উপজেলার উত্তর আউরা গ্রামের কৃষক দলের সাথে আলোচনা করে জানা যায় যে, উক্ত দলের ২৫ জনই নিজ নিজ অথবা বর্গা করা পুকুরে মৎস্য চাষে নিয়োজিত আছেন। প্রকল্পের কার্যক্রমের আগেও তাঁরা মৎস্য চাষে জড়িত ছিলেন কিনা জানতে চাইলে সমিতির সদস্য জনাব মো: মনিরূজ্জামান জানান যে, পূর্বে সকলেই মৎস্য চাষ করতেন না। প্রকল্প হতে প্রশিক্ষণ, মৎস্য চাষের উপকরণ পেয়ে তারা সবাই মৎস্য চাষে আগ্রহী হয়েছেন;



চিত্র-৩: মৎস্য সমিতির সদস্যদের সাথে মত বিনিময়।

১৪.৩ প্রকল্পের কার্যক্রম পরিদর্শনে প্রতীয়মান হয়েছে যে, প্রকল্পটির উপকার সম্পূর্ণরূপে টেকসই হবে না। কারণ মৎস্যচাষীগণ প্রকল্প হতে বিনামূল্যে মাছের পোনা, মৎস্য চাষের উপকরণ, পুকুর তৈরীর উপকরণ, জাল ইত্যাদি পেয়েছেন। প্রকল্প না থাকায় এ গুলোর সরবরাহ বন্ধ হয়ে গেছে। ফলে প্রান্তি কৃষকগণ মৎস্য চাষের জন্য প্রয়োজনীয় অর্থ বিনিয়োগ করতে পারছেন না। প্রান্তিক কৃষকগণ প্রকল্পটি যাতে চলামান থাকে তার জন্য অনুরোধ করেন;

১৪.৪ মৎস্য অধিদপ্তরের জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ জানান যে, প্রকল্পের আওতায় সরবরাহকৃত ৯৩টি Fiber Reinforced Plastic (FRP) নৌকার ব্যবহার ও মেরামত সম্পর্কে এখনও মৎস্যচাষীগণ অভিজ্ঞতা অর্জন করেনি। এ কারণে মৎস্য অধিদপ্তরের কর্মকর্তাদের অবিরাম মনিটরিং করা প্রয়োজন। কিন্তু উপকূলীয় এলাকায় মৎস্য বিভাগে প্রয়োজনীয় জনবল নেই;

১৪.৫ মৎস্য অধিদপ্তরের জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ আরও জানান যে, কৃষকদের মৎস্য চাষ সম্পর্কিত লব্ধ জ্ঞান হালনাগাদ (up to date) রাখতে প্রশিক্ষণ কর্মসূচি চালিয়ে যাওয়া প্রয়োজন।

১৫। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

ক্র: নং	প্রকল্পের উদ্দেশ্য	অর্জন
১।	উপকূলীয় সাইক্লোন বিধ্বস্ত এলাকায় মৎস্যচাষীদের উপকরণ সরবরাহ করে মৎস্য চাষের উৎপাদন শৃঙ্খল ফিরিয়ে আনা;	প্রকল্পটি বাস্তবায়নের ফলে মৎস্য চাষের উৎপাদন শৃঙ্খল পুন:প্রতিষ্ঠিত হয়েছে। উপকূলীয় অঞ্চলের ২৪৮৫০ জন কৃষক মৎস্য চাষের আধুনিক ও বৈজ্ঞানিক পদ্ধতি ব্যবহার করে মৎস্য চাষ করছে। প্রকল্প হতে প্রশিক্ষণ পেয়ে তারা মৎস্য চাষে আগ্রহী হয়ে উঠেছে;
২।	জাল সরবরাহ এবং জেলে নৌকা সরবরাহ ও মেরামতের মাধ্যমে সাইক্লোন আক্রান্ত উপকূলীয় জেলেদের জীবিকা পুনরুদ্ধার;	প্রকল্প হতে ৬৩৯ জন সিডর আক্রান্ত জেলেকে ৯৩টি অত্যাধুনিক জেলে নৌকা, ইলিশ মাছ ধরার জাল, সমুদ্রে জীবন রক্ষাকারী যন্ত্রপাতি, ৩৩৩০ জন মোহনার জেলেকে ১১১০টি পরিবেশ বান্ধব জাল সরবরাহ করা হয়েছে। এতে মোহনায় মৎস্য উৎপাদন বৃদ্ধি পেয়েছে;
৩।	উপকূলীয় জেলেদের জীবন ও জীবিকা সাইক্লোন হতে রক্ষার্থে সক্ষমতা তৈরী;	প্রকল্পের আওতায় জেলেদের ২২২৩টি গ্রুপ গঠনে এবং প্রতিটি গ্রুপকে সমুদ্রে জীবন রক্ষা যন্ত্রপাতি, জেলে নৌকা ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;

ক্র: নং	প্রকল্পের উদ্দেশ্য	অর্জন
৪।	উপকূলী অঞ্চলে মৎস্য খাতের প্রবৃদ্ধি নিশ্চিত করা;	প্রকল্পের আওতায় ২২২৩টি গ্রুপ গঠন, জেলেদের প্রশিক্ষণ প্রদান, জেলে নৌকা সরবরাহ, নৌকা তৈরীর প্রশিক্ষণ প্রদান এবং ২৪৮৫০ জন জেলে মৎস্য চাষে প্রত্যক্ষভাবে জড়িত হওয়ায় এ অঞ্চলের মৎস্য খাতের প্রবৃদ্ধি নিশ্চিত হয়েছে;
৬।	উপকূলীয় জেলে এবং ক্ষুদ্র মৎস্যের বিদ্যমান স্থিতির উপর ভিত্তি করে জ্ঞান উন্নতকরণ।	FAO মৎস্য চাষীদের জ্ঞান ও তথ্যভান্ডার উন্নত করতে এনজিও নিয়োগ, মৎস্য অধিদপ্তরের কর্মকর্তাদের মাধ্যমে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করে তথ্য ভান্ডার সমৃদ্ধ করতে ব্যবস্থা গ্রহণ করেছে।

১৬। প্রকিউরমেন্ট: প্রকল্পের সকল ধরণের প্রকিউরমেন্ট FAO-এর নীতিমালা অনুসরণ করা হয়েছে এবং কোন প্যাকেজের প্রকিউরমেন্ট Miss Procurement হিসেবে ঘোষিত হয়নি মর্মে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান ।

১৭। আইএমইডি'র মতামত:

১৭.১ ECRRP প্রকল্পের আওতায় প্রান্তিক মৎস্য চাষীগণ মৎস্য চাষে মাছের পোনা, পুকুর তৈরীর উপকরণ, জাল, নৌকা, সমুদ্রে জীবন রক্ষাকারী যন্ত্রপাতি ইত্যাদি প্রকল্প হতে বিনা মূল্যে সরবরাহ পেয়েছে। প্রকল্পের কার্যক্রম শেষ হয়ে যাওয়ায় হত দরিদ্র মৎস্য চাষীগণ মাছ চাষে বিনিয়োগ করতে পারছেন না। এ কারণে হত দরিদ্র মৎস্য চাষীদের ভর্তুকি মূল্যে মৎস্য চাষের উপকরণ সরবরাহের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে;

১৭.২ উপকূলীয় এলাকায় মৎস্য বিভাগে প্রয়োজনীয় জনবল নিয়োগ/পদায়নের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে;

১৭.৩ প্রকল্পের আওতায় যে সকল মৎস্য চাষীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে উক্ত প্রশিক্ষণ কার্যক্রম চালিয়ে যেতে মৎস্য অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে;

১৭.৪ প্রকল্পটির External Audit সম্পাদন এবং উপ-অনুচ্ছেদ: ১৭.১ হতে ১৭.৩ এ উল্লিখিত সুপারিশের বিষয়ে গৃহিত পদক্ষেপ আইএমইবিভাগকে অবহিত করতে হবে।

অংগভিত্তিক ব্যয় বিভাজন ও অগ্রগতি **পরিশিষ্ট -ক**

Component-wise Progress (As per latest approved PP):

(In lakh Taka)

Items of work (as per PP)	Unit	Target (as per PP)		Actual Progress		Reasons for deviation (±)
		Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)	
1	2		4	5	6	7
a) National Consultants						
Communication Specialist		0				
Community Development Specialist	wm	18.51	12	18.33	12	
b) Component Management				0		
a) - International Technical Assistance				0		
Chief Technical Advisor (CTA)	wm	694.08	50	614.83	50	
Master Boat Builder	wm	9.64	1.5	0	1.5	
b) - Technical Support Services				0		
Reporting	LS	15.42	2	0		
Project Evaluation	LS	38.56	2	0		
Technical Advisory Services	LS	52.44	4	38.44		
c) - Contracts				0		
Office Rental (Dhaka)	wm	26.22	17	15.97	17	
Office Rental (Barisal)	**wm**	42.42	15	25.98	15	
Operation & Maintenance of vehicles, Implementation cell, DoF focal point expenses, etc.	**wm**	146.42	54	125.08	54	
d) - National Support Staff				0		
Accountant	wm	18.66	26	16.51	26	
Drivers (2)	wm	23.52	58	16.47	58	
Messenger (2)	wm	18.51	96	16.01	96	
Fisheries Support				0		
a) International Consultant				0		
Capture Fisheries Advisor	wm	34.7	3	21.24	3	
Naval Architect	wm	46.27	2	16.38	2	
Fishing Gear Advisor		0		0		
Fisheries Economist		0		0		
b) National Consultant				0		
Capture Fisheries Specialist/Cell Team Leader	wm	80.49	52	76.99	52	
Fisheries Training Specialist (Capture)	wm	62.6	45	57.28	45	
Naval Architect	wm	3.3	3	3.11	3	
Aquaculture Specialist-M	wm	68.24	48	63.31	48	
Fisheries Training Specialist (Aquaculture)-I	wm	67.23	45	64.91	45	
Travel International Consultant	LS	114.1	18	91.93		
Travel National Consultant	LS	50.13	52	51.89		
c) Capacity Building				0		
Workshop & Seminar	LS	5.78	4	4.65	8	

Items of work (as per PP)	Unit	Target (as per PP)		Actual Progress		Reasons for deviation (±)
		Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)	
1	**2**		**4**	**5**	**6**	**7**
Surveys and Studies		1.22	1	0		
Training for Boat builders	no.	20.82	35	15.01	35	
Training for FFSs (Capture Fish)	nos	0.44	639	0.59	639	
Training for FFSs (Aquaculture)	**nos.**	100.3	994	84.33	994	
Training for P&M CBOs (Aquaculture)	nos.	2.04	35	1.82	35	
Training for P&M CBOs (Capture)	**LS**	2.08		1.36		
Training for FFS Facilitators (refresher course of 75 "TOTs"	**nos.**	10.8	201	10.25	201	
Training of Service Providers (DoF Staff/others)		243.7	100	229.11		NGO training from the fund
Training of Trawler Crews (from medium sized mechanized boats)		6.82	231	4.68		
Carp Packages	nos	995.6	15550	1019.52	15550	
Golda Packages	nos.	99.12	3000	173.6	3000	
Bagda/Tilapia Packages	nos.	205.91	6300	281.64	6300	
d) Contracts				0		
Needs Assessment (Contract with NGOs)	**nos**	23.14	4	22.44	4	
Community Mobilization (Contracts with NGOs)	**nos**	94.47	4	93.3	4	
Input Distribution (Contracts with NGOs)	**nos**	30.21	4	27.21	4	
				0		
TOTAL REVENUE BUDGET		**3473.91**		**3304.17**		
Capital						
Non-mechanized fishing boats & Safety equipment		0	0	0		
Mechanized fishing boats & Safety equipment	**nos**	1084.0	93	1284.43	93	
Fishing Gear/Hilsha Net	**nos**	281.51	1296	536.43	1296	Cost of alternative net
Cool Box	**nos**	189.1	1623		1623	
Sea safety equipment/ Marine apparatus	**nos**	239.07	17340		17340	
Alternative nets for 3330 fishers	**nos**	169.66	1110		1110	
Agro-processing equipment (per fisher group)	**LS**	0	0	137.09		Cost of Cool box, Sea safety / Marine apparatus etc.
Aquaculture				0		
Agro-processing equipment (per Aquaculture group)	**LS**	178.9	464	4.62	464	

Items of work (as per PP)	Unit	Target (as per PP)		Actual Progress		Reasons for deviation (±)
		Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)	
1	**2**		**4**	**5**	**6**	**7**
Component Management				0		
Vehicles (4x4)	**nos.**	57.07	2	41.95	2	
Computer, Printer & peripherals	**nos.**	15.42	10	8.52	10	
Photocopier		3.09	1	0		
Communication Equipment	**ls**	1.67	1	1.57	1	
Office furniture	**nos**	11.13	10	11.98	10	
Generator		4.7	0.3	4.7		
Training equipments	**LS**	0		1.51		
TOTAL CAPITAL COMPONENT		**2235.12**		**2032.8**		
Support Costs (7%)		429.72		375.18		
GRAND TOTAL (Revenue+ Capital)		**6138.75**		**5712.15**		

N.B. *Total fund was not utilized but 100% work completed. As a result foreign currency saved and the loan amount has been decreased for Bangladesh Government. FAO was working on 1st revision target of TK 5423.62. It was widely exceeded but could not effort more new activities as the latest revision was done in 03 June 2014.*

‘‘ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ’’
প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্তঃ জুন, ২০১৪)

১। বাস্তবায়নকারী সংস্থা : মৎস্য অধিদপ্তর

২। প্রশাসনিক মন্ত্রণালয় : মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

৩। প্রকল্পের অবস্থান : ৫১টি জেলার ২৪৪টি উপজেলার ১৭৬০টি ইউনিয়নে।

৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২২৭৬.৮১	২৫০৪.৪৯	২৪৮২.৪৭	জুলাই, ২০০৯ হতে জুন, ২০১৪	জুলাই, ২০০৯ হতে জুন, ২০১৪	জুলাই, ২০০৯ হতে জুন, ২০১৪	২০৫.৬৬ (১০%)	-

৫। প্রকল্পের অর্থায়ন : প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি(মন্ত্রণালয় হতে প্রাপ্ত পিসিআর এর ভিত্তিতে):

(লক্ষ টাকা)

ক্র: নং	অঙ্গের বিবরণ	একক	সর্বশেষ ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭
এ	**রাজস্ব খাত**					
১	কর্মকর্তাদের বেতন	জন	৯	১০৬.২৭	৯ (১০০%)	৯৯.৭৯ (৯৪%)
২	কর্মচারীদের বেতন	জন	৫	২০.২৭	৫ (১০০%)	১২.৩০ (৬১%)
৩	ভাতাদি	জন	১৪	১০৫.৬০	১৪ (১০০%)	১০২.৮১ (৯৭%)
উপমোট				**২৩২.১৪**		**২১৪.৯০ (৯৩%)**
৪	দৈনিকভাতা	থোক	থোক	২২২.১৫	থোক	২২২.১৪ (১০০%)
৫	লিফদের ভ্রমণভাতা	জন	১৭৬০	৩৬৯.০১	১৭৬০ (১০০%)	৩৬৬.৯২ (৯৯%)
৬	আয়কর	থোক	থোক	১.২৫১	থোক	১.২৫ (১০০%)
৭	অতিরিক্ত কাজের ভাতা	থোক	থোক	২.৫০	থোক	২.৫০ (১০০%)
৮	সার্ভিস স্ট্যাম্প	থোক	থোক	১.০৬২	থোক	০.৯৬ (৯০%)
৯	টেলিফোন ও ফ্যাক্স বিল	থোক	থোক	২.২০	থোক	২.২০ (১০০%)
১০	গ্যাস, জ্বালানী, পেট্রোল এবং লুব্রিক্যান্ট	থোক	থোক	১২৬.৫০	থোক	১২৬.০৭ (১০০%)
১১	মুদ্রণ	থোক	থোক	৩১.৫০	থোক	৩১.৪৯ (১০০%)

ক্র: নং	অঙ্গের বিবরণ	একক	সর্বশেষ ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭
১২	স্টেশনারি, সিল ও স্ট্যাম্প	থোক	থোক	২৬.০০	থোক	২৬.০০ (১০০%)
১৩	প্রকাশনা ও বিজ্ঞপ্তি	থোক	থোক	৯.৬০	থোক	৯.৬০ (১০০%)
১৪	ইউনিফর্ম	থোক	থোক	০.৯০	থোক	০.৩০ (৩৩%)
১৫	নার্সারি অপারেটর প্রশিক্ষণ	জন	১৫৭০	৬.২৮	১৫৭০ (১০০%)	৬.২৮ (১০০%)
১৬	কার্প মিশ্রচাষ প্রদর্শনী চাষি প্রশিক্ষণ	জন	২৯০০	২৩.২০	২৯০০ (১০০%)	২৩.২০(১০০%)
১৭	কার্প মিশ্রচাষ ফেলো ফার্মার প্রশিক্ষণ	জন	২৯০০০	১১৬.০০	২৯০০০ (১০০%)	১১৬.০০ (১০০%)
১৮	গলদা-কার্প আরডি প্রশিক্ষণ	জন	৫৩০	৪.২৪	৫৩০ (১০০%)	৪.২৪ (১০০%)
১৯	গলদা-কার্প এফএফ প্রশিক্ষণ	জন	২৬৫০	১০.৬০	২৬৫০(১০০%)	১০.৬০ (১০০%)
২০	ধানক্ষেতে মাছ চাষ প্রদর্শনী চাষি প্রশিক্ষণ	জন	১৭৬০	১৪.০৮	১৭৬০ (১০০%)	১৪.০৮ (১০০%)
২১	ধানক্ষেতে মাছ চাষ ফেলো ফার্মার প্রশিক্ষণ	জন	৮৮০০	৩৫.২০	৮৮০০ (১০০%)	৩৫.২০(১০০%)
২২	লিফদের মৎস্যচাষ সম্প্রসারণ প্রশিক্ষণ	জন	১৭৬০	৩৫.২০	১৭৬০ (১০০%)	৩৪.৮০(৯৯%)
২৩	মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী ও সুফলভোগীদের বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটে প্রশিক্ষণ	জন	১৫০	৮.০০	১৫০ (১০০%)	৮.০০ (১০০%)
২৪	ওয়ার্কশপ ও সেমিনার	থোক	থোক	১২.৫০	থোক	১২.৫০ (১০০%)
২৫	প্রশিক্ষকবৃন্দের সম্মানী	টি	১৬০০০	৪০.০০	১৬০০০ (১০০%)	৪০.০০ (১০০%)
২৬	বিভিন্ন কমিটির সভ্যবৃন্দের সম্মানী	থোক	থোক	৩.০০	থোক	২.৭৭ (৯২%)
২৭	প্রকল্প মূল্যায়ন কমিটির সভ্যবৃন্দের সম্মানী	থোক	থোক	৩.৬২	থোক	৩.৬২ (১০০%)
২৮	মৎস্য সপ্তাহ ও জাটকা সপ্তাহ	থোক	থোক	৬.৫০	থোক	৬.৫০ (১০০%)
২৯	বিবিধ (ক্লাস রুম, হলরুম, ডরমেটরি, টিভি প্রোগ্রাম)	থোক	থোক	৬.২৪২	থোক	৬.২৪ (১০০%)
৩০	পরিদর্শন, মাঠ সফর, শিক্ষা সফর, র‍্যালি	ব্যাচ	৫০	২৫.৫০	৯১(১৮২%)	২৫.৫০ (১০০%)
৩১	প্রশিক্ষণ সামগ্রী	থোক	থোক	৭৫.৩৯	থোক	৭৫.৩৯ (১০০%)
৩২	নার্সারী প্রদর্শনী পুকুর স্থাপন	টি	১৫৭০	২০৫.৭২	১৫৭০ (১০০%)	২০৫.৬৭ (১০০%)
৩৩	কার্প মিশ্রচাষ প্রদর্শনী পুকুর স্থাপন	টি	২৯০০	২০৮.০০	২৯০০ (১০০%)	২০৭.৯৬(১০০%)
৩৪	গলদা-কার্প ফলাফল প্রদর্শনী পুকুর স্থাপন	টি	৫৩০	৪৪.৭১	৫৩০ (১০০%)	৪৪.৬৯ (১০০%)
৩৫	ধানক্ষেতে মাছ চাষ ফলাফল প্রদর্শনী পুকুর স্থাপন	টি	১৭৬০	৭০.০০	১৭৬০ (১০০%)	৬৯.৯৭ (১০০%)
৩৬	ইউনিয়ন পরিষদের আনুষাংগিক	টি	১৭৬০	১৭৮.৮৪	১৭৬০ (১০০%)	১৭৮.৮৪ (১০০%)

ক্র: নং	অঙ্গের বিবরণ	একক	সর্বশেষ ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭
৩৭	আনুষাংগিক	থোক	থোক	২৭.২৬	থোক	২৭.২৬ (১০০%)
৩৮	গাড়িভাড়া, ঝাড়ুদার,মাস্টাররোল, লেবার	থোক	থোক	১১.৮০	থোক	১১.৫৯ (৯৮%)
৩৯	লিফ সম্প্রসারণ সামগ্রী (সিকিডিস্ক, স্প্রিং ব্যালেন্স, ব্যাগ, ক্যাপ, পেন্সিল, স্কেল, ট্রাঙ্ক)	সেট	১৭৬০	৮২.১০	১৭৬০ (১০০%)	৮১.৮০ (১০০%)
৪০	যানবাহন মেরামত সংরক্ষণ	থোক	থোক	৪৩.০০	থোক	৪৩.০০ (১০০%)
উপমোট (রাজস্ব)				**২০৮৯.৬৫**		**২০৮৫.১০ (১০০%)**
মোট রাজস্ব ব্যয়				**২৩২১.৭৯**		**২২৯৯.৯৯ (৯৯%)**
বি	**মূলধন**					
৪১	বাইসাইকেল	টি	১৭৬০	১২৩.২০	১৭৬০ (১০০%)	১২৩.০০ (১০০%)
৪২	ফটোকপিয়ার, মাল্টিমিডিয়া প্রজেক্টার, টেলিফোন এবং ফ্যাক্স	টি	১৭	৬.৫০	১৭ (১০০%)	৬.৪৭ (১০০%)
৪৩	এয়ারকন্ডিশনার	টি	১	১.০০	১ (১০০%)	১.০০ (১০০%)
৪৪	কম্পিউটার (প্রিন্টার সহ)	টি	১১	১১.০০	১১ (১০০%)	১০.৯৯ (১০০%)
৪৫	সদর দপ্তরের আসবাবপত্র	থোক	থোক	২১.০০	থোক	২০.৯৯ (১০০%)
৪৬	মাঠ অফিসের আসবাবপত্র	থোক	থোক	২০.০০	থোক	১৯.৯৯ (১০০%)
উপমোট (মূলধন)				**১৮২.৭০**		**১৮২.৪৭** (১০০%)
সর্বমোট (এ+বি)				**২৫০৪.৪৯**		**২৪৮২.৪৭** (৯৯%)

৭। **কাজ অসম্পূর্ণ থাকলে তার কারণঃ** প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) পরীক্ষা, সরেজমিনে পরিদর্শন ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা করে জানা যায় যে, ডিপিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কাজ সমাপ্ত হয়েছে।

৮। **প্রকল্পের পটভূমি, উদ্দেশ্যে ও মূল কার্যক্রমঃ**

৮.১ প্রকল্পের পটভূমিঃ

বাংলাদেশের অর্থনীতিতে মৎস্য সেক্টরের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাংলাদেশের পল্লী অঞ্চলে ৩,০৫,০২৫ হেক্টর পুকুর, ৫,৪৮৮ হেক্টর বাওড় এবং ২,১৭,৮৭৭ হেক্টর চিংড়ি খামার আছে। বিগত ১০ বছর যাবত অভ্যন্তরীণ বদ্ধ জলাশয়ে মাছ চাষের মাধ্যমে জাতীয় উৎপাদন যথেষ্ট পরিমাণে বৃদ্ধি পেয়েছে। যা' প্রধানতঃ পুকুরে মাছচাষ সম্প্রসারণের ফলেই সম্ভব হয়েছে। বর্তমানে হেক্টর প্রতি মাছের বাৎসরিক গড় উৎপাদন ২.৫ মেঃ টন যা উৎপাদন বৃদ্ধির সম্ভাবনার তুলনায় কম। লাগসই প্রযুক্তি অনুসরণ করে মাছের চাষ করা হলে এর দ্বিগুণ মাছ উৎপাদন করা সম্ভব। ইউনিয়নকে কেন্দ্র করে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণের ধারণা একটি ব্যতিক্রমী উদ্যোগ। মাছ চাষের আধুনিক কলাকৌশল ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষিদের কাছে পৌঁছে দেওয়া, চাষিদের সমস্যা জেনে তার প্রতিকার করা বা প্রয়োজনে উপজেলা পর্যায়ে বিশেষজ্ঞদের সাথে আলোচনা করে সমস্যা নিরসন, প্রতিনিয়ত উদ্ভাবিত নতুন নতুন প্রযুক্তি মৎস্য চাষিদের নিকট হস্তান্তর করার জন্য দীর্ঘ মেয়াদী এবং ইউনিয়নভিত্তিক কার্যক্রম পরিচালনা করার আবশ্যকতা অনস্বীকার্য। এ বাস্তবতার আলোকে ইউনিয়ন পর্যায়ে ফলাফল প্রদর্শনী খামার স্থাপন এবং চাষিদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে মৎস্যচাষ প্রযুক্তি সেবাকে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার জন্য আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

৮.২ প্রকল্পের উদ্দেশ্যঃ

ক) স্থানীয় মৎস্য চাষিদের সম্পৃক্ত করে নির্বাচিত ইউনিয়নসমূহের গ্রামের সকল বা অধিকাংশ পুকুরে এবং অন্যান্য চাষযোগ্য জলাশয়ে উন্নততর লাগসই প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে মাছের উৎপাদন বৃদ্ধি করা;

খ) মৎস্য অধিদপ্তর, ইউনিয়ন পরিষদ, লিফ এবং স্থানীয় মৎস্য চাষিদের মিলিত প্রচেষ্টায় ইউনিয়নভিত্তিক মৎস্যচাষ সম্প্রসারণ পদ্ধতি প্রতিষ্ঠা করা;

গ) মাছ ও চিংড়ি চাষ, পোনা ব্যবসা এবং অন্যান্য মৎস্যভিত্তিক আয়বর্ধক কর্মসূচীর মাধ্যমে স্থানীয় পুরুষ ও নারীদের কর্মসংস্থানের সৃষ্টি করা; এবং

ঘ) প্রশিক্ষণ প্রদান ও প্রদর্শনী খামার স্থাপনসহ স্থানীয় মৎস্য উন্নয়ন কার্যক্রমে ইউনিয়ন পরিষদকে সম্পৃক্ত করে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণে কার্যকর প্রতিষ্ঠানে রূপদান করা। ফলে মাছচাষ সম্প্রসারণ ও মৎস্য সম্পদের উন্নয়নে ইউনিয়ন পরিষদের প্রত্যক্ষ ভূমিকা রাখার সুযোগ সৃষ্টি হবে।

৮.৩ প্রকল্পের মূল কার্যক্রমঃ

- ফলাফল প্রদর্শনী খামার স্থাপন;
- প্রশিক্ষণ কার্যক্রম;
- স্থানীয় মৎস্য সম্প্রসারণ প্রতিনিধি কার্যক্রম;
- ইউনিয়ন পরিষদের সাথে সমন্বিত কার্যক্রম;
- কর্মশালার আয়োজন; এবং
- অভিজ্ঞতা বিনিময় সফর।

৯। প্রকল্পের অনুমোদন ও সংশোধন :

আলোচ্য প্রকল্পটি ১৫/১০/২০০৯ তারিখে ২২৭৬.৮১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৯ থেকে জুন, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে লিফদের বেতন ভাতা খাতে অপ্রতুল বরাদ্দ, বাইসাইকেলের মুল্য বৃদ্ধি, সম্মানী খাত সৃষ্টি, সেমিনার ও ওয়ার্কশপ অন্তর্ভূক্তি ইত্যাদি কারণে ডিপিইসি সভার সুপারিশক্রমে মাননীয় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী কর্তৃক ০৬/১২/২০১০ তারিখে প্রকল্পটি সংশোধন করা হয়। সংশোধন অনুযায়ী প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় নির্ধারিত হয় ২৫০৪.৪৯ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জুলাই, ২০০৯ থেকে জুন, ২০১৪। সর্বশেষ ০৫/০৩/২০১৩ তারিখে প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়ন মেয়াদ অপরিবর্তিত রেখে প্রকল্পটির অন্তঃখাত সমন্বয় করা হয়।

১০। ডিপিপি লক্ষ্যমাত্রা এডিপি/আরডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় সংক্রান্ত তথ্য (পিসিআর এর ভিত্তিতে) :

অর্থ বছর	ডিপিপি অনুয়ায়ী লক্ষ্যমাত্রা	সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্ত	ব্যয়
২০০৯-১০	২৯৪.৭৯	২৯.২২১৭৬	৩০.০০	২৯.২২
২০১০-১১	৬১৫.৪২	৯৩৭.৯৮১১৪	৯৪৯.০০	৯৩৭.৯৮
২০১২-১৩	৬৩০.৩১	৬৯৬.৭০৬৫৫	৭০০.০০	৬৯৬.৭১
২০১৩-১৪	৪৪৮.৫১	৫৮৫.৬০৬৫৭	৩০০.০০	২৯৯.৮৭
২০১৪-১৫	২৮৭.৭৮	২৫৪.৯৭৫০১	৫১৯.০০	৫১৮.৬৮
মোট	২২৭৬.৮১	২৫০৪.৪৯১	২৪৯৮.০০	২৪৮২.৪৬

১১। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

ক্র: নং	কর্মকর্তার নাম, পদবী	পূর্ণকালীন/খন্ডকালীন	মেয়াদকাল
১	ড. জোয়ারদার মোঃ আনোয়ারুল হক সহকারী পরিচালক	পূর্ণকালীন	০৪/০৩/১০ হতে ৩০/০৬/১৪

১২। প্রকল্প পরিদর্শনঃ

'ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প' এর সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে প্রকল্পের বাস্তবায়িত কার্যক্রম নিম্নলিখিত ইউনিয়নসমূহে সরেজমিনে পরিদর্শন করা হয়ঃ

পরিদর্শনের তারিখ	জেলা	উপজেলা	ইউনিয়ন	প্রদর্শনী	ফলাফল প্রদর্শক মৎস্য চাষীর নাম	লিফের নাম
৩১/১১/১৪	সিরাজগঞ্জ	তাড়াশ	মাগুড়া বিনোদ	কার্প মিশ্র চাষ	মো সহিদুল ইসলাম	মোঃ বজলার রহমান
০১/১২/১৪	ঢাকা	নবাবগঞ্জ	আগলাই	কার্প মিশ্র চাষ	মোঃ জানু মিয়া	গাজী আব্দুল মালেক
		দোহার	সুতাপাড়া	ধান ক্ষেতে মাছ চাষ	মোঃ ফরিদুল ইসলাম	কাজী মোঃ বাহার উদ্দিন
			বিলাশপুর	কার্প নার্সারি	মোঃ শামীম	মোঃ জসিম উদ্দিন মোল্লা
	মানিকগঞ্জ	সিংগাইর	বলধারা	কার্প মিশ্র চাষ	মোঃ আশরাফুল ইসলাম	মোঃ কাজী মুনসুর
				কার্প গলদা মিশ্র চাষ	মোঃ সফুর উদ্দিন	

পরিদর্শনকালে উল্লিখিত জেলা সমূহের মৎস্য কর্মকর্তাগণ, সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাগণের উপস্থিতিতে মাছ চাষ সম্পর্কিত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়। পরিদর্শনকালে আরডিগণ জাল টেনে খামারের মাছ ও পোনা প্রদর্শন করেন। আরডিগণ জানান যে, প্রকল্প থেকে আংশিক উৎপাদন ব্যয় এবং প্রশিক্ষণ প্রাপ্তির ফলে পূর্বের তুলনায় মাছের উৎপাদন বৃদ্ধি করা সম্ভব হয়েছে এবং প্রদর্শনী খামারে মৎস্যচাষ দেখে অন্যন্য চাষিরাও মাছচাষে আগ্রহী হয়ে উঠেছেন ফলে মৎস্য চাষ সম্প্রসারিত হচ্ছে। ফলাফল প্রদর্শক চাষীগণ জানান যে, পুঁজির অভাবে তাঁরা সকল প্রযুক্তিগত পরামর্শ বিশেষতঃ পুকুর তৈরী, পোনা মজুদ এবং খাদ্য প্রয়োগের ক্ষেত্রে প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে পারছেন না। এ কারণে তাঁরা উৎপাদন খরচ বাবদ প্রদত্ত আর্থিক সহায়তার বৃদ্ধির আবেদন জানান। প্রতিটি ফলাফল প্রদর্শন পুকুরের সাথে ৫ থেকে ১০ জন বন্ধু চাষি রয়েছেন। তারা বন্ধু চাষীদের পরামর্শ এবং কখনো উপকরণ সহায়তা ধার দিয়েও সহায়তা করেছেন। ফলাফল প্রদর্শক চাষীগণের সফলতায় অনুপ্রাণিত হয়ে বেশ কিছু হাজামজা পুকুর সংস্কার এবং নতুন পুকুর খনন করে মাছ চাষ করা হচ্ছে, এতে একদিকে যেমন পুকুরের সংখ্যা বৃদ্ধি পেয়েছে অন্যদিকে মাছ চাষী সংখ্যা এবং মাছের উৎপাদনও বৃদ্ধি পেয়েছে। বন্ধু চাষীগণ আরডিদের সহায়তায় সন্তোষ প্রকাশ করেন। বন্ধু চাষিগণ জানান যে, তারাও প্রকল্প থেকে প্রশিক্ষণ পাওয়ায় আগের তুলনায় বেশী উৎপাদন করতে সক্ষম হয়েছেন

লিফগণ জানান যে, তাঁরা অর্পিত দায়িত্ব অর্থাৎ ইউনিয়নের পুকুর জরিপ, মৎস্যচাষিদের পরামর্শ প্রদান, আরডি ও এফএফদের পুকুরে উৎপাদন কাজে সহায়তা করে থাকেন। এছাড়া প্রতিমাসে উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তরে মাসিক সভায় যোগদান করে কাজের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন দাখিল করেন। তাঁরা প্রকল্প থেকে বাইসাইকেল, সম্প্রসারণ সামগ্রী, লিফ সহায়িকা পুস্তিকা এবং মডিউলসহ ১০ দিনের প্রশিক্ষণ পেয়েছেন। ফলে এলাকায় চাষিদের পুকুর পরিদর্শন ও পরামর্শের মাধ্যমে মৎস্যচাষ সম্প্রসারণ সম্ভব হচ্ছে। তাঁরা অভিযোগ করেন যে, প্রকল্প হতে প্রদত্ত সাইকেলগুলো নিম্নমানের ছিল, ফলে এ সাইকেল ব্যবহারের মাধ্যমে তাঁদের সম্প্রসারণ কাজে অসুবিধা হয়েছে। তাদেরকে প্রদত্ত মাসিক ৬০০ টাকা ভাতা অত্যন্ত অপ্রতুল হওয়ায় তাঁরা মাসিক ভাতা বৃদ্ধি এবং আরো ভালভাবে সেবা দেওয়ার জন্য ইউনিয়ন পরিষদে তাঁদের বসার ব্যবস্থা করার দাবী জানান।

শব্দ সংক্ষেপঃ

লিফ- Local Extension Agent for Fisheries (LEAF)
ফলাফল প্রদর্শক চাষী (Result Demonstrator/RD)
বন্ধু চাষী (Fellow Farmer/FF)




চিত্র-১: প্রকল্প পরিদর্শন এবং স্টেকহোল্ডারদের সংগে মতবিনিময়





চিত্র-২: লিফ এবং তাঁদের প্রাপ্ত সম্প্রসারণ সামগ্রী




চিত্র-৩: পরিদর্শনকালে আরডিগণ জাল টেনে পুকুরের মাছ প্রদর্শন করেন।

১৩। পরিদর্শন পর্যবেক্ষণঃ

১৩.১ ফলাফল প্রদর্শনী খামার স্থাপনঃ

ডিপিপি অনুসারে মৎস্য চাষিদের নিম্নবর্ণিত ৪টি প্যাকেজে উপর প্রকল্প মেয়াদে প্রদর্শনী খামার স্থাপন করা হয়েছে। তন্মধ্যে (ক) কার্প নার্সারি ১৫৭০টি (খ) কার্প মিশ্রচাষ ২৯০০টি (গ) গলদা কার্প মিশ্রচাষ ৫৩০টি এবং (ঘ) ধানক্ষেতে মাছচাষ ১৭৬০টি সর্বমোট ৬,৭৬০টি প্রদর্শনী খামার স্থাপন করা হয়েছে।

(ক) কার্প নার্সারি ফলাফল প্রদর্শনী খামার ব্যবস্থাপনাঃ

ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষীগণ যেন নিজেদের এলাকাতেই হাতের কাছে ভাল পোনা পেতে পারেন সে লক্ষ্যে কার্প নার্সারি ফলাফল প্রদর্শনী কার্যক্রম এ প্রকল্পে বাস্তবায়ন করা হয়েছে। পোনা উৎপাদন প্রযুক্তি হস্তান্তর কার্যক্রম সফল ও টেকসই করতে আরডি চাষিদেরকে আংশিক উৎপাদন খরচ হিসেবে ৫০ শতাংশ জলাশয় প্রতি ১৩,১০০.০০ টাকা প্রকল্প থেকে দেয়া হয়েছে। ডিপিপির নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী ১৫৭০টি কার্প নার্সারি প্রদর্শনী খামার প্রকল্পের মাধ্যমে স্থাপন করা হয়েছে। এ কাজে ব্যয় হয় ২০৫.৬৭ লক্ষ টাকা।

(খ) কার্প মিশ্র চাষ ফলাফল প্রদর্শনী খামার ব্যবস্থাপনাঃ

ফলাফল প্রদর্শনী খামার স্থাপনের কারণে আশেপাশের মাছ চাষিরা সরাসরি কার্যক্রম এবং ফলাফল দেখতে এবং শিখতে সক্ষম হন। এ কারণে এ প্রকল্পে আধা নিবিড় (Semi-Intensive) পদ্ধতিতেকার্প মিশ্রচাষ ফলাফল প্রদর্শনী খামার স্থাপন কার্যক্রমের সংস্থান রাখা হয়েছিল। কার্প মিশ্র চাষে চাষীদের উৎসাহিত করতে ২৫ শতাংশ জলাশয় প্রতি ৭,১০০.০০ টাকা উৎপাদন খরচ বাবদ প্রকল্প হতে দেওয়া হয়েছে। ডিপিপির লক্ষ্যমাত্রা অনুযায়ী ২৯০০টি কার্প মিশ্রচাষ প্রদর্শনী খামার স্থাপন করা হয় যাতে ব্যয় হয় ২০৭.৬৯ লক্ষ টাকা।

(গ) গলদা-কার্প মিশ্রচাষ প্রদর্শনী খামার ব্যবস্থাপনাঃ

অতীতে দক্ষিণাঞ্চলে সমুদ্র উপকূলবর্তী এলাকায় সংগৃহীত প্রাকৃতিক পোনা দ্বারা চিংড়ি চাষ করা হতো। বর্তমানে প্রাকৃতিক উৎস ছাড়াও সরকারি-বেসরকারি হ্যাচারির মাধ্যমে চিংড়ি পোনা উৎপাদন করা হচ্ছে। গলদা চাষে সম্ভাব্য সুবিধাজনক স্থানে অর্থাৎ যেখানে পানি পরিবর্তন এবং প্রাকৃতিক ও হ্যাচারি উৎপাদিত পোনা প্রাপ্তির সুবিধা আছে সেসব এলাকাতে এ প্রকল্প থেকে গলদা-কার্প মিশ্রচাষ প্রদর্শনী খামার স্থাপন করা হয়েছে। খামারীদের প্রকল্প হতে উৎপাদন সহায়তা বাবদ ২৫ শতাংশ জলাশয় প্রতি ৮,৪০০.০০ টাকা দেওয়া হয়েছে। ডিপিপিতে নির্ধারিত মোট ৫৩০টি গলদা কার্প মিশ্রচাষ প্রদর্শনী খামার স্থাপনে ব্যয় হয়েছে ৪৪.৬৮ লক্ষ টাকা।

(ঘ) ধানক্ষেতে মাছচাষ প্রদর্শনী খামার ব্যবস্থাপনাঃ

এ প্রকল্পের মাধ্যমে ধানক্ষেতে মাছ চাষের জন্য সংশ্লিষ্ট চাষীদের মাছ উৎপাদন ব্যবস্থাপনা সম্পর্কে নিবিড় প্রশিক্ষণ প্রদান, পরামর্শ ও তদারকীর মাধ্যম সেবাদান এবং মাছের রোগ-বালাই দমন সম্পর্কে পরামর্শ এবং উৎপাদন সহায়তা বাবদ ৫০ শতাংশ জলাশয় প্রতি ৩,৯০০.০০ টাকা প্রদান করা হয়েছে। ডিপিপিতে নির্ধারিত ১৭৬০টি ধানক্ষেতে মাছচাষ প্রদর্শনী খামার স্থাপনে ব্যয় হয় ৬৯.৯৭ লক্ষ টাকা। ধানক্ষেতে মাছ চাষের ফলে সমন্বিত জৈবিক উপায়ে পোকামাকড় ও রোগবালাই নিয়ন্ত্রণ করায় কীটনাশক ঔষধের ব্যবহার হ্রাস পেয়েছে এবং ধানের উৎপাদনও বৃদ্ধি পেয়েছে। উচ্চ ফলনশীল বিআর-৩, বিআর-১১, বিআর-১৪, বিআর-১৬ এবং পাইজাম ইত্যাদি জাতের ধানের সাথে সরপুঁটি, নাইলোটিকা, কমন কার্প, গিফট তেলাপিয়া, শিং-মাগুর, গলদা চিংড়ি ইত্যাদি মাছ চাষ করা হয়েছে।

১৩.২ প্রশিক্ষণঃ

স্থানীয় মৎস্য সম্প্রসারণ প্রতিনিধি (লিফ), ফলাফল প্রদর্শক চাষি (আরডি) এবং বন্ধুচাষি (এফএফ)-গণ যাতে মৎস্যচাষে আধুনিক কলাকৌশল সম্পর্কে অবহিত হয়ে মৎস্যচাষ সম্পর্কে অন্যদের পরামর্শ প্রদানে সক্ষমতা অর্জন করতে পারে এবং নিজেদের পুকুরের উৎপাদন বৃদ্ধিতে সক্ষম হয় সেজন্য প্রকল্প থেকে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। প্রত্যেক লিফকে প্রকল্পের ৪টি প্যাকেজের অর্থাৎ কার্প নার্সারি, কার্প মিশ্রচাষ, গলদা-কার্প মিশ্রচাষ, ধানক্ষেতে মাছচাষসহ মৎস্য চাষের অন্যান্য প্যাকেজ সম্পর্কে মৎস্য বিভাগের বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্রে প্রথম ধাপে ৭ (সাত) দিনের বেসিক আবাসিক প্রশিক্ষণ এবং দ্বিতীয় ধাপে উপজেলা সদরে ৩ (তিন) দিনের রিফ্রেশার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে । প্রতিটি ইউনিয়নে একজন করে মোট ১৭৬০ জন লিফের প্রশিক্ষণ ব্যয় হয় ৩৫.২০ লক্ষ টাকা।

অন্যন্য প্রশিক্ষণের সার-সংক্ষেপ নিম্নরূপঃ

ক্র: নং	কাজের বিবরণ	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	ব্যয় (লক্ষ টাকা)	প্রকল্পের প্রশিক্ষণার্থীর সংখ্যা	
				লক্ষ্যমাত্রা (জন)	অগ্রগতি (জন)
১.	কার্প নার্সারি অপারেটর প্রশিক্ষণ	৬.২৮	৬.২৭৬	১৫৭০	১৫৭০
২.	কার্প মিশ্রচাষ প্রশিক্ষণ (আরডি)	২৩.২০	২৩.২০	২৯০০	২৯০০
৩.	কার্প মিশ্রচাষ প্রশিক্ষণ (বন্ধুচাষি)	১১৬.০০	১১৬.০০	২৯০০০	২৯০০০
৪.	গলদা কার্প মিশ্রচাষ (আরডি)	৪.২৪	৪.২৪	৫৩০	৫৩০
৫.	গলদা কার্প মিশ্রচাষ (বন্ধুচাষি)	১০.৬০	১০.৬০	২৬৫০	২৬৫০
৬.	ধানক্ষেতে মাছচাষ (আরডি)	১৪.০৮	১৪.০৮	১৭৬০	১৭৬০
৭.	ধানক্ষেতে মাছচাষ (বন্ধুচাষি)	৩৫.২০	৩৫.২০	৮৮০০	৮৮০০
৮.	বিএফআরআইতে কর্মকর্তা ও লিফদের প্রশিক্ষণ	৮.০০	৭.৯৯৯৯	১৫০	১৫০
৯.	প্রশিক্ষকগণের ভাতা	৪০.০০	৩৯.৯৯৩	১৬০০০	১৬০০০
১০.	প্রশিক্ষণ সামগ্রী	৭৫.৩৯	৭৫.৩৯	-	-
	মোট =	৩৩২.৯৯	৩৩২.৯৭৮৯	-	-

১৩.৩ স্থানীয় মৎস্য সম্প্রসারণ প্রতিনিধি (LEAF) কার্যক্রমঃ

মৎস্য অধিদপ্তরের বিদ্যমান সাংগঠনিক কাঠামোতে ইউনিয়ন পর্যায়ে কোন সম্প্রসারণ কর্মী নেই ফলে প্রতি ইউনিয়নে স্থানীয় মৎস্যচাষি, পোনাচাষি, পোনা ব্যবসায়ী বা মৎস্য কর্মকান্ডে জড়িত ব্যক্তিদের মধ্য থেকে একজন লিফ নির্বাচন করা হয়েছে। সম্প্রসারণ পদ্ধতি ও মৎস্য কার্যক্রম সম্পর্কে কারিগরি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। লিফগণ স্ব-স্ব ইউনিয়নের মৎস্য সম্পদ জরিপ, উপজেলা মৎস্য অফিসে মাসিক সভায় যোগদান, ফলাফল প্রদর্শক চাষি, বন্ধু চাষি এবং অন্যান্য সাধারণ মৎস্য চাষিদের বাড়ি বাড়ি গিয়ে পরামর্শ প্রদান, ফলাফল প্রদর্শক চাষির পুকুরে উৎপাদন পরিকল্পনা তৈরি এবং প্রকল্প থেকে প্রদত্ত উৎপাদন সামগ্রী পুকুরে প্রয়োগ তদারকি ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন করতেন। এছাড়া, যে সকল পুকুর মালিক মৎস্যচাষে আগ্রহী নয় তাদের মধ্যে আগ্রহ সৃষ্টির চেষ্টা করেন। লিফগণকে সম্প্রসারণ ও পরামর্শ কার্যক্রম পরিচালনার জন্য লিফদের প্রত্যেককে একটি করে বাইসাইকেল এবং সম্প্রসারণ সামগ্রী (সেকিডিস্ক, স্প্রিং ব্যালেন্স, লিফব্যাগ, ক্যাপ, পেন্সিল, পরিমাপক স্কেল, ষ্টীল ট্রাংক, লিটমাস পেপার, থার্মোমিটার, ক্যালকুলেটর, রেইনকোট, প্ল্যাংকটন নেট, এপ্রোন ইত্যাদি) সরবরাহ করা হয়েছে। প্রকল্পের সম্প্রসারণ কাজ সম্পাদনের লক্ষ্যে প্রকল্প হতে প্রত্যেক লিফকে মাসে ৬০০.০০ (ছয়শত) টাকা হারে মোট ১৭৬০ জন লিফকে ৩৬৬.৯২ লক্ষ টাকা সম্মানী ভাতা প্রদান করা হয়েছে।

১৩.৪ ফিল্ড ভিজিট, অভিজ্ঞতা বিনিময় সফর, স্ট্যাডি ট্রিপ, র‍্যালি ইত্যাদিঃ

১৭৬০ জন লিফকে ৭০ ব্যাচে প্রশিক্ষণের সময় ফিল্ড ভিজিট করানো হয়েছে। জেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা, সহকারী মৎস্য কর্মকর্তা, ক্ষেত্র সহকারী, লিফ এবং আরডির সমন্বয়ে ৩১৫ জনের অভিজ্ঞতা বিনিময় সফর ২১ ব্যাচে সম্পন্ন করা হয়েছে। এ কাজে ব্যয় হয়েছে ১৮.৫১ লক্ষ টাকা।

১৩.৫ প্রকাশনা ও প্রচারণাঃ

কার্প জাতীয় মাছের মিশ্রচাষ, পোনা চাষ, ধানক্ষেতে মাছ ও গলদা কার্প মিশ্রচাষের উপর দুইটি টিভি ফিলার তৈরি করা হয়েছে। মাছচাষ বিষয়ক চারটি ম্যানুয়াল, বাস্তবায়ন নীতিমালা, রেকর্ড বই, লিফ সহায়িকা, ক্যালেন্ডার এবং পুকুর জরিপ ফরম ছাপিয়ে ফিল্ড পর্যায়ে বিতরণ করা হয়েছে। প্রচার ও বিজ্ঞাপনে বরাদ্দকৃত ৯.৬০ লক্ষ টাকা এবং মুদ্রণ ও প্রকাশনা খাতে ৩১.৪৯ লক্ষ টাকার পুরোটাই ব্যয় হয়েছে।

১৩.৬ কর্মশালা বাস্তবায়নঃ

প্রকল্পের আওতায় তিনটি বিভাগীয় ও একটি কেন্দ্রীয় কর্মশালা বাস্তবায়ন করা হয়েছে। রাজশাহী ও রংপুর বিভাগের কর্মশালা আরডিএ বগুড়ায়, খুলনা ও বরিশাল বিভাগের কর্মশালা খুলনা যাদুঘর মিলনায়তনে, সিলেট ও চট্রগ্রাম বিভাগের কর্মশালা বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি কুমিল্লায় এবং কেন্দ্রীয় কর্মশালা বিয়াম অডিটরিয়াম, ঢাকায় অনুষ্ঠিত হয়েছে।

১৩.৭ ইউনিয়ন পরিষদের সাথে সমন্বিত কার্যক্রমঃ

প্রকল্পের মাধ্যমে ইউনিয়ন কেন্দ্রিক মৎস্যচাষ সম্প্রসারণ কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। প্রত্যেক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও ইউনিয়ন পরিষদ মেম্বারদের মৎস্যচাষ সম্প্রসারণ কাজে সম্পৃক্ত করার জন্য ১৭৬০ টি ইউনিয়নের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে আনুষাঙ্গিক খাতে ব্যয় বাবদ মোট ১৭৮.৮৩৭ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত অর্থ দ্বারা প্রত্যেক ইউনিয়ন চেয়ারম্যান, ইউপি সদস্য, লিফ, আরডি, এফএফ, অন্যান্য মৎস্য চাষি এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের নিয়ে মাছচাষ ও প্রকল্পের কার্যক্রম সম্পর্কে আলোচনা ও মতবিনিময় সভা করা হয়েছে।

১৪। ক্রয় কার্যক্রম সংক্রান্তঃ

প্রকল্পের আওতায় ক্রয় কার্যক্রমে পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ অণুসরন করা হয়েছে মর্মে নথি পত্র বিশ্লেষণে দেখা যায়। প্রকল্পটির External (বাণিজ্যিক) অডিট সম্পন্ন হয়েছে এবং এ সংক্রান্ত অনিষ্পন্ন কোন ইস্যু নেই। প্রকল্পের আওতায় ক্রয়কৃত মালামাল প্রকল্প কার্যালয় ও মাঠ পর্যায়ে উপজেলা মৎস্য অফিসে সংরক্ষিত আছে।

১৫। প্রকল্প বাস্তবায়নের প্রভাবঃ

প্রকল্প পরিদর্শন, স্টেকহোল্ডারদের সংগে আলোচনা এবং নথিপত্র বিশ্লেষণে প্রকল্প বাস্তবায়নের ফলে প্রকল্প এলাকায় নিম্নলিখিত প্রভাব পরিলক্ষিতে হয়েছেঃ-

১) চাষিগণ প্রকল্পের সহায়তায় আধুনিক মৎস্য চাষ পদ্ধতির জ্ঞান ও ব্যবহারে ধীরে ধীরে সক্ষমতা অর্জন করছেন;

২) এলাকায় মৎস্য চাষির সংখ্যা বৃদ্ধি পেয়েছে;

৩) স্থানীয় পর্যায়ে মৎস্য চাষিদের মাঝে মাছ চাষের আগ্রহ সৃষ্টি হয়েছে ফলে এলাকার হাজামজা পুকুর সংস্কার ও নতুন পুকুর খনন করে সেখানে মাছ চাষ করা হচ্ছে;

৪) লিফদের সহযোগিতার ফলে চাষিগণ তাদের দোড়গোড়ায় পরামর্শ সেবা পেয়েছেন; এবং

৫) মাছের উৎপাদন পূর্বের তুলনায় বৃদ্ধি পেয়েছে এবং চাষিদের আয়ও বৃদ্ধি পেয়েছে।

প্রযুক্তি প্যাকেজ		অর্জিত আয়তন (হেক্টর)	অর্জিত উৎপাদন	অর্জিত হেক্টরপ্রতি উৎপাদন	হেক্টরপ্রতি উৎপাদন লক্ষ্যমাত্রা
কার্প নার্সারী		৪০৮.৪১১	১০৩৫.৮২ লক্ষ (পোনা)	২.৫৩৬ লক্ষ	২.০০ লক্ষ
কার্প মিশ্র চাষ		৬৯৯.৫২৯	৩৩৪৫.০১ মে: টন (মাছ)	৪.৭৮ মে: টন	৫.০০ মে: টন
ধানক্ষেতে মাছ চাষ		৬৭৪.০৪৮	৪৮৪.৪৫ মে: টন (মাছ)	০.৭১৯ মে: টন	০.৩০০ মে: টন
গলদা কার্প মিশ্রচাষ	মাছ	১২২.৮৯৫	৩৯১.৬৮৮ মে: টন	৩.১৮৬৭ মে: টন	৩.০০ মে: টন
	গলদা		৫৭.৮৮৮ মে: টন	০.৪৭১ মে: টন	০.৫০০ মে: টন

১৬। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	উদ্দেশ্য অর্জন
স্থানীয় মৎস্য চাষিদের সম্পৃক্ত করে নির্বাচিত ইউনিয়নসমূহের সকল বা অধিকাংশ পুকুরে এবং অন্যান্য চাষযোগ্য জলাশয়ে উন্নততর লাগসই প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে মাছের উৎপাদন বৃদ্ধি করা।	স্থানীয় মৎস্য চাষীদের সম্পৃক্ত করে নির্বাচিত ইউনিয়ন সমূহের পুকুর ও অন্যান্য চাষযোগ্য জলাশয়ে লাগসই প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে মাছের উৎপাদন পূর্বের তুলনায় বৃদ্ধি পেয়েছে।
মৎস্য অধিদপ্তর, ইউনিয়ন পরিষদ, Local Extension Agent for Fisheries (LEAF) এবং স্থানীয় মৎস্য চাষিদের মিলিত	লিফ এবং স্থানীয় মৎস্য চাষিদের মিলিত প্রচেষ্টায় ইউনিয়নভিত্তিক মৎস্যচাষ সম্প্রসারিত হয়েছে এবং অনেক

প্রচেষ্টায় ইউনিয়নভিত্তিক মৎস্যচাষ সম্প্রসারণ পদ্ধতি প্রতিষ্ঠা করা।	হাজামজা ও পতিত পুকুরেও মাছ চাষ হচ্ছে।
মাছ ও চিংড়ি চাষ, পোনা ব্যবসা এবং অন্যান্য মৎস্যভিত্তিক আয়বর্ধক কর্মসূচির মাধ্যমে স্থানীয় পুরুষ ও নারীদের কর্মসংস্থানের সৃষ্টি করা।	প্রকল্পের আওতায় প্রশিক্ষণ গ্রহণ করে নারী-পুরুষ উভয়েই মাছ উৎপাদন ও বিপণনে যুক্ত থাকায় তাদের আয় বৃদ্ধি পেয়েছে। লিফদের অনেকেই প্রশিক্ষণ পেয়ে এবং সম্প্রসারণ সামগ্রীর ব্যবহারের মাধ্যমে এলাকায় মৎস্য চাষের ক্ষেত্রে পরামর্শক হিসেবে যুক্ত থেকে তাদের আত্মকর্মসংস্থান করেছেন।
প্রশিক্ষণ প্রদান ও প্রদর্শনী খামার স্থাপনসহ স্থানীয় মৎস্য উন্নয়ন কার্যক্রমে ইউনিয়ন পরিষদকে সম্পৃক্ত করে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণের কার্যকর প্রতিষ্ঠানে রূপদান করা।	জলাশয় নির্বাচন, ফলাফল প্রদর্শক চাষী, বন্ধু চাষী নির্বাচনের ক্ষেত্রে এবং ইউনিয়ন ব্যবস্থাপনা কমিটিতে ইউনিয়ন পরিষদের প্রতিনিধি রাখা হয়েছে। ইউনিয়ন পরিষদে মৎস্য বিষয়ক আলোচনা সভার জন্য প্রতিবছর বরাদ্দ দেওয়া হয়েছে। এছাড়া, আরডিদের পুকুর পাড়ে মাছ আহরণের সময় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যদের উপস্থিতিতে আলোচনা সভা করা হয়েছে। এর ফলে মৎস্য চাষ প্রযুক্তি সম্প্রসারণ ও মৎস্য সম্পদের উন্নয়নে ইউনিয়ন পরিষদের প্রত্যক্ষ ভূমিকা রাখার সুযোগ সৃষ্টি হয়েছে।

১৭। **উদ্দেশ্য অর্জিত না হয়ে থাকেলে তার কারণঃ** আলোচ্য প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে, তবে কিছু বাস্তবায়ন সমস্যা পরিলক্ষিত হয়েছে যা অনুচ্ছেদ-১৮ তে উল্লেখ করা হলো।

১৮। **বাস্তবায়ন সমস্যাঃ**

১৮.১। প্রকল্পের আওতায় লিফদের নিকট সরবরাহকৃত বাইসাইকেলগুলো মানসম্মত না হওয়ায় বেশীরভাগ ক্ষেত্রেই সাইকেলগুলো ব্যবহার করা যায়নি। যারা ব্যবহার করেছেন তারাও বারংবার মেরামতের কারণে আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছেন;

১৮.২। কিছু কিছু ক্ষেত্রে লিফদের নিয়োগ ও প্রশিক্ষণ যথাযথ হয়নি। এছাড়া, নিয়োগকৃত লিফদের জ্ঞান এবং কাজের প্রতি আগ্রহ সমান নয় মর্মে প্রতিয়মান হয়;

১৮.৩। মাছ চাষের বিভিন্ন প্রযুক্তি প্রদর্শনী খামারের নিকট যে সাইনবোর্ডগুলো লাগানো হয়েছে তাতে চাষীর নাম ঠিকানা ও পুকুরের আয়তন ব্যতীত অন্যান্য কোন তথ্য নেই। যেহেতু এগুলো প্রদর্শনী খামার তাই এর সাইনবোর্ডগুলো আরোও তথ্যবহুল হওয়া আবশ্যক;

১৮.৪। যে সকল লিফ, আরডি, এফএফ প্রকল্পের আওতায় প্রশিক্ষণ পেয়েছেন তাদের এবং মাছ উৎপাদন সংক্রান্ত কোন ডাটাবেইজ সংরক্ষণের ব্যবস্থা প্রকল্পে ছিল না;

১৮.৫। মৎস্য অধিদপ্তরের বিদ্যমান সাংগঠনিক কাঠামোতে ইউনিয়ন পর্যায় কোন সম্প্রসারণ কর্মী নেই। ইউনিয়ন পরিষদেও লিফদের বসার জন্য কোন জায়গা ছিল না, ফলে মৎস্য চাষিগণ প্রয়োজনের সময় পরামর্শ পেতে সমস্যায় পড়েন;

১৮.৬। মৎস্য চাষ প্রযুক্তিগত তথ্যাদি সাধারণ মৎস্য চাষীদের ছড়িয়ে দেওয়ার জন্য ফলাফল প্রদর্শন ও আলোচনা অনুষ্ঠানসহ মাঠ দিবস আয়োজন একটি গুরুত্বপূর্ণ বিষয়। কিন্তু আলোচ্য প্রকল্পে এ বাবদ কোন অংগ ছিল না;

১৮.৭। স্থানীয় মৎস্যচাষ সম্প্রসারণ প্রতিনিধি (লিফ) ব্যবস্থাপনা অত্র প্রকল্পের একটি গুরুত্বপূর্ণ অঙ্গ। লিফদের মাসে ৬০০/- টাকা ভাতা অপ্রতুল । ফলে অনেক ক্ষেত্রে লিফদের অন্যন্যা উপার্জনমূখী কর্মকান্ডে অধিকতর আগ্রহ দেখা যায়;

১৮.৮। প্রদর্শনী খামারে উৎপাদন সামগ্রী বাবদ প্রদত্ত অর্থ সহায়তা অপ্রতুল; এবং

১৮.৯। ক্ষুদ্র মৎস্য চাষিরা প্রয়োজনীয় পুঁজির অভাবে মৎস্য চাষে আধুনিক প্রযুক্তি ব্যবহারে আগ্রহী হতে পারেন না। ফলে ফলাফল প্রদর্শন চাষীর প্র্যাকটিস এবং মৎস্য বিভাগ প্রদত্ত পরার্মশের মধ্যে পার্থক্য থাকে। এছাড়া, উৎপাদিত মাছ বিপণনে দক্ষতা ও যোগ্যতার অভাবে ক্ষুদ্র চাষীরা প্রাপ্য মূল্য হতে বঞ্চিত হচ্ছেন।

১৯। সুপারিশঃ

ভবিষ্যতে সমজাতীয় সম্প্রসারণধর্মী প্রকল্প বাস্তবায়নকালে নিম্নলিখিত সুপারিশমালা বিবেচনা করা যেতে পারেঃ

১৯.১। গুণগত মান বজায় রেখে প্রকল্পের ক্রয় কার্যক্রম সম্পাদনের জন্য মৎস্য অধিদপ্তরকে মন্ত্রণালয় প্রয়োজনীয় নির্দেশনা দিতে পারে এবং একই সাথে নিম্নমানের সাইকেল সরবরাহের বিষয়টি মন্ত্রণালয় খতিয়ে দেখে ব্যবস্থা নিতে পারে (অনুচ্ছেদ: ১৮.১) ;

১৯.২। লিফদের মাধ্যমে এ জাতীয় কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে দক্ষতা ও পূর্বের পারফরমেন্স বিচার করে সদস্য সমাপ্ত প্রকল্পের লিফদের কাজে লাগানো যেতে পারে। এছাড়া আরডি, এফএফসহ লিফদের রিফ্রেশার প্রশিক্ষণের ব্যবস্থা করা সমীচীন হবে (অনুচ্ছেদ: ১৮.২);

১৯.৩। সাইনবোর্ডগুলো তথ্যবহুল করার জন্য সাইনবোর্ডে চাষকৃত মাছের প্রজাতির নাম, পোনার উৎস, পোনা অবমুক্তকরণের তারিখ এবং সর্বশেষ মৎস্য আহরণের তারিখ উল্লেখ করা যেতে পারে (অনুচ্ছেদ: ১৮.৩);

১৯.৪। প্রশিক্ষণ স্বচ্ছতা, বারংবার একই ব্যক্তিকে প্রশিক্ষণ প্রদান পরিহার এবং মাছ উৎপাদনের সঠিক পরিসংখ্যান সংরক্ষণের জন্য প্রকল্পের আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত প্রশিক্ষণার্থীর নাম, ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয় পরিচয় পত্রের নম্বর এবং ফলাফল প্রদর্শক চাষি, পুকুর ও উৎপাদনের ডাটা বেইজ সংরক্ষণ আবশ্যক (অনুচ্ছেদ: ১৮.৪);

১৯.৫। ইউনিয়ন পরিষদ হতে অন্যান্য কার্যক্রমের পাশাপাশি সাধারণ মৎস্য চাষীদের প্রয়োজনীয় পরামর্শ সেবা দেওয়ার লক্ষ্যে লিফদের ইউনিয়ন পরিষদে বসার ব্যবস্থা করা যেতে পারে (অনুচ্ছেদ: ১৮.৫);

১৯.৬। সম্প্রসারণধর্মী প্রকল্পের ক্ষেত্রে সফল প্রদর্শনী খামারের ফলাফল ব্যাপকভাবে প্রদর্শন ও প্রচারের জন্য স্থানীয় মৎস্য চাষি, জন প্রতিনিধি ও সুধিজনদের নিয়ে আরডিদের পুকুর পাড়ে মাছ আহরণের সময় মাঠ দিবস পালন করা যায় এবং এ লক্ষ্যে প্রকল্পে অর্থ বরাদ্দ রাখা যেতে পারে (অনুচ্ছেদ: ১৮.৬);

১৯.৭। লিফ নিয়োগ করে সম্প্রসারণ কাজ করা হলে সেক্ষেত্রে লিফদের মাসিক ভাতা যৌক্তিক পর্যায়ে বৃদ্ধি করা প্রয়োজন। এতে লিফদের কর্মতৎপরতা বৃদ্ধি পাবে এবং আগ্রহের সাথে তারা কাজে সম্পৃক্ত হবে (অনুচ্ছেদ: ১৮.৭);

১৯.৮। প্রদর্শনী খামারের উৎপাদন সামগ্রী বাবদ অর্থ সহায়তা বৃদ্ধির বিষয়টি বিবেচনা করা যেতে পারে (অনুচ্ছেদ: ১৮.৮);

১৯.৯। মাছ চাষের প্রয়োজনীয় পুঁজির যোগান এবং উৎপাদিত মাছ বিপণনের সুবিধার্থে ইউনিয়ন পর্যায়ে মৎস্যজীবিদের সমবায়ভিত্তিক কার্যক্রম গ্রহণ করা যেতে পারে (অনুচ্ছেদ: ১৮.৯);

১৯.১০। নতুন পুকুর খনন এবং হাজামজা পুকুর সংস্কার করে মৎস্য চাষ সম্প্রসারণের ক্ষেত্রে পূর্বের অবস্থা ও পরবর্তী অবস্থার স্থির চিত্র সংরক্ষণ করতে হবে;

১৯.১১। প্রকল্পটি সম্পূর্ণ সম্প্রসারণধর্মী হওয়ায় স্থানীয় চাহিদার ভিত্তিতে প্রকল্পের ৪টি প্রযুক্তি প্যাকেজ ছাড়াও এলাকা ভেদে প্রযোজ্য ক্ষেত্রে বাগদা, কৈ, শিং, মাগুর, তেলাপিয়া, পাঙ্গাস, পেন কালচার, খাচায় মাছ চাষ অন্তর্ভুক্ত করে এবং দেশের অধিকাংশ ইউনিয়নকে সম্পৃক্ত করে এ জাতীয় কার্যক্রম অব্যহত রাখা যেতে পারে এবং

১৯.১২। সুপারিশ অংশের ১৯.১ থেকে ১৯.১২ পর্যন্ত বিষয়াবলী প্রতিপালন অগ্রগতি আইএমই বিভাগকে অবহিত করতে হবে।

যশোর জেলার ভবদহ অঞ্চলে মৎস্য চাষ ও ব্যবস্থাপনা
সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্তঃ জুন, ২০১৪)

১। **প্রকল্পের নাম** : যশোর জেলার ভবদহ অঞ্চলে মৎস্য চাষ ও ব্যবস্থাপনা

২। **বাস্তবায়নকারী সংস্থা** : মৎস্য অধিদপ্তর

৩। **প্রশাসনিক মন্ত্রণালয়** : মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

৪। **প্রকল্পের অবস্থান** : যশোর জেলার ৪টি উপজেলা
(অভয়নগর, মনিরামপুর, কেশবপুর ও যশোর সদর)

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের (%)
মূল	১ম সংশোধিত		মূল	১ম সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৯৮৫.৫৭	৯৬৬.০০	৮৯৫.৩৪	জুলাই ২০০৯ থেকে জুন ২০১৪ পর্যন্ত	জুলাই ২০০৯ থেকে জুন ২০১৪ পর্যন্ত	জুলাই ২০০৯ থেকে জুন ২০১৪ পর্যন্ত	ব্যয় অতিক্রান্ত হয়নি	সময় অতিক্রান্ত হয়নি

৬। **প্রকল্পের অর্থায়নঃ** প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।

৭। **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতিঃ** পরিশিষ্ট "ক" ।

৮। **কাজ অসম্পূর্ণ থাকলে তার কারণঃ**

প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) পরীক্ষা, সরেজমিনে পরিদর্শন ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা করে জানা যায়, ডিপিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কাজ সমাপ্ত হয়েছে।

৯। **প্রকল্পের পটভূমি, উদ্দেশ্যে ও মূল কার্যক্রমঃ**

৯.১ প্রকল্পের পটভূমিঃ

যশোর জেলার দক্ষিন-পূর্বাংশে ষাটের দশকে পানি উন্নয়ন বোর্ডের পোল্ডার প্রকল্প বাস্তবায়নকালে টেকা নদীর কোল ঘেষে যশোর জেলার অভয়নগর, কেশবপুর, মনিরামপুর ও খুলনা জেলার ডুমুরিয়া ও ফুলতলা উপজেলার সীমান্ত এলাকার ভবানীপুরের ভবদহ নামক স্থানে সুইচ গেট নির্মিত হয়। প্রথম দিকে উক্ত সুইচ গেট সুফল বয়ে আনলেও আশির দশকের শেষের দিকে গঙ্গা অববাহিকায় পানির প্রবাহ কমে যাওয়ায় এবং জোয়ারের পানিতে আসা অতিরিক্ত পলি সুইচ গেটের দু'পাশের পানি নির্গমনের চ্যানেলে জমা হওয়ায় নদীর তলদেশ ভরাট হয়ে যায়। ফলশ্রুতিতে নববই দশকের প্রথম দিকে এ এলাকায় স্থায়ী ভাবে জলাবদ্ধতার সৃষ্টি হয়।

স্থায়ী জলাবদ্ধতার কারণে ঐ এলাকার জনসাধারন কৃষির পরিবর্তে মৎস্য আহরণ ও মৎস্য চাষকে পেশা হিসেবে গ্রহন করতে থাকে এবং এটি তাদের জীবিকা নির্বাহের অন্যতম অবলম্বন হয়ে দাড়ায়। ভবদহ এলাকার ২৭টি ছোট বড় বিল ও প্লাবনভূমির মোট আয়তন প্রায় ২৫,০০০ হেক্টর এবং এ সকল বিল ও প্লাবনভূমিতে বছরে ৫-৭ মাস ৫-১০ ফুট পর্যন্ত পানি থাকে। এসব বিল ও প্লাবনভূমিতে জ্যৈষ্ঠ-আষাঢ় মাসে বর্ষার পানি আসতে শুরু করে এবং অগ্রহায়ন-পৌষ মাস পর্যন্ত পানি থাকে। মৎস্য অধিদপ্তর ভবদহ এলাকার এই জলাবদ্ধতাকে কাজে লাগিয়ে মৎস্য উৎপাদন বৃদ্ধির পাশাপাশি দরিদ্র গ্রামীন জনগোষ্ঠির দারিদ্র বিমোচনের লক্ষ্যে **যশোর জেলার ভবদহ অঞ্চলে মৎস্য চাষ ও ব্যবস্থাপনা** প্রকল্পটি গ্রহন করা হয়।

৯.২ উদ্দেশ্যঃ

(ক) ভবদহ অঞ্চলের বিল/জলাশয় মাছের উৎপাদন বৃদ্ধি এবং দরিদ্র মৎস্যজীবিদের আয় বৃদ্ধি করা;

(খ) জীবিকার নিরাপত্তার জন্য জলজ সম্পদের উপর নির্ভরশীল মৎস্যজীবি সম্প্রদায়ের অধিকার নিশ্চিত করার লক্ষ্যে মৎস্যজীবি গ্রুপ প্রতিষ্ঠাপূর্বক এদের উদ্বুদ্ধকরণ ও শক্তিশালীকরণ;

(গ) প্রকল্প এলাকার নারীদের মৎস্যচাষ কার্যক্রমে সম্পৃক্ত করে তাদের অবস্থার উন্নয়ন;

(ঘ) মাছের উৎপাদন বৃদ্ধি ও বাজারজাতকরণের সুবিধার্থে অবকাঠামোগত উন্নয়ন করা; এবং

(ঙ) দেশীয় প্রজাতির ছোট মাছের আবাসস্থল পুনরুদ্ধারের মাধ্যমে সংরক্ষণে সহায়তা করা।

৯.৩ প্রকল্পের মূল কার্যক্রমঃ

(ক) বেনিফিশিয়ারী বেসিক ট্রেনিং (খ) বেনিফিশিয়ারী ফলো-আপ ট্রেনিং (গ) ওয়ার্কশপ/সেমিনার (ঘ) চাষী র‍্যালি (ঙ) গ্রুপ মবিলাইজেশন (চ) পোনা অবমুক্তি (ছ) মৎস্য অভয়াশ্রম স্থাপন (জ) টেকনোলজি সম্প্রসারণ প্রদর্শনী স্থাপন (ঝ) বাঁধ-কাম মাটির রাস্তা নির্মাণ (ঞ) বিল পুনখনন (ত) বাঁশের পাটাবাঁধ স্থাপন এবং (থ) মৎস্য অবতরন কেন্দ্র নির্মাণ।

১০। প্রকল্পের অনুমোদন ও সংশোধনঃ

প্রকল্পটি ২৬/০৮/২০০৯ তারিখে ৯৮৫.৫৭ লক্ষ টাকা অনুমোদিত ব্যয়ে জুলাই ২০০৯ হতে জুন ২০১৪ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ১০/০১/২০১৩ তারিখে অনুষ্ঠিত ডিপিইসি সভার সুপারিশক্রমে আন্তঃখাত সমন্বয়, খনন কার্যক্রমে বিলের পাশাপাশি বাওর ও খাল অন্তর্ভূক্তকরণ এবং কাজের ক্ষেত্র ও সুযোগ বিবেচনায় প্রকল্পভূক্ত চারটি উপজেলায় কাজের পরিমাণ সমভাবে বন্টনের পরিবর্তে যৌক্তিকভাবে বন্টন করে প্রকল্পটি প্রথম সংশোধন করা হয়। সংশোধন অনুযায়ী প্রকল্প ব্যয় নির্ধারিত হয় ৯৬৬.০০ লক্ষ টাকা এবং বাস্তবায়ন মেয়াদ অপরিবর্তিত থাকে।

১১। ডিপিপির লক্ষ্যমাত্রা, এডিপি/আরএডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় সংক্রান্ত তথ্য (পিসিআর এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

অর্থ বছর	সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা	এডিপি বরাদ্দ	অবমুক্ত	ব্যয়
২০০৯-১০	১৮.০০	১৮.০০	১৮.০০	১৮.০০
২০১০-১১	২৫৫.০০	২৫৫.০০	২৫৫.০০	২৫৪.০০
২০১১-১২	২৭০.০০	২৭০.০০	২৭০.০০	২৭০.০০
২০১২-১৩	১০৩.৪৩	৭৭.০০	৭৭.০০	৭৭.০০
২০১৩-১৪	৩১৯.৫৭	৩০০.০০	৩০০.০০	২৭৫.৩৪
সর্বমোট =	**৯৬৬.০০**	**৯২০.০০**	**৯২০.০০**	**৮৯৫.৩৪**

অব্যয়িত ২৪.৬৬লক্ষ টাকা ৩৩.০২.০০০০.৯০৮.০৬.০২৬.১০.১৫৮, তারিখঃ২৪/০৬/২০১৪ নং স্মারকের মাধ্যমে সমপর্ন করা হযেছে।

১২. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

নাম ও পদবী	দায়িত্বের প্রকৃতি	মেয়াদকাল
১	২	৩
মোঃ মিজানুর রহমান, জেলা মৎস্য কর্মকর্তা	পূর্নকালীন	০৮/০৩/২০০১ হতে ২৮/০৪/২০১৪ পর্যন্ত
এস.এম আশিকুর রহমান, সহকারী পরিচালক	পূর্নকালীন	২৮/০৪/২০১৪ হতে ৩০/০৬/২০১৪ পর্যন্ত

১৩। প্রকল্প পরিদর্শনঃ

প্রকল্পটি ১৭/০৯/২০১৫ তারিখে যশোর জেলার বিভিন্ন উপজেলায় আইএমইডি'র সহকারী পরিচালক জনাব দেবোত্তম সান্যাল কর্তৃক সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগন উপস্থিত থেকে পরিদর্শন কাজে সহায়তা করেন।

অভয়নগর উপজেলার নওয়াপাড়া বড় মাছ বাজার এবং সুন্দলী বাজার মৎস্য অবতরণ কেন্দ্র পরিদর্শনকালে সংশ্লিষ্ট বাজার কমিটি ও স্থানীয় জনসাধারনের সাথে মতবিনিময়ে জানা যায়, অবতরণ কেন্দ্র নির্মানের ফলে স্বাস্থ্যসম্মত পরিবেশে এই এলাকার উৎপাদিত মাছ ও চিংড়ির দ্রুত অবতরণ ও বিক্রয় সহজতর হয়েছে এবং চাষীরা তাদের উৎপাদিত মাছ ও চিংড়ির ন্যায্যমূল্য পাচ্ছেন। মৎস্য অবতরণ কেন্দ্রগুলো আয়তনে বড় করে নির্মানের জন্য স্থানীয় জনসাধারন ও মৎস্য ব্যবসায়ীগন অভিমত ব্যক্ত করেন।

প্রকল্পভূক্ত ডুমুরতলা পশ্চিমবিল কমিউনিটি গ্রুপের বিল পরিদর্শন ও সদস্যদের সাথে মতবিনিময়কালে সুফলভোগীগন প্রকল্পের সহায়তায় গ্রুপ গঠন, প্রশিক্ষণ পাওয়ায় এবং পোনা মজুদ করায় তারা মাছ চাষে অধিকতর আগ্রহী হয়েছেন এবং মাছের উৎপাদন বৃদ্ধি পাওয়ায় তারা লাভবান হচ্ছেন বলে জানান। প্রকল্পের সহযোগিতায় প্রদর্শনী খামার স্থাপনের ফলে মাছ চাষের উন্নত কলা কৌশল স্থানীয় মৎস্য চাষীদের মাঝে সম্প্রসারিত হয়েছে। অবকাঠামোগত উন্নয়ন হলে এই বিলসহ এ এলাকার অনান্য বিলেও মাছের উৎপাদন আরো অনেক বৃদ্ধি পাবে মর্মে তাঁরা জানান।

বেদভিটার বিলের বাঁধ কাম মাটির রাস্তা নির্মান কার্যক্রম পরিদর্শনকালে স্থানীয় জনসাধারণ জানান যে, বাঁধ কাম মাটির রাস্তাটি নির্মানের ফলে সংশ্লিষ্ট এলাকায় ১৫০ একর জলায়তন মাছ চাষের আওতায় এসেছে এবং ২০০ জন সুফলভোগী কমিউনিটি গ্রুপ গঠন করে উক্ত জলায়তনে সমাজভিত্তিক মাছ চাষ করছে। বাঁধ কাম মাটির রাস্তাটি নির্মানের ফলে উক্ত এলাকায় মাছের পোনা, খাদ্য এবং অন্যান্য উপকরণ পরিবহন সহজতর হওয়ায় মাছের উৎপাদন বৃদ্ধি, মাছ ও ধান পরিবহনসহ এলাকার ছোট ছোট যানবাহন ও মানুষের চলাচলে উপকার হয়েছে। তবে এ মাটির বাঁধগুলো পরিদর্শনকালে অনেক স্থানেই পানির তোড়ে ভেংগে যেতে দেখা যায়।

চলিশিয়া কমিউনিটি গ্রুপের খাল পূনঃখনন কার্যক্রম পরিদর্শনকালে সুফলভোগীরা জানান যে, খালটি পূনঃখনেন ফলে অতি বর্ষনের সময় চলিশিয়া ও বেদভিটা বিলের পানি অপসারণ এবং শুস্ক মৌসুমে খাতে পানি মজুদ থাকায় দেশীয় প্রজাতির মাছের উৎপাদন বৃদ্ধিসহ পুনঃখননকৃত জলাশয়ে চাষীরা প্রয়োজনীয় মাছের পোনা পরবর্তী বছরের জন্য সংরক্ষণ করতে সক্ষম হচ্ছেন। সুফলভোগীগন এবং স্থানীয় জনসাধারন এ এলাকার চাষকৃত বিলসমূহে মাছের উৎপাদন আরো বৃদ্ধির জন্য অবকাঠামোগত উন্নয়নের দাবী জানান।

প্রকল্পের আওতায় শ্রী নদীর দামুখালি অংশে স্থাপিত মৎস্য অভয়াশ্রম পরিদর্শনকালে স্থানীয় সুফলভোগীগন জানান যে, মৎস্য অভয়াশ্রম স্থাপনের ফলে দেশীয় প্রজাতির মাছের উৎপাদন বৃদ্ধি পেয়েছে এবং বিলুপ্তপ্রায় দেশীয় প্রজাতির মাছের পুনঃআবির্ভাব হয়েছে। সুফলভোগীগন জানান যে, প্রকল্পের বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম গ্রহনের ফলে ভবহদহ অঞ্চলের জনগনের অর্থনৈতিক অবস্থার উন্নয়ন ঘটেছে।

১৪। প্রকল্পের অঙ্গ ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ

১৪.১ প্রকল্পের জনবল নিয়োগঃ

অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পে ৯ জন জনবল এর মধ্যে ৫ জন মৎস্য অধিদপ্তর হতে প্রেষণে এবং ২ জন আউট সোর্সিং নিয়োগসহ মোট ৭ জন কর্মকর্তা/কর্মচারী কর্মরত ছিলেন। তাঁদের বেতন ভাতা বাবদ মোট ব্যয় হয় ৭১.৭৭ লক্ষ টাকা।

১৪.২ মৌলিক প্রশিক্ষণ কার্যক্রমঃ

প্রকল্পের আওতায় যশোর জেলার ৪ টি উপজেলার মৎস্যচাষী ও মৎস্যজীবিদের সমাজভিত্তিক মৎস্য চাষ (যেমন- গ্রুপ গঠন, মূলধন সংগ্রহ, অবকাঠামো উন্নয়ন, মাছের পোনা মজুদ, সার ও খাদ্য প্রয়োগ, মাছ ধরা ও বিক্রয়, লভ্যাংশ ও শেয়ার বন্টন, পরিকল্পনা প্রনয়ণ বিষয়ে জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি ব্যাচে ২৫ জন হিসেবে ৭০ ব্যাচে মোট ১৭৫০ জন সুফলভোগীকে ২ দিন ব্যাপী মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ খাতে ১৩.১০ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

১৪.৩ ফলোআপ প্রশিক্ষণ কার্যক্রমঃ

প্রকল্পের আওতায় মৌলিক প্রশিক্ষণপ্রাপ্ত মৎস্যচাষী ও মৎস্যজীবিদের সমাজভিত্তিক মৎস্য চাষ বিষয়ের উপর প্রতিটি ব্যাচে ২৫ জন হিসাবে মোট ১৮৮ ব্যাচে মোট ৪৭০০ সুফলভোগীকে ১ দিন ব্যাপী ফলোআপ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং এ খাতে ১৬.৯০ লক্ষ টাকা ব্যয় হয়েছে ।

১৪.৪ গ্রুপ মবিলাইজেশন কার্যক্রমঃ

প্রকল্পের আওতায় যশোর জেলার ৪ টি উপজেলার প্রকল্পভূক্ত বিলের তীরবর্তী বা নিকটবর্তী মৎস্যজীবি, মৎস্যচাষী ও সুবিধাবঞ্চিত মানুষের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের জন্য মোট ২০৬০০ জন সুফলভোগীদের নিয়ে ১০৩ টি কমিউনিটি গ্রুপ গঠনপূর্বক তাদের সু-সংগঠিত করা হয়েছে এবং তাঁদের সমাজভিত্তিক মাছ চাষে উদ্বুদ্ধ করা হয়েছে। এ খাতে ২০.৬০ লক্ষ টাকা ব্যয় হয়েছে ।

১৪.৫ মাছের পোনা অবমুক্তি কার্যক্রমঃ

মাছের উৎপাদন বৃদ্ধি এবং প্রকল্পভূক্ত কমিউনিটি গ্রুপের সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের নিমিত্ত ১০৩ টি কমিউনিটি গ্রুপের নির্ধারিত বিলসমূহের ৯৬০০ হেক্টর জলায়তনে প্রকল্প থেকে মোট ২৩৬.৪৯ মেট্রিক টন রুই জাতীয় মাছের পোনা মজুদ করা হয়েছে। এ খাতে ৩২৫.৮৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে। কমিউনিটি গ্রুপের নিজস্ব মূলধন হতেও বিলসমূহে মাছের পোনা মজুদ করা হয়েছে। সমাজভিত্তিক মাছ চাষ কার্যক্রম শুরু করার পূর্বে প্রাকৃতিকভাবে এই সকল বিল হতে হেক্টর প্রতি মাত্র ১৫০ কেজি গড় উৎপাদন পাওয়া যেত। সেখানে চাষ কার্যক্রম শুরুর ফলে প্রকল্পভূক্ত বিলসমূহে হেক্টর প্রতি ১২০০ কেজি গড় উৎপাদন পাওয়া সম্ভব হয়েছে মর্মে জানা যায়।

১৪.৬ কর্মশালা/সেমিনারঃ

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, প্রকল্প এলাকার মাননীয় সংসদ সদস্যগণ, মৎস্য অধিদপ্তরের মহাপরিচালকসহ উর্ধতন কর্মকর্তাবৃন্দ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ, জেলা প্রশাসকসহ বিভিন্ন দপ্তরের সরকারী কর্মকর্তাবৃন্দ, উপজেলা চেয়ারম্যানবৃন্দ, অন্যান্য নির্বাচিত জনপ্রতিনিধি, সাংবাদিকবৃন্দ এবং প্রকল্প এলাকার মৎস্য চাষী/মৎস্যজীবিদের প্রতিনিধিদের নিয়ে পাঁচ অর্থবছরে ৫.৪০ লক্ষ টাকা ব্যয়ে ৫ টি কর্মশালা সম্পন্ন করা হয়েছে।

১৪.৭ চাষী র‍্যালী কার্যক্রমঃ

মৎস্য চাষ প্রযুক্তি সম্প্রসারণ এবং জনসাধারনের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রকল্পের আওতায় অভয়নগর উপজেলায় ৩ টি, মনিরামপুর উপজেলায় ২ টি এবং কেশবপুর উপজেলায় ৩ টি সর্বমোট ৮ টি চাষী র‍্যালী সম্পন্ন করা হয়েছে এবং এ খাতে ২.৪০ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

১৪.৮ মৎস্য অভয়াশ্রম স্থাপনঃ

দেশীয় প্রজাতির ছোট মাছ সংরক্ষণ ও উৎপাদন বৃদ্ধির জন্য যশোহর সদরে বিল হরিনা, অভয়নগরে কালিশাকুল বিল, বিল বালিয়াডাংগা, পুড়াখালী বাওড়, সিদ্দিপাশা খাল, শ্রী নদীর দামুখালি অংশ, মনিরামপুরে বিল বোকড়ের ৩টি স্থান, বিল কপালিয়া, হরিহরনগর বাওড় ও বাগডোর-রোহিতা খাল এবং কেশবপুরে বিল মথুরা, মর্শ্বিনা বাওড় ও কাশিমপুর খাল প্রকল্প এলাকায় ৭.৫০ হেক্টর আয়তনের মোট ১৫ টি মৎস্য অভয়াশ্রম স্থাপন করা হয়েছে এবং এ খাতে ২৯.৯৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে।



চিত্রঃ স্থাপিত মৎস্য অভয়াশ্রম



চিত্রঃ পুনখননকৃত চলিশিয়া খাল

১৪.৯ খাল/বিল/নার্সারী পুকুর পুনঃখননঃ

মাছের উৎপাদন বৃদ্ধি ও সংরক্ষণের জন্য ৭টি স্কীমের আওতায় ৫২৮০৫.২১ ঘন মিটার খাল/বিল/নার্সারী পুকুর পুনঃখনন করা হয়েছে এবং এ খাতে ৫২.৯০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। উক্ত জলাশয়ে সারাবছর পানি থাকায় চাষীরা প্রয়োজনীয় মাছের পোনা পরবর্তী বছরের জন্য সংরক্ষণ করছেন এবং বছরের শুরুতেই মাছের পোনা উৎপাদন করছেন ফলে মাছের উৎপাদন বৃদ্ধি পেয়েছে।

১৪.১০ বাঁধ কাম মাটির রাস্তা নির্মানঃ

প্রকল্প এলাকায় যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন এবং প্রকল্পভূক্ত বিলে উৎপাদিত মাছ ও ধান পরিবহনের সুবিধা বৃদ্ধির জন্য ১০টি স্কীমের আওতায় ১৩৮৩৭৮.৩৮ ঘনমিটার বাঁধ কাম মাটির রাস্তা নির্মান করা হয়েছে এবং এ খাতে ১৩১.৩৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে।



চিত্রঃ বাঁধ-কাম মাটির রাস্তা



চিত্রঃ ক্ষতিগ্রস্থ বাঁধ-কাম মাটির রাস্তা

১৪.১১ বাঁশের পাটা স্থাপনঃ

মাছের উৎপাদন বৃদ্ধির জন্য প্রকল্পভূক্ত কমিউনিটি গ্রুপের নির্ধারিত বিলে মজুদকৃত মাছের বহিঃগমন রোধে ৫০ টি বাঁশের পাটা স্থাপন করা হয়েছে যার জন্য ব্যয় হয়েছে ৩০.০০ লক্ষ টাকা।




চিত্রঃ মাছের বহিঃগমন রোধে নির্মিত বাঁশের পাটা (ফাইল ফটো)

১৪.১২ মৎস্য অবতরণ কেন্দ্র নির্মানঃ

প্রকল্প এলাকার উৎপাদিত এবং আহরণকৃত মাছ ও চিংড়ি স্বাস্থ্যসম্মত পরিবেশে দ্রুত অবতরণ ও বিক্রয় সহজতর করার লক্ষ্যে অভয়নগরের সুন্দলী বাজারে, মনিরামপুরের হাজীরহাট বাজারে, কেশবপুরের কাটাখালী বাজারে এবং অভয়নগরের নওয়াপাড়া বড় মাছ বাজারে ৪ টি মৎস্য অবতরণ কেন্দ্র নির্মান করা হয়েছে যার জন্য ব্যয় হয়েছে ৫৭.০৫৯ লক্ষ টাকা। এর ফলে স্বাস্থ্যকর পরিবেশে আহরনকৃত মাছ ও চিংড়ির দ্রুত অবতরণ ও বিক্রয় সহজতর হয়েছে।




চিত্রঃ অভয়নগর উপজেলার নওয়াপাড়া বড় মাছ বাজার এবং সুন্দলী মাছ বাজার মৎস্য অবতরণ কেন্দ্র

১৪.১৩ প্রদর্শনী খামার স্থাপনঃ

মৎস্য চাষ বিষয়ক উন্নত প্রযুক্তি ও কলাকৌশল মৎস্যচাষীদের হস্তান্তরের জন্য প্রকল্পের আওতায় ৭.৫০ হেক্টর আয়তনের ১৫ টি কার্প মিশ্রচাষ, ৭.৫০ হেক্টর আয়তনের ১৫ টি চিংড়ি চাষ প্রদর্শনী, ৯.৫০ হেক্টর আয়তনের ১৯ টি সমন্বিত মৎস্য চাষ প্রদর্শনী, ১২ হেক্টর আয়তনের ২৪ টি কার্প নার্সারী প্রদর্শনীসহ সর্বমোট ৩৬.৫ হেক্টর আয়তনের ৭৩ টি প্রদর্শনী খামার স্থাপন করা হয়েছে এবং

এ খাতে ৬৫.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। মৎস্য চাষের উন্নত প্রযুক্তি ও কলা কৌশল স্থানীয় চাষীদের মাঝে হস্তান্তর করায় প্রায় ৩০০ জন চাষী উপকৃত হয়েছে। প্রদর্শনী খামার সমূহের পাড়ে কলা, বেগুন, পেঁপে, লাউ, পুঁইশাক ও অন্যান্য সবজি উৎপাদন হওয়ায় চাষীরা আর্থিকভাবে লাভবান হয়েছেন মর্মে কৃষকগণ জানান।

১৫। ক্রয় কার্যক্রম সংক্রান্তঃ

প্রকল্পের আওতায় ২.০০ লক্ষ টাকা ব্যয় প্রতি উপজেলায় ২টি করে মোট ৮টি পানি পরীক্ষাকরণ যন্ত্র, প্রকল্প অফিসের জন্য ১ লক্ষ টাকা ব্যয়ে একটি এক্সেসরিসসহ কম্পিউটার, ১.৫০ লক্ষ টাকা একটি ফটোকপিয়ার, ২.০০ লক্ষ টাকা আসবাবপত্র, ০.৫০ লক্ষ টাকা ব্যয়ে ফ্যাক্স মেশিন, ০.১৪ লক্ষ টাকা ব্যয়ে ৪টি জাল ক্রয়, এবং ৩০.০০ লক্ষ টাকা ব্যয়ে ৪টি বাঁশের পাটা স্থাপন করা হয়েছে। বাঁধ-মাটির রাস্তা নির্মাণ, বিলনার্সারি স্থাপন, জলাশয় পুনঃখনন এর কাজ LCS (Landless Contracting Society) এর মাধ্যমে করা হয়েছে।

১৬। **এক্সটার্নাল অডিট সংক্রান্তঃ**

প্রকল্পটির এক্সটার্নাল অডিট সম্পন্ন হয়েছে এবং এক্সটার্নাল অডিটে উত্থাপিত আপত্তিসমূহের বিষয়ে ব্রডসিটে জবাব দেয়া হয়েছে, তবে তা এখনো নিষ্পত্তি হয়নি।

১৭। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত	উদ্দেশ্য অর্জন
(ক) ভবদহ অঞ্চলের বিল/জলাশয় মাছের উৎপাদন বৃদ্ধি এবং দরিদ্র মৎস্যজীবিদের আয় বৃদ্ধি করা;	(ক) খাল বিল ও নার্সারি পুকুর পুনঃখননের মাধ্যম পোনা অবমুক্তি এবং বিভিন্ন প্রদর্শনী বাস্তবায়নের মাধ্যমে মাছের উৎপাদন পূর্বের তুলনায় বৃদ্ধি পেয়েছে ফলে দরিদ্র মৎস্যজীবিদের আয়ও বৃদ্ধি হয়েছে;
(খ) জীবিকার নিরাপত্তার জন্য জলজ সম্পদের উপর নির্ভরশীল মৎস্যজীবি সম্প্রদায়ের অধিকার নিশ্চিত করার লক্ষ্যে মৎস্যজীবি গ্রুপ প্রতিষ্ঠাপূর্বক এদের উদ্বুদ্ধকরণ ও শক্তিশালীকরণ;	(খ) জীবিকার নিরাপত্তার জন্য ভবদহ এলাকায় জলজ সম্পদের উপর নির্ভরশীল মৎস্যজীবি সম্প্রদায়ের অধিকতর নিশ্চিত করার লক্ষ্যে ১০৩টি সমাজ ভিত্তিক সংগঠণ (CBO) গঠন করে তাঁদের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;
(গ) প্রকল্প এলাকার নারীদের মৎস্যচাষ কার্যক্রমে সম্পৃক্ত করে তাদের অবস্থার উন্নয়ন;	(গ) প্রকল্প এলাকার নারীদের মৎসচাষ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে তারা মাছের খাদ্য প্রদান, জালবোনা ইত্যাদি কাজে সম্পৃক্ত থেকে অবস্থার উন্নয়নে সচেষ্ট হয়েছেন;
(ঘ) মাছের উৎপাদন বৃদ্ধি ও বাজারজাত করণের সুবিধার্থে অবকাঠামোগত উন্নয়ন করা এবং	(ঘ) আহরণকৃত মাছ ও চিংড়িং স্বাস্থ্যকর পরিবেশে আহরণ ও বিক্রয় সহজ করার লক্ষ্যে ৪টি মৎস্য অবতরণ কেন্দ্র এবং মাছ ও ধান পরিবহনের সুবিধার জন্য ১৩৮৩৭৮.৩৮ ঘনমিটার বাঁধকাম মাটির রাস্তা নির্মাণ করা হয়েছে; এবং
(ঙ) দেশীয় প্রজাতির ছোট মাছের আবাসস্থল পুনরুদ্ধারের মাধ্যমে সংরক্ষণে সহায়তা করা।	(ঙ) মৎস্য অভয়শ্রম স্থাপন, বাঁশের পাটা স্থাপন এ সকল উদ্যোগ গ্রহণের মাধ্যমে দেশীয় প্রজাতির ছোট মাছের উৎপাদন বৃদ্ধি পেয়েছে এবং কিছু বিলুপ্তপ্রায় মাছের পুনরাবির্ভাব ঘটেছে।

১৮। **উদ্দেশ্য অর্জিত না হয়ে থাকলে তার কারণঃ** উদ্দেশ্য অর্জিত হয়েছে।

১৯। **বাস্তবায়ন সমস্যাঃ**

১৯.১ পরিদর্শনকালে দেখা যায় যে, বিলের মধ্যে নির্মিতব্য বাঁধ-কাম মাটির রাস্তাগুলো অনেক উপকারে আসলেও এর অনেকস্থানে পানির তোড়ে ক্ষতিগ্রস্থ হয়েছে;

১৯.২। আলোচ্য প্রকল্পের এক্সটার্নাল অডিটে উত্থাপিত আপত্তি সমূহের বিষয়ে ব্রডসিটে জবাব প্রদান করা হলেও তা এখনো নিস্পত্তি হয়নি;

১৯.৩। মৎস্য অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্প হতে জেলা ও উপজেলা অফিস সমূহে আসবাবপত্র, যন্ত্রপাতি ও যানবাহন সরবরাহ করা হয়। ফলে একই এলাকার জন্য গৃহীত বিভিন্ন প্রকল্পে ক্রয়কার্যক্রমে দ্বৈততা ঘটার সম্ভবনা থাকে। ইনভেনটরি ব্যবস্থাপনা ছাড়া এগুলোর যথাযথ হিসাব সংরক্ষণ ও সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করা সম্ভব নয়, পরিদর্শনকালে আলোচ্য প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতি ওআসবাবপত্রে ইনভেনটরি মার্কিং দেখা যায়নি; এবং

১৯.৪। মৎস্য অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্প হতে মৎস্য জীবিদের প্রশিক্ষণ ও মাছ চাষ এবং মাছ ধরার উপকরণ বিতরণ করা হয়। কিন্তু এ বিষয়ে কোন ডাটা বেইজ না থাকায় মৎস্য জীবিদের সকলের জন্য সমান সুযোগ নিশ্চিত করা সম্ভব হয় না। আলোচ্য প্রকল্পের আওতায় প্রশিক্ষণ, অভিজ্ঞতা বিনিময় সফর এবং বিভিন্ন উপকরণ বিতরণ হলেও কোন ডাটাবেইজ তৈরির সংস্থান না থাকায় উপকার ভোগীদের এ সকল তথ্য সংরক্ষণ করা সম্ভব হয়নি।

২০। **সুপারিশঃ**

২০.১। ক্ষতিগ্রস্থ বাঁধ-কাম মাটির রাস্তাগুলো মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য উপজেলা/ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা যেতে পারে;

২০.২। এক্সটার্নাল অডিটে উত্থাপিত আপত্তি সমূহ নিস্পত্তি করে এ বিভাগকে অবহিত করতে হবে;

২০.৩। বিভিন্ন প্রকল্পের ক্রয়কার্যক্রমে দ্বৈততা পরিহার, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং ক্রয়কৃত সামগ্রির সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে যথাযথ ইনভেনটরি ব্যবস্থাপনা ও ইনভেনটরি মার্কিং এর উদ্যেগ গ্রহণ করতে হবে;

২০.৪। সারা দেশে মৎস্য অধিদপ্তরের আওতায় প্রকৃত জেলেদের নিবন্ধনের কার্যক্রম চলমান আছে। এর পাশাপাশি বিভিন্ন প্রকল্পের আওতায় বাস্তবানাধীন কার্যক্রমে প্রকল্পভুক্ত এলাকার প্রকৃত মৎস্য জীবিদের সমান সুযোগ নিশ্চিত করার লক্ষ্যে একটি ডাটা বেইজ প্রণয়ন করার বিষয়টি মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় গুরুত্বসহকারে বিবেচনা করতে পারে। এছাড়া, প্রশিক্ষণ গ্রহণকারীদের ফলো-আপের জন্য Participant List-এ মোবাইল ও জাতীয় পরিচয়পত্রের নম্বর অন্তর্ভূক্ত করা যেতে পারে; এবং

২০.৫। অনুচ্ছেদ ২০.১ থেকে ২০.৪ এ বর্ণিত বিষয়ে ব্যবস্থা গ্রহণ করে গৃহীত ব্যবস্থাবলী আগামী ৩(তিন) মাসের মধ্যে আইএমইডি-কে অবহিত করতে হবে।

পরিশিষ্ট-ক

প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	কাজের বিবরন	১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		বাস্তবায়ন অগ্রগতি	
		আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত
রাজস্ব ব্যয়ঃ					
১	কর্মকর্তাদের বেতন	২৫.৬২	৫ জন	২৪.৭২	৪ জন
২	কর্মচারীদের বেতন	১৭.৫০	৪ জন	১৪.৬১	৩ জন
৩	ভাতাদি	৩৪.৩৬	৯ জন	৩২.৪৪	৭ জন
৪	ভ্রমন ভাতা	১৮.০০	গুচ্ছ	১৮.০০	গুচ্ছ
৫	জ্বালানী	১২.০০	গুচ্ছ	১২.০০	গুচ্ছ
৬	মৌলিক প্রশিক্ষণ	১৩.১০	৭০ ব্যাচ	১৩.১০	৭০ ব্যাচ
৭	ফলোআপ ট্রেনিং	১৬.৯০	১৮৮ ব্যাচ	১৬.৯০	১৮৮ ব্যাচ
৮	ওয়ার্কসপ/সেমিনার	৫.৪০	৫ টি	৫.৪০	৫ টি
৯	চাষী র‍্যালী	২.৪০	৮ টি	২.৪০	৮ টি
১০	গ্রুপ মবিলাইজেশন	২০.৬০	১০৩ গ্রুপ	২০.৬০	১০৩ গ্রুপ
১১	আনুষাংগিক ব্যয়	২৫.৭২	গুচ্ছ	২৫.৬৬	গুচ্ছ
১২	মনিটরিং, মধ্যবর্তী মূল্যায়ন, কমিটি মিটিং	৩.৫০	গুচ্ছ	৩.০২	গুচ্ছ
১৩	পোনা অবমুক্তি	৩২৫.৮৬	২৩৬.৪৯ মে.টন	৩২৫.৮৬	২৩৬.৪৯ মে.টন
১৪	মিশ্রচাষ প্রদর্শনী	১৫.০০	৭.৫ হেক্টর	১৫.০০	৭.৫ হেক্টর
১৫	চিংড়ি চাষ প্রদর্শনী	১৫.০০	৭.৫ হেক্টর	১৫.০০	৭.৫ হেক্টর
১৬	মৎস্য অভয়াশ্রম	৩০.০০	৭.৫ হেক্টর	২৯.৯৫	৭.৫ হেক্টর
১৭	সমন্বিত মৎস্য চাষ প্রদর্শনী	১৫.০০	৯.৫ হেক্টর	১৫.০০	৯.৫ হেক্টর
১৮	কার্প নার্সারী প্রদর্শনী	২০.০০	১২ হেক্টর	২০.০০	১২ হেক্টর
১৯	মেরামত ও সংরক্ষণ	৭.০০	গুচ্ছ	৬.৭৩	গুচ্ছ
		৬২২.৯৬	**-**	**৬১৬.৬০**	-
মূলধন ব্যয়ঃ					
২০	পানি পরীক্ষাকরণ কিট	২.০০	৮ টি	২.০০	৮ টি
২১	কম্পিউটার সামগ্রী	১.০০	১ টি	১.০০	১ টি
২২	ফটোকপিয়ার	১.৫০	১ টি	১.৫০	১ টি
২৩	আসবাবপত্র	২.০০	গুচ্ছ	২.০০	গুচ্ছ
২৪	ফ্যাক্স	০.৫০	১ টি	০.৫০	১ টি
২৫	বাঁধ কাম-মাটির রাস্তা	১৬৩.৮৪	১৬৬৩৮৭.৫৬ ঘনমি	১৩১.৩৪	১৩৮৩৭৮.৩৮ ঘনমিটার
২৬	পুনঃখনন	৮৫.০০	৭৭০৭৮.৩১ ঘনমি	৫২.৯০	৫২৮০৫.২১ ঘনমিটার
২৭	বাঁশের পাটাবাঁধ	৩০.০০	৫০ টি	৩০.০০	৫০ টি
২৮	জাল	০.১৪	৪ টি	০.১৪	০৪ টি
২৯	মৎস্য অবতরণ কেন্দ্র	৫৭.০৫৯	৪ টি	৫৭.০৫৯	০৪ টি
	উপমোট (খ) =	**৩৪৩.০৪**	**-**	**২৭৮.৪৪**	**-**
	সর্বমোট (ক+খ) =	**৯৬৬.০০**	**-**	**৮৯৫.৩৪**	**-**